তৎক্রমাদ্‌যামপান্ জ্ঞাত্বা ততঃ সূত্রং সমুন্নয়েৎ।
পঞ্চযামিকপক্ষীশং জ্ঞাত্বা সূত্রঞ্চ কল্পয়েৎ॥
নাম্নঃ প্রশ্নস্য বাথ প্রথমলিপিবশাৎ পক্ষিণং কল্পয়িত্বা
তস্যেদানীন্তু ভুক্ত্যাদ্যনুভবমখিলং বুদ্ধিযুক্ত্যাবিচার্য্যম্।
বাচ্যং তত্তৎ ফলানাং গুণমগুণমথো মিশ্রিতং কার্য্যজাতেঃ
সত্ত্বে কালে স্থিতির্ব্বা রজসি তমসি বা সংস্থিতেত্যাদি সূক্ষ্মম্॥

ষষ্টি দণ্ডাত্মক দিবা রাত্রিকে দুই ভাগ করিয়া ৩০ ত্রিশদণ্ড দিবা ও ৩০ ত্রিশ দণ্ড রাত্রি কল্পনা করিবে। তৎপরে রাত্রি এবং দিবসের ৩০ ত্রিশ দণ্ডকে ছয় ছয় দণ্ড করিয়া পাঁচটি যামার্দ্ধ কল্পনা করিবে। দিনমান ও রাত্রিমানের হ্রাস বৃদ্ধি নিয়ম পরিত্যাগ পূর্ব্বক দিনমান ও রাত্রিমান দুই সমান অংশ করিয়া তাহাকে পাঁচ ভাগ করিয়া দিবসে উক্ত পঞ্চ যামার্দ্ধে পাঁচটি সূত্র এবং রাত্রিতে পঞ্চ যামার্দ্ধে পাঁচটি সূত্র নিয়োজিত করিবে। সূত্রে যে সকল স্বরবর্ণ আছে, তাহার দ্বারা ক্রমশঃ ভুক্তি ক্রমে পক্ষী নিরূপণ করিবে। যে বারে প্রশ্ন হইবে, সেই বারের দিন এবং রাত্রির অধিপতি যে পক্ষী, তাহা নিশ্চয় করিয়া দিনকৃত প্রশ্নে দিনাধিপতি পক্ষীকে, রাত্রিকৃত প্রশ্নে রাত্রির অধিপতি পক্ষীকে সেই দিবসের পক্ষীশ্বর বলিয়া গ্রহণ করিবে এবং সেই পক্ষী হইতে যথাক্রমে গণনা করিয়া পূর্ব্বোক্ত পঞ্চ পক্ষীকে পাঁচ যামের অধিপতি কল্পনা করিবে। তৎপরে সেই পক্ষী অবধি পাঁচটি সূত্র সমুন্নয়নে সযত্ন হইয়া পাঁচ যামের অধিপতি পাঁচটি পক্ষী নিশ্চয় করিয়া সূত্র কল্পনা করিবে। নামের কিম্বা প্রশ্নের প্রথমবর্ণে যে অক্ষর হইবে, সেই বর্ণে যে পক্ষী উক্ত হইয়াছে, সেই পক্ষী কল্পনা করিয়া পক্ষীদিগের ভোজনাদি যে সমস্ত অবস্থা উক্ত হইয়াছে, তাহার মধ্যে তৎসময়ে সেই পক্ষী কোন্ অবস্থা প্রাপ্ত এবং কোন্ দিগবস্থিত তত্তৎসমুদায় বুদ্ধি যোগে বিচার করিয়া কার্য্যসমূহের গুণ দোষ ( সিদ্ধ অসিদ্ধ) এবং মিশ্রিতাদি ফল কহিবে। ঐ সময়ে পক্ষিগণ সত্ত্ব রজ এবং তম এই তিন গুণের মধ্যে কোন্ গুণাবলম্বী, তাহাও বিবেচনা করিয়া [illegible]ম ফল কহিবে।

### পক্ষিগণ ৩০ ত্রিশদণ্ড মধ্যে যে যে ভাব প্রাপ্ত হয় তাহার নিরূপণ।

দিন এবং রাত্রির প্রত্যেক ছয় দণ্ডে পঞ্চ পক্ষী কিরূপে ভোজনাদি পাঁচটি অবস্থা প্রাপ্ত হয়, তাহা প্রকটিত হইতেছে। যথা শুক্লপক্ষীয় রবিবার দিবসে শ্যেনপক্ষী সূর্য্যোদয় সমকালে উদিত হইয়া ৬ ছয় দণ্ড বেলা পর্য্যন্ত ভোজনাবস্থায় থাকে। তৎপরে ৬ ছয় দণ্ড গমনাবস্থায়, ঐ বারো দণ্ডের পর আর ছয় দণ্ড রাজ্যাবস্থায়, ঐ ১৮ আঠার দণ্ডের পর আর ছয় দণ্ড নিদ্রাবস্থায়, ঐ ২৪ চব্বিশ দণ্ডের পর হইতে ৩০ ত্রিশ দণ্ড পর্য্যন্ত ছয় দণ্ড মরণাবস্থায় থাকে। শ্যেন পক্ষী যখন ভোজনাবস্থায় থাকে, পিঙ্গল পক্ষী তখন গমনাবস্থা, কাক তখন রাজ্যাবস্থা, কুক্কুট তখন নিদ্রাবস্থা এবং ময়ূর তখন মরণাবস্থা ভোগ করে। এইরূপ যে যে বারে যে যে পক্ষী অধিপতি, সেই সেই পক্ষী সেই সেই বারে উদয় হইয়া ভোজনাবস্থা প্রাপ্ত হয়। আর অন্য চারিটি পক্ষী অন্য চারিটি অবস্থা উপভোগ করে। ইহার দৃষ্টান্ত নিম্নে প্রদর্শিত হইতেছে।

শুক্লপক্ষ দিবস।

| অবস্থা | রবিমঙ্গল | শনিবার | শুক্রবার | বৃহস্পতি | সোমবুধবার |
|---|---|---|---|---|---|
| | ৬ দণ্ড | ১২ দণ্ড | ১৮দণ্ড | ২৪ দণ্ড | ৩০দণ্ড |
| ভোজন | শ্যেন | ময়ূর | কুক্কুট | কাক | পিঙ্গল |
| গমন | পিঙ্গল | শ্যেন | ময়ূর | কুক্কুট | কাক |
| রাজ্য | কাক | পিঙ্গল | শ্যেন | ময়ূর | কুক্কুট |
| নিদ্রা | কুক্কুট | কাক | পিঙ্গল | শ্যেন | ময়ূর |
| মরণ | ময়ূর | কুক্কুট | কাক | পিঙ্গল | শ্যেন |

শুক্লপক্ষ রাত্রি।

| অবস্থা | রবিমঙ্গল | সোমবুধ | বৃহস্পতি | শনি | শুক্রবার |
|---|---|---|---|---|---|
| | ৬ দণ্ড | ১২ দণ্ড | ১৮ দণ্ড | ২৪ দণ্ড | ৩০ দণ্ড |
| ভোজন | কাক | কুক্কুট | ময়ূর | শ্যেন | পিঙ্গল |
| গমন | পিঙ্গল | কাক | কুক্কুট | ময়ূর | শ্যেন |
| রাজ্য | শ্যেন | পিঙ্গল | কাক | কুক্কুট | ময়ূর |
| নিদ্রা | ময়ূর | শ্যেন | পিঙ্গল | কাক | কুক্কুট |
| মরণ | কুক্কুট | ময়ূর | শ্যেন | পিঙ্গল | কাক |


কৃষ্ণপক্ষ দিবসে।

| অবস্থা | রবিমঙ্গল | শুক্র | বুধ | সোমশনি | বৃহস্পতি |
|---|---|---|---|---|---|
| | ৬ দণ্ড | ১২ দণ্ড | ১৮ দণ্ড | ২৪ দণ্ড | ৩০ দণ্ড |
| ভোজন | কুক্কুট | শ্যেন | কাক | ময়ূর | পিঙ্গল |
| মরণ | শ্যেন | কাক | ময়ূর | পিঙ্গল | কুক্কুট |
| নিদ্রা | কাক | ময়ূর | পিঙ্গল | কুক্কুট | শ্যেন |
| রাজ্য | ময়ূর | পিঙ্গল | কুক্কুট | শ্যেন | কাক |
| গমন | পিঙ্গল | কুক্কুট | শ্যেন | কাক | ময়ূর |

কৃষ্ণরাত্রি।


| অবস্থা | রবিমঙ্গল | সোমশনি | বুধবার | শুক্রবার | গুরুবার |
|---|---|---|---|---|---|
| | ৬ দণ্ড | ১২ দণ্ড | ১৮ দণ্ড | ২৪ দণ্ড | ৩০ দণ্ড |
| ভোজন | শ্যেন | কুক্কুট | পিঙ্গল | ময়ূর | কাক |
| মরণ | কুক্কুট | পিঙ্গল | ময়ূর | কাক | শ্যেন |
| নিদ্রা | পিঙ্গল | ময়ূর | কাক | শ্যেন | কুক্কুট |
| রাজ্য | ময়ূর | কাক | শ্যেন | কুক্কুট | পিঙ্গল |
| গমন | কাক | শ্যেন | কুক্কুট | পিঙ্গল | ময়ূর |

এই পক্ষগণের আবার অন্তর্ভুক্তি আছে। ত্রিশ দণ্ডের মধ্যে প্রত্যেক পক্ষী যেমন স্থূল রূপে ছয় দণ্ড করিয়া ভোগ করে, সেইরূপ প্রত্যেক ছয় দণ্ডের মধ্যেও ঐ পঞ্চ পক্ষীর অন্তর্ভুক্তি হইয়া থাকে, নিম্ন লিখিত চক্র দেখ।





শুক্ল দিনে।

নং ২





শুক্ল দিনে।

নং ৩



শুক্ল দিনে।


নং ৪




৭


শুক্ল দিনে।

নং ৫





শুক্ল রাত্রৌ।

নং ১





শুক্ল রাত্রৌ।

নং ২




শুক্ল রাত্রৌ।

নং ৩





শুক্ল রাত্রৌ।

নং ৫





শুক্ল রাত্রৌ।

নং ৪




কৃষ্ণ দিনে।

নং ১




কৃষ্ণ দিনে।

নং ২





কৃষ্ণ দিনে।

নং ৩





কৃষ্ণ দিনে।

নং ৪





কৃষ্ণ দিনে।

নং ৫




কৃষ্ণরাত্রৌ।

নং ১





কৃষ্ণ রাত্রৌ।

নং ২





কৃষ্ণ রাত্রৌ।

নং ৩





কৃষ্ণে রাত্রৌ।

নং ৪



কৃষ্ণরাত্রৌ
নং ৫




রাজ্যং সুভিক্ষমক্ষোভ্যং নষ্টয়ুষ্ট সদা জয়ঃ।
রোগমুক্তির্মহালাভঃ পক্ষিণাং ভুক্তিলক্ষণম্ ॥ ১

পক্ষিগণ যখন ভোজনাবস্থায় থাকে, তখন প্রশ্ন হইলে প্রশ্নকর্ত্তার মহালাভ হইয়া থাকে। বিশেষত তাহার রাজ্যপ্রাপ্তি, সুভিক্ষ অর্থাৎ অনায়াসে ধনাদির আগম, অক্ষুব্ধহৃদয়তা, হৃতদ্রব্যপ্রাপ্তি, সর্ব্বদা জয় ও রোগ হইতে মুক্তিলাভ হয়। ১

অনর্ঘমতিবৃষ্টিশ্চাপ্যদৃষ্টধনসঞ্চয়ঃ।
দূরাদাগমনং প্রোক্তং প্রয়াণে পক্ষিণাম্মতম্ ॥ ২

কোন পক্ষীর গমন সময়ে প্রশ্ন হইলে অনর্ঘ অর্থাৎ অনায়াসে দ্রব্য প্রাপ্তি অতিবৃষ্টি, অলক্ষিতরূপে ধনসঞ্চয় এবং দূর হইতে আগমন, এই সমুদায় ফল হইয়া থাকে। ২

চিরায়াতো জয়ঃ সৌখ্যমক্ষোভ্যং রোগনাশনম্।
অভীতিমল্লবৃষ্টিশ্চ সংমার্গ্যং রাজ্যলক্ষণম্ ॥৩

কোন পক্ষীর রাজ্যাবস্থায় প্রশ্ন হইলে প্রশ্ন কর্ত্তার স্বজনের পরলাভ জয় সুখভোগ ক্ষোভশূন্যতা রোগনাশ অভয় ও অল্পবৃষ্টি হইয়া থাকে। ৩

যাত্রাহানিরনাবৃষ্টিঃ কার্য্যহানিরদর্শনম্।
আধিশ্চ দীর্ঘরোগশ্চ পক্ষিণাং স্বপ্নলক্ষণম্ ॥ ৪

কোন পক্ষীর নিদ্রাবস্থার প্রশ্ন হইলে, প্রশ্নকর্ত্তার যাত্রার হানি, অনাবৃষ্টি কার্য্যহানি অদর্শন মানসিক পীড়া ও দীর্ঘকাল শারীরিক পীড়া হইয়া থাকে। ৪

সর্ব্বকার্য্যবিনাশশ্চ সর্ব্বসৌখ্যমৃতিপ্রদং।
মরণং পঞ্চখেটানাং ফলান্যেতানি তাদৃশি ॥ ৫

কোন পক্ষীর মরণাবস্থায় প্রশ্ন হইলে সমুদায় কার্য্যনাশ সমুদায় সুখনাশ ও মৃত্যু হইয়া থাকে। ৫

অথ পক্ষিগণানাঞ্চ স্থিতিচক্রং প্রদর্শ্যতে।
চক্রং পঞ্চারমালিখ্য তস্যাগ্রে চ খগস্থিতিঃ ॥ ৬
অধিপাঃ পূর্ব্বভোক্তারো দিবারাত্রৌ চ পক্ষিণঃ।
চক্রস্থৈঃ পরিবর্ত্তৈস্তু ভুজ্যতে ভোজনাদিকম্ ॥ ৭
ভোক্তা গচ্ছতি গন্তাবৈ পাতি পানং স্বপিত্যথ।
সুপ্তো মৃতিমবাপ্নোতি মৃতো ভোক্তাস্ত্যযামকঃ ॥৮

এক্ষণে পক্ষিগণের স্থিতিচক্র প্রদর্শিত হইতেছে। পঞ্চ শলাকাবিশিষ্ট একটী চক্র অঙ্কিত করিয়া তাহার অগ্রে পক্ষিগণের বিন্যাস করিবে। যে দিবস বা যে রাত্রিতে যে পক্ষী অধিপতি হইবে, সেই পক্ষীই তখন প্রথমত ভোজন অবস্থায় থাকিবে। পরে প্রত্যেক ছয় দণ্ড অন্তর ঐ চক্র এক এক অংশ পরিবর্ত্তিত করিলে পর্য্যায় ক্রমে প্রত্যেক পক্ষীর ভোজন প্রভৃতি অবস্থা ঘটিবে। প্রত্যেক পক্ষীই ভোজন অবস্থায় থাকিলে ভোজন করেন গমন অবস্থায় থাকিলে গমন করে, রাজ্য অবস্থায় থাকিলে রাজ্যপালন করে, নিদ্রাবস্থার থাকিলে নিদ্রা যায়, মরণ অবস্থায় থাকিলে মৃত্যু হয়। যে পক্ষী মৃত্যু অবস্থায় থাকে, সেই পক্ষী আবার তৎপরবর্ত্তীযামে ভোজন অবস্থা ভোগ করে। পক্ষিগণের অবস্থানুসারে গণক প্রশ্ন কর্ত্তাকে তদনুরূপ ফল বলিয়া দিবে। ৮

মিত্রং ময়ূরঃ শ্যেনস্য পিঙ্গলঃ শত্রুসংজ্ঞকঃ।
কুক্কুটস্য তু সুহৃচ্ছ্যেনো ময়ূরোঽরুণশেখরী ॥
কাকস্য শত্রবো নিত্যং পিঙ্গলশ্যেনকুক্কুটাঃ।
কুক্কুটস্য রিপূ স্যাতাং সদা পিঙ্গলবায়সৌ ॥
নীলকণ্ঠস্য সুহৃদৌ সদা পিঙ্গলবায়সৌ ॥ ১০

শ্যেন পক্ষীর ময়ূর মিত্র ও পিঙ্গল শত্রু। পিঙ্গল পক্ষীর শ্যেন ময়ূর ও কুক্কুট মিত্র। পিঙ্গল শ্যেন কুক্কুট,

ইহারা কাকের শত্রু। পিঙ্গল ও কাক ইহারা কুক্কুটের শত্রু এবং ময়ূরের সুহৃৎ। ১০

কাকো বলিষ্ঠঃ সর্ব্বেভ্যস্তস্মাচ্ছেনো হি দুর্ব্বলঃ।
কুক্কুটো দুর্ব্বলস্তাভ্যাং পিঙ্গলস্তেভ্য উনিতঃ।
নীলকণ্ঠস্তু সর্ব্বেষাং দুর্ব্বলো ভবতি ধ্রুবং॥ ১১

কাক সর্ব্বাপেক্ষা বলবান্। কাক অপেক্ষা শ্যেন দুর্ব্বল। কাক ও শ্যেন অপেক্ষা কুক্কুট দুর্ব্বল। কাক শ্যেন ও কুক্কুট অপেক্ষা পিঙ্গল দুর্ব্বল। ময়ূর সর্ব্বাপেক্ষা দুর্ব্বল। ১১

শ্যেনকাকৌ তু পুরুষৌ স্ত্রিয়ৌ পিঙ্গলকুক্কুটৌ।
নপুংসকস্তু বিজ্ঞেয়ো ময়ূরোঽপি চ ধীমতা॥ ১২

শ্যেন ও কাক পুরুষ। পিঙ্গল ও কুক্কুট স্ত্রীজাতি, ময়ূর নপুংসক জাতি। ১২

ভূতো ময়ূরঃ কুজশ্চ কুক্কুটো বর্ত্তমানকঃ।
ভবিষ্যো বায়সশ্যেনঃ কালভেদ ইতীরিতঃ॥ ১৩

ময়ূর ও পিঙ্গল অতীতকাল, কুক্কুট বর্ত্তমানকাল, কাক ও শ্যেন ভবিষ্যৎকাল। এইরূপে কালত্রয়ভেদ নির্ণীত হইয়াছে। ১৩

চতুষ্পাৎ পিঙ্গলো জ্ঞেয়ো দ্বিপাদৌ শ্যেনবায়সৌ।
তাম্রচূড়স্তথা শৃঙ্গী শিখণ্ডী পক্ষিজীবকঃ॥ ১৪

পিঙ্গল চতুষ্পাদ, শ্যেন ও বায়স দ্বিপাদ, কুক্কুট শৃঙ্গাযুক্ত জীব, ময়ূর পক্ষিজাত। ১৪

শ্যেনশ্চাপত্যচিন্তা চ পিঙ্গলো লব্ধিচিন্তকঃ।
বায়সঃ সৌখ্যচিন্তা চ চঞ্চলী তাম্রশেখরঃ।
নীলকণ্ঠো জ্ঞানচিন্তা পক্ষানাং পঞ্চচিন্তনম্॥ ১৫

শ্যেনে পুত্রচিন্তা, পিঙ্গলে লাভচিন্তা, কাকে সুখচিন্তা, কুক্কুটে গমনাগমন চিন্তা ময়ূরে জ্ঞান চিন্তা। এই পঞ্চপক্ষি দ্বারা পঞ্চচিন্তা নিরূপণ করিবে। ১৫

শ্যেনকুজৌ মূলতরু জীবো ধাতুশ্চ বায়সঃ।
কুক্কুটো জীবমূলং তু জীবজীবঃ শিখণ্ডাক॥ ১৬

শ্যেন দ্বারা মুল, পিঙ্গল দ্বারা বৃক্ষ, কাক দ্বারা জীব ও ধাতু, কুক্কুট দ্বারা জীবাশ্রিত মুল, ময়ূর দ্বারা জীবাশ্রিত জীব নিরূপিত হইবে। ১৬

শ্যেনো দিনমুহূর্ত্তশ্চ পিঙ্গলঃ পক্ষমেব চ।
বায়সো মাসসংখ্যা চ তাম্রচূড়োঽয়নং তথা।
নীলকণ্ঠোঽব্দসংখ্যা চ কালভেদ ইতি ক্রমাৎ॥ ১৭

শ্যেন দ্বারা এক দিন বা মুহূর্ত্ত, পিঙ্গল দ্বারা এক পক্ষ, কাক দ্বারা এক মাস, কুক্কুট দ্বারা ছয় মাস, ময়ূর দ্বারা এক বৎসর, এইরূপে কালভেদ নিরূপিত হইবে। ১৭

কুজবায়সসর্পাশাঃ কুক্কুটশ্যেনকুজকাঃ।
শ্যেনশ্চেতি ক্রমাৎ পক্ষে শুক্লে বারমৃতাঃ খগাঃ॥ ১৮

শুক্লপক্ষে, রবিবারে পিঙ্গলের মরণাবস্থা, সোমবারে কাকের মরণাবস্থা মঙ্গলবারে ময়ূরের মরণাবস্থা, বুধবারে কুক্কুটের মরণাবস্থা, বৃহস্পতি বারে শ্যেনের মরণাবস্থা, শুক্রবারে পিঙ্গলেরমরণাবস্থা, শনিবারে শ্যেনের মরণাবস্থা হইয়া থাকে। ১৮

কৃষ্ণে কাকশ্চকোরাখ্যঃ শ্যেনো বর্হী চ কুক্কুটঃ।
বর্হী চ কুক্কুটশ্চেতি রব্যাদি মৃতপক্ষিণঃ॥ ১৯

কৃষ্ণপক্ষে রবিবারে কাকের মরণাবস্থা, সোমবারে পিঙ্গলের মরণাবস্থা, মঙ্গলবারে শ্যেনের মরণাবস্থা, বুধবারে ময়ূরের মরণাবস্থা, বৃহস্পতিবারে কুক্কুটের মরণাবস্থা, শুক্রবারে ময়ূরের মরণাবস্থা, শনিবারে কুক্কুটের মরণাবস্থা ঘটিয়া থাকে। ১৯

যন্নামবর্ণপো নষ্টোদিনে যস্মিন্ খগেশ্বরঃ।
তদ্দিনং তস্য বর্জ্জ্যং স্যাৎ সর্ব্বকার্য্যেষু সর্ব্বদা॥ ২০

যাহার নামের আদিম বর্ণে যে পক্ষী হয়, সেই পক্ষির যে দিবস মৃত্যুবার হইবে, সেই দিবস কোন কার্য্য করিবে না। ২০

ঊর্দ্ধদৃষ্টির্ভবেজ্জীবস্ত্বধোদৃষ্টিস্তু মূলকম্।
ধাতুশ্চ সমদৃষ্টীনাং দূতচে ষ্টিতলক্ষণম্॥ ২১

প্রশ্নকর্ত্তা প্রশ্নকালে ঊর্দ্ধে দৃষ্টিক্ষেপ করিলে জীবচিন্তা নিম্নে দৃষ্টিক্ষেপ করিলে মুলচিন্তা মধ্যস্থলে দৃষ্টিপাত করিলে ধাতুচিন্তা স্থির করিবে। ২১

চতুরস্রৌ রবিভৌমাবাযতবৃত্তঃ গুরুর্বুধস্ত্র্যস্রঃ।
ইন্দুর্মণ্ডলগাত্রো দৈত্যাচার্য্যোঽর্দ্ধ ভূবৃতঃ॥ ২২

রবি ও মঙ্গল দ্বারা চতুষ্কোণ, বৃহস্পপতি দ্বারা দীর্ঘাকার ও গোল, বুধ দ্বারা ত্রিকোণ, চন্দ্র দ্বারা মণ্ডলাকার গোল, শুক্র দ্বারা অর্দ্ধগোলাকার নিরূপিত হইবে।

শনিশ্চাত্রাঙ্গঃ শুক্লেপক্ষে প্রাদক্ষিণ্যে ন ভোজনাদ্যেষু।
অপ্রাদক্ষিণ্যেনাপ্যপরে ভুক্ত্যাদিকে যথা সমানঃ। ২৩।

পক্ষিগণ শুক্লপক্ষে চক্রের দক্ষিণাবর্ত্তে ভোজনাদি অবস্থা ভোগ করে, এবং কৃষ্ণপক্ষে বামাবর্ত্তে ভোজনাদি অবস্থা ক্রমে প্রাপ্ত হয়। ২৩।

ভুক্তৌভুক্তিঃ পুরতোগমনে গমনঞ্চ রাজ্যকং রাজ্যে।
স্বপ্নেস্বপিস্তম্বস্মৃতিরপি মরণে যথাক্রমং ॥ ২৪ ॥

পক্ষিগণ ভোজনাবস্থায় থাকিলে ভোজন, গমনাবস্থায় গমন, রাজ্যাবস্থায় রাজ্য, নিদ্রাবস্থায় নিদ্রা, মরণাবস্থায় মরণ এই সকল যথাক্রমে হইয়া থাকে। ২৪।

ভুক্তিঃসার্দ্ধঘটির্জ্ঞেয়া গতিঃ পাদযুতাঘটিঃ।
রাজ্যেদ্বেঘটিকেজ্ঞেয়ে স্বাপে পাদোনিকাঘটিঃ।
ঘট্যর্দ্ধং মরণেজ্ঞেয়ং যামেঽন্তর্ভুক্তিলক্ষণং ॥ ২৫ ॥

পক্ষিরা প্রতিদিবসেই উদয়াবধি ৬ দণ্ড করিয়া ভোজনাদি পঞ্চ অবস্থা ভোগ করে। এবং ঐ প্রত্যেক ছয় দণ্ডের মধ্যে পক্ষিগণ পুনরায় ভোজনাদি পঞ্চ অবস্থা প্রাপ্ত হইয়া থাকে; তাহার নাম অন্তর্ভুক্তি। এই অন্তর্ভুক্তি ভোগের নিয়ম এই; প্রথম ১ দণ্ড ৩০ পল ভোজনাবস্থা, তৎপর ১ দণ্ড ১৫ পল গমনাবস্থা, ২ দণ্ড রাজ্যাবস্থা, ৪৫ পল নিদ্রাবস্থা, ৩০ পল মরণাবস্থা। এই সমুদায়ে ৬ দণ্ড হয়। ২৫।

শ্যেনাদিখগতাজ্জেয়া নন্দাভদ্রাজয়াদিকাঃ ॥ ২৬ ॥

শ্যেনাদি পাঁচটী পক্ষীতে নন্দাদি পাঁচ তিথি ব্যবহৃত হইয়া থাকে। যথা শ্যেনপক্ষীতে নন্দা অর্থাৎ প্রতিপদ, ষষ্ঠী, একাদশী। পিঙ্গল পক্ষীতে ভদ্রা অর্থাৎ। দ্বিতীয়া, সপ্তমী ও দ্বাদশী। কাক পক্ষীতে জয়া অর্থাৎ তৃতীয়া, অষ্টমী ও ত্রয়োদশী। কুক্কুট পক্ষীতে রিক্তা অর্থাৎ চতুর্থী, নবমী ও চতুর্দ্দশী। ময়ূর পক্ষীতে পূর্ণা অর্থাৎ পঞ্চমী, দশমী ও পূর্ণিমা পরিগৃহীত হইবে ॥ ২৬॥

৫ ৬ ৬ ৫ ৫
অশ্বিন্যাদিকভেশাশ্চ শতভে শশনৈর্ম্মিতাঃ ॥ ২৭ ॥

এই রূপে অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্র গ্রহণ করিবে। শ্যেনপক্ষীতে অশ্বিনী, ভরণী, কৃত্তিকা, রোহিণী ও মৃগশিরা পিঙ্গল পক্ষীতে আর্দ্রা, পুনর্ব্বসু, পুষ্যা, অশ্লেষা, মঘা, ও পূর্ব্বফল্গুনী। কাকপক্ষীতে উত্তরফল্গুনী, হস্তা, চিত্রা, স্বাতী, বিশাখা, ও অনুরাধা। কুক্কুটপক্ষীতে জ্যেষ্ঠা, মূলা, পূর্ব্বাষাঢ়া উত্তরাষাঢ়া ও শ্রবণা, এবং ময়ূরপক্ষীতে ধনিষ্ঠা, শতভিষা পূর্ব্বভাদ্র, উত্তরভাদ্র ও রেবতী নক্ষত্র জানিবে। ২৭।

গুলিকস্থিতিরাশেশ্চ স্থিতিভাবো হ্যনর্থদঃ।
তেন দৃষ্টোপি ভাবোযঃ সোঽপি কষ্টফলপ্রদঃ ॥ ২৮ ॥

গুলিক অর্থাৎ মঙ্গলের সপ্তম যে রাশি ঐ রাশিতে শুক্র অবস্থিত হইয়া ভাব গণনায় শুভকর হইলেও অনিষ্ট ফল প্রদান করে। এবং ঐ শুক্র যে ভাবের উপর দৃষ্টি করিবে তাহারও অনিষ্ট ফল হইবে। ২৮।

লগ্নং বা লগ্নপোবাপি দৃষ্টৌচেদ্‌গুলিকেনবা।
অষ্টমেশেন বা দৃষ্টৌচেৎ ক্ষুদ্র মিতিকথ্যতে ॥ ২৯ ।

মঙ্গলের সপ্তমস্থিত শুক্র যদি লগ্ন বা লগ্নাধিপতির প্রতি দৃষ্টি করে অথবা লগ্ন ও লগ্নাধিপতি যদি অষ্টমাধিপতি কর্ত্তৃক দৃষ্ট হন তাহা হইলে ক্ষুদ্রকর্ম্ম অর্থাৎ জাদু ইত্যাদি জানা যাইবে। ২৯।

মান্দিস্থিতেপদে যেবা রাশাবোজাংশকেঽপিবা।
পুরুষপ্রেতকৃত্যংস্যা দন্যথা স্ত্রীকৃতং ভবেৎ ॥ ৩০ ॥

মান্দি অর্থাৎ শনির সপ্তম রাশির ওজ অংশে চন্দ্র প্রশ্নকালে অবস্থিত হইলে পুরুষের প্রেতকার্য্য ও যুগ্ম অংশে থাকিলে স্ত্রীর প্রেতকার্য্য বুঝাইবে। ৩০।

চরেস্থিতো যদা মান্দিঃকার্য্যং দূরগমীরিতং।
স্থিরস্থিতো যদা মান্দিঃ কার্য্যমগ্রগতং বদেৎ।
দ্বন্দগো যদি মান্দিঃস্যাম্মধ্যগং কম্পমীরিতং।
এবং মান্দ্য ফলং জ্ঞেয়ং প্রশ্নকালবশাৎকিল ॥ ৩১ ॥

প্রশ্নকালে ঐরূপ শনির সপ্তম চন্দ্র যদি চররাশিস্থিত হন্ তাহা হইলে কার্য্যের বহু বিলম্ব বুঝায়, আর ঐ মান্দি যদি স্থির রাশিতে থাকে, তবে কার্য্য শীঘ্র হইবে এবং দ্ব্যাত্মক রাশিতে স্থিত হইলে কার্য্যের অর্দ্ধ সম্পন্ন জানা যায়। এই রূপে প্রশ্নকালানুসারে মান্দিফল নির্ণয় করিয়া প্রশ্নের শুভাশুভ জানিতে পারিবে ॥ ৩১ ॥

প্রশ্নশাস্ত্রমিদং প্রোক্তং সমাসেন তপোধনাঃ।
গ্রহরাশিস্বভাবানাং জ্ঞাপনং পক্ষিসংজ্ঞয়া ॥ ৩২ ॥
এতৎশাস্ত্রং নাস্তিকায় শঠায়ানৃজবে তথা।
——————নবক্তব্যং কদাচন ॥ ৩৩ ॥

এই রূপে সংক্ষেপে প্রশ্নশাস্ত্র কথিত হইল। এই প্রশ্ন শাস্ত্র পক্ষী উল্লেখ করিয়া বলা হইল কিন্তু উক্ত পক্ষীগণ বাস্তবিক পক্ষী নহে উহারা সকলই গ্রহ ও রাশিদিগের স্বভাবাদি অনুসারে ঐরূপ নাম কল্পিত হইয়াছে। এই প্রশ্নশাস্ত্র নাস্তিক, শঠ, ও বঞ্চক ইহাদিগের নিকট প্রকাশ করিবে না॥ ৩২ ॥ ৩৩ ॥

কাদয়ষ্টাদয়ো জ্ঞাত্তাঃ পাদ্যাঃ পঞ্চপ্রকীর্ত্তিতাঃ।
যাদয়োঽষ্টৌ সমাখ্যাতা গণকৈবুদ্ধিমত্তমৈঃ ॥ ৩৪ ॥

ইতি পারিজাতে চতুর্থোঽধ্যায়ঃ।

এই প্রশ্নগণনায় কবর্গ হইতে তবর্গপর্য্যন্ত প্রত্যেক অক্ষরে ১০ দশ অঙ্ক গ্রহণ করিবে। পবর্গের প্রত্যেক বর্ণে ৫ পাঁচ, যবর্গে অর্থাৎ য র ল ব শ ষ স হ এই সকল অক্ষরের প্রত্যেক বর্ণে ৮ আট অঙ্ক ধরিবে। এইস্থলে বুদ্ধিমান গণক প্রশ্নের অবস্থা অনুসারে উক্ত অঙ্ক সকলের বিশেষ নির্ণয় করিবেন অর্থাৎ দশের স্থলে দশ, হাজার, দশ হাজার, পাঁচের স্থলে ৫ পাঁচ ২৫ পঁচিশ ৫০ পঞ্চাশ, আটেরস্থলে ৮ আট ৮০ আশী ইত্যাদি স্থির করিবে ॥৩৫॥

ইতি শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় সঙ্কলিত প্রকাশিত কলিত জ্যোতিষে পারিজাত পঞ্চ পক্ষী গণনং সমাপ্তং।

---


যাঁহারা পঞ্চপক্ষী গণনা শিক্ষা করিবেন তাঁহারা তাৎকালিক চন্দ্র গণনা অভ্যাস করিলে এই গণনায় বিশেষ ব্যুৎপত্তি লাভ করিতে পারিবেন অতএব নিম্নে তাৎকালিক চন্দ্রগণনা চক্রাদিসহ নরপতি জয়চর্য্যা স্বরোদয় হইতে উদ্ধৃত করিয়া প্রকটিত হইল।

অথ তাৎকালিক চন্দ্রকথনং।

অথাতঃ সংপ্রবক্ষ্যামি তৎকালেন্দুপরিস্ফুটং। যেন বিজ্ঞায়তে সর্ব্বং ত্রৈলোক্যং সচরাচরং। লাভালাভং সুখং দুঃখং জীবিতং মরণং তথা। জয়ঃ পরাজয়ঃ সন্ধির্গমাগম বিনিশ্চয়ঃ।
লুকং চিন্তা তথা মুষ্টিং রাজাবস্থাদিকৌতুকং। এতৎ
তথা চান্যৎ জায়তেঽত্র শুভাশুভং। অশ্বিন্যাদীন্দুভুক্তানি
ষষ্টি ৬০ হতানিচ। স্বভুক্তং নাড়িকাযুক্তং দ্বিঘ্নং নন্দ হৃতা
দিনেন্দোর্ভুক্ত ভাগাদি জায়তে চেষ্টকালিকঃ। উদ
নাড্যস্ত ষড়্‌গুণা স্তত্র যোজয়েৎ। ত্রিংশদ্ভাগাপ্তরা
শ্চন্দ্র স্তৎকালসম্ভবঃ। চন্দ্রবৎ সর্ব্বখেটাংস্তু কুর্য্যাত্তৎ
সম্ভবান্। তৎকাল রাশি নক্ষত্রে দ্রেক্কাণেচ নবাংশকে।
পরিস্ফুটং চন্দ্রং ততোঽবস্থাং নিরীক্ষয়েৎ। প্রবাসঃ ১ সুহৃ
মৃত্যু ৩ র্জয়ো ৪ হাস্য ৫ জ্বরো ৬ রতিঃ ৭। নষ্টতা ৮ শূন্য
ক্রীড়া ১০ সুপ্তি ১১ ভুক্তিশ্চ ১২ মেষতঃ॥ যথাবস্থা
রাশৌ তথাধিষ্ট নবাংশয়োঃ। আদিপঞ্চ নবাবস্থা দ্রেক্কা
স্বরাশিতঃ। এতাশ্চ দ্বাদশাবস্থা শশাঙ্কস্য দিনে দিনে।
শুভেষু কার্য্যেষু ফলং নামানুসারতঃ। যথোত্তর বলাবস্থা
দ্রেক্কাণ সম্ভবাঃ। তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন অংশাবস্থাং নি
ক্ষয়েৎ। নবাংশকা অমীভব্যা ধনুঃ কর্কি তুলা ঝবাঃ।
সিংহোদ্ভবা মধ্যাঃ শেষাঃ স্যু মৃত্যুদায়কাঃ। স্বক্ষেত্র স্বাংশ
চস্থঃ শুভদৃষ্টোঽথবা যুতঃ। শুভমধ্যগতশ্চন্দ্রঃ সর্ব্বকা
শোভনঃ। শত্রুক্ষেত্রাংশ নীচস্থঃ ক্রূরযুক্তোঽথ বীক্ষি
ক্রূরমধ্যগত শ্চন্দ্রো মৃত্যুহানিকরঃপরঃ। লগ্নাম্বু সপ্তবো
ভবেৎ পাপযুতো বিধুঃ। আত্মপীড়া সুহৃৎপীড়া ত্রি
বর্ত্তিতাঃ ক্রমাৎ। আত্মনো বন্ধুবর্গস্য জায়ায়াঃ কর্ম্মণঃ ক্রম
বিনাশো জায়তে শীঘ্রং তদ্বিদা কর্ম্মকারিণঃ। এবং শুভ
শ্চন্দ্রো যদা ভবতি কেন্দ্রগঃ। আত্ম বন্ধু কলত্রাণাং কর্ম
তদা শুভং। ষষ্ঠাষ্টান্ত্যাগতাঃ সৌম্যাঃ পাপাঃ কেন্দ্রান্ত্যবিত্ত
চন্দ্রাৎ প্রযত্নতস্ত্যজ্যা অন্যত্রৈব সুশোভনাঃ। চররাশ্যা
চন্দ্রে যাত্রা ভবতি নিশ্চিতা। স্থিরেষু তদ্ভবেন্নৈব স্থির
বিলম্বিতাঃ। নবাংশক ক্রমেণৈব জ্ঞেয়া অক্ষরগাগ্রহাঃ।
শ্চন্দ্রাক্ষরং বিদ্ধং রজ্জুবেধে নিরীক্ষিতে। রাশি দ্রেক্কাণধিষ্ণ্য
যস্য যস্যাক্ষরে স্থিতিঃ। তস্য তস্য ফলং বক্ষ্যে শশিনো
বেধতঃ। রাশিতোঽত্রদিশো জ্ঞেয়া নক্ষত্রাৎ স্থাননির্ণয়ঃ।
পাত্তক্ষরা জ্ঞেয় দ্রব্যনাম নবাংশকে। গ্রহদৃষ্টিবশাদ্বর্ণঃ স
ভুক্তি প্রমাণতঃ। অক্ষরাৎ কালনির্দ্দেশো নামরজ্জু প্রব
জীবস্য শশিক্রিজ্জীবং ধাতুং পাতাকিভূসুতৈঃ। মূল
শুক্রাভ্যাং মিশ্রে মিশ্রং বিনির্দ্দিশেৎ। ইতিদৃষ্টে গ্রহৈশ্চ
ভবেৎ কার্য্যস্য নির্ণয়ঃ। বলাধিক্যেন নির্দ্দেশঃকর্ত্তব্যা মিশ্রি
গ্রহৈঃ। সজীবং জীবচন্দ্রাভ্যাং নির্জ্জীবং বুধবীক্ষিতে। ধা

...ম্যাং ক্রমাদ্বেধা ধাতুং পাতার্কি ভূসুতৈঃ। মূলমাদিত্য ...ক্রাভ্যাং শুক্রাজকং ক্রমেণ তু। মিশ্রৈ মিশ্রং ভবেদ্দ্রব্যং তৎ- ...কালেন্দৌ নিরীক্ষিতে। দ্বিপদং স্ত্রীতুলাযুগ্মে কুম্ভেচাপে ...লোজ্ঝিতঃ। বহুজ্জিং মীনকর্কালৌ শেষে চন্দ্রে চতুষ্পদং। ...তুর্দ্ধা দ্বিপদাজ্ঞেয়া দেবানৃপক্ষিরাক্ষসাঃ। এবং মেষাদিগে ...ন্দ্রে জ্ঞাতব্যা শ্চাত্র মিশ্রয়ে। চতুষ্পদাশ্চতুর্দ্ধাচ দন্তী শৃঙ্গী নখী ...রী। মেষাদি রাশিগেচন্দ্রে জ্ঞাতব্যাশ্চাত্রমিশ্রয়ে। অপদানেক ...পাদাশ্চ দ্বিধাহল জলোদ্ভবাঃ। তেচ রাশিস্বভাবেন জ্ঞাতব্যা ...ত্রগঃ শশী। হেমং তারং তথা তাম্রং বঙ্গং পিত্তল লৌহকং। ...নাগং কাংশ্যং তথাপ্যস্থি জ্ঞেয়ং নবাংশকক্রমাৎ। গুল্মং বল্লী ...তা কন্দং মেষাদ্যৈকৈক সংস্থিতে। পত্রং পুষ্পং ফলং মূলং ত্বচং ...ত্রিংশাংশকে বুধৈঃ। জাতি বিপ্রাদিকাবস্থা অন্ত্যজা স্তস্করাঃক্রমাৎ ...ন্দ্রে সূর্য্যাদি গেহস্থে চিন্তিতঃ পুরুষোপিবা। সূর্য্যাদি বেশ্মগে চন্দ্রে কুষ্ঠং লাঞ্ছন লাহকং। মসকং তিলকং স্ফোটং ঘাতং চৌরস্য নির্দ্দিশেৎ। গৌরোহতিগৌরঃ শ্যামশ্চ কৃষ্ণৌ মর্কটস- ন্নিভঃ। চন্দ্রে ত্রিংশাংশকে বর্ণো মানবানাং বিলোমতঃ। গ্রহ- দৃষ্টিযুতে বর্ণাস্তে চ বর্ণাঃ পুরোদিতাঃ। জ্ঞাতব্যাঃ সর্ব্ববস্তূনাং নষ্টৈবা চিন্তিতে পিবা। বালকং, তরুণং, বৃদ্ধং, দ্রেক্কাণৈঃ ক্রমতো বদেৎ। মিত্রাদিক্ষেত্রগে চন্দ্রে চিন্তা মিত্রাদিকাজনাঃ। উর্দ্ধ- অর্দ্ধর্ক্ষগে চন্দ্রে উর্দ্ধং মধ্যঞ্চ তির্য্যগে। অধোমুখে স্বধঃস্থঞ্চ নষ্ট- চিন্তাং বিনির্দ্দিশেৎ। রাশৌ ঋক্ষেচ দ্রেক্কাণে তথাচৈব নবাং- শকে। একৈকস্য ফলং বক্ষ্যে রজ্জুবেধস্থিতে বিধৌ। দ্বাদশারং লিখেচ্চক্রং মেষাদ্যাঃ সৃষ্টিমার্গগাঃ। অকারাদি স্বরাদেয়া রাশি বেধা ভবন্ত্যমী। প্রথমে নবমে বেধো দ্বিতীয়ে সপ্তমে তথা। তৃতীয়ে পঞ্চমে রাশৌ দ্রেক্কাণে চ নবাংশকে। ঋক্ষাক্ষর চতুষ্কঞ্চ চতুষ্কঞ্চ পুনঃ পুনঃ। সপ্তবিংশতি ধিষ্টানাং বেধোহয় মুরজাকৃতিঃ।

## সর্পাকার বেধযুক্ত তাৎকালিক চন্দ্রচক্র।



তৎকালিক চন্দ্রের দ্বারা গণনা। এই চক্রে মেষাদি দ্বাদশ রাশির দ্বাদশ গৃহ অঙ্কিত আছে। অ-কারে মেষ রাশি, ই-কারে বৃষ রাশি ইত্যাদি। বর্ণরূপে নয় পাদ নক্ষত্রে এক এক রাশি লিখিত হইয়াছে, যথা ক অবধি ঝ পর্য্যন্ত নয়পাদ ইত্যাদি। ক অশ্বিনী নক্ষত্রের এক পাদ। ক খ গ ঘ অশ্বিনী নক্ষত্রের চারি পাদ ইত্যাদি। অ-কারে ঙ-কারকে বেধ করিয়াছে ইত্যাদি। ত্রিশ অংশে এক রাশি। দশ অংশে এক দ্রেক্কাণ ইত্যাদি।

...বর্গাদি চবর্গাণাং নবাক্ষর যথানিচ। এতৎ সর্ব্বং লিখেচ্চক্রে ...ত্বস্তাৎ ক্রমশস্তথা॥ দ্রেক্কাণে বেধ বক্ষ্যামি ষট্‌ত্রিংশন্মাতৃকা- ...ক্ষরৈঃ॥ ৩৬॥ চন্দ্রবেধেন বিজ্ঞেয়ং চৌরনামস্ফুটো ভবেৎ। ক্রূর- ...কগতে চন্দ্রে বিদ্যা চৌরস্য সম্ভবং। অবেধে সৌম্যবেধে চ ...নষ্টং চৌরবিবর্জ্জিতং। যৎ সংখ্যাঃ খেচরাঃ ক্রূরাশ্চন্দ্র বেধে ব্যব- ...স্থিতাঃ। তৎসংখ্যা তস্করা জ্ঞেয়াঃ সহায়াশ্চান্তরাক্ষরৈঃ। রূপং দ্রেক্কাণরূপেণ তস্করস্য প্রজায়তে। ক্রমাৎ দ্রেক্কাণ তো জ্ঞেয়ং কৃশং মধ্যং বলাধিকং। পংক্তিযুক্তান্ লিখেদ্বর্ণান্ সংখ্যাষ্টোত্তরং শতং। সর্পাকারোংশ বেধোহয়ং তেন নামানি সাধয়েৎ। উদয়াস্তময়ে দ্রব্যং চৌরনাম রসাতলে। দশমে ধনিকস্যাপি এবং নামত্রয়ং ভবেৎ। বর্গাংশকাদি ভূমান মর্দ্ধহস্তো নিব- র্ত্তনং। অর্দ্ধক্রোশং তথাক্রোশং দ্বিক্রোশং যোজনাদিকং।

দণ্ডাহঃ পঞ্চমাসর্ত্তু যন্মাসাব্দং যুগাদিকং। বর্গক্ষর গতেচন্দ্রে বর্ণশ্চৈকান্তরক্রমাৎ। যদুক্তং যামলে চন্দ্রে জ্ঞানং তৎকালচন্দ্রতঃ। এতৎ সর্ব্বং ময়াখ্যাতং অবশ্যাদি পরিস্ফুটং। যেন বিজ্ঞানমাত্রেণ সত্যতাং যাতিভূতলে। তৎকালচন্দ্রজং জ্ঞানমাজ্ঞানি জনহেতবে। ইতি নরপতিজয়চর্য্যায়াস্বরোদয়ে তৎকালচন্দ্রঃ চক্রম্॥

## তাৎকালিক চন্দ্র।

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ক ৷ | খ ৷৷ | গ ৸ | ঘ ১ | ঙ ১৷ | চ ১৷৷ | ছ ১৸ | জ ২ | ঝ ২৷ |
| ঞ ২৷৷ | ট ২৸ | ঠ ৩ | ড ৩৷ | ঢ ৩৷৷ | ণ ৩৸ | ত ৪ | থ ৪৷ | দ ৪৷৷ |
| ধ ৪৸ | ন ৫ | প ৫৷ | ফ ৫৷৷ | ব ৫৸ | ভ ৬ | ম ৬৷ | য ৬৷৷ | র ৬৸ |
| ল ৭ | ব ৭৷ | শ ৭৷৷ | ষ ৭৸ | স ৮ | হ ৮৷ | ক্ষ ৮৷৷ | ক ৮৸ | খ ৯ |
| গ ৯৷ | ঘ ৯৷৷ | ঙ ৯৸ | চ ১০ | ছ ১০৷ | জ ১০৷৷ | ঝ ১০৸ | ঞ ১১ | ট ১১৷ |
| ঠ ১১৷৷ | ড ১১৸ | ঢ ১২ | ণ ১২৷ | ত ১২৷৷ | থ ১২৸ | দ ১৩ | ধ ১৩৷ | ন ১৩৷৷ |
| প ১৩৸ | ফ ১৪ | ব ১৪৷ | ভ ১৪৷৷ | ম ১৪৸ | য ১৫ | র ১৫৷ | ল ১৫৷৷ | ব ১৫৸ |
| শ ১৬ | ষ ১৬৷ | স ১৬৷৷ | হ ১৬৸ | ক্ষ ১৭ | ক ১৭৷ | খ ১৭৷৷ | গ ১৭৷৷৷ | ঘ ১৮ |
| ঙ ১৮৷ | চ ১৮৷৷ | ছ ১৮৷৷৷ | জ ১৯ | ঝ ১৯৷ | ঞ ১৯৷৷ | ট ১৯৷৷৷ | ঠ ২০ | ড ২০৷ |
| ঢ ২০৷৷ | ণ ২০৷৷৷ | ত ২১ | থ ২১৷ | দ ২১৷৷ | ধ ২১৷৷৷ | ন ২২ | প ২২৷ | ফ ২২৷৷ |
| ব ২২৷৷৷ | ভ ২৩ | ম ২৩৷ | য ২৩৷৷ | র ২৩৷৷৷ | ল ২৪ | ব ২৪৷ | শ ২৪৷৷ | ষ ২৪৷৷৷ |
| স ২৫ | হ ২৫৷ | ক্ষ ২৫৷৷ | ক ২৫৷৷৷ | খ ২৬ | গ ২৬৷ | ঘ ২৬৷৷ | ঙ ২৬৷৷৷ | চ ২৭ |

ইতি শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় সঙ্কলিত ও প্রকাশিত ফলিত জ্যোতিষে পারিজাত পঞ্চপক্ষী ও তাৎকালিক চন্দ্র সমাপ্তঃ।

# শিবোক্ত পঞ্চপক্ষী।

শ্রীশ্রীশিবোক্ত পঞ্চ পক্ষির বিশদার্থ।

| অ | ই | উ | এ | ও |
|---|---|---|---|---|
|  |  |  |  |  |
| শ্যেন | পিঙ্গল | কাক | কুক্কুট | ময়ূর |
| ল, পৃথ্বী, গন্ধ<br>শ্বর, গুরু। | কুমার, আপ, রস,<br>পবন, শুক্র। | তরুণ, তেজ, রূপ,<br>ইন্দ্র, কুজ। | বৃদ্ধ, বায়ু, স্পর্শ,<br>আকাশ, বুধ। | মৃত্যু, আকাশ, শব্দ,<br>সদাশিব, শনি। |
| ক ছ ড ধ ভ ব<br>ষ, সিংহ, বৃশ্চিক,<br>বি মঙ্গল।<br>া, প্রতিপদ ষষ্ঠী,<br>কাদশী,<br>রেবতী, ১ অশ্বিনী,<br>ভরণী, ৩ কৃত্তিকা<br>রোহিণী, ৫ মৃগশিরা।<br>আদ্রা। | ই খ জ ঢ ন ম শ<br>কন্যা মিথুন কর্কট,<br>সোম বুধ,<br>ভদ্রা দ্বিতীয়া সপ্তম<br>দ্বাদশী।<br>৭ পুনর্ব্বসু ৮টী পুষ্যা ৯<br>অশ্লেষা ১০ মঘা ১১<br>পূর্ব্ব ফল গুনী। | উ গ ঋ ত প য ষ<br>ধনুঃ মীন বৃহস্পতি।<br>জয়া তৃতীয়া অষ্টমী<br>ত্রয়োদশী।<br>১২ উত্তরফল্ গুনী<br>১৩ হস্তা ১৪ চিত্রা ১৫<br>স্বাতি ১৬ বিশাখা। | এ ঘ ট থ ফ র স<br>তুলা বৃষ<br>শুক্র।<br>রিক্তা চতুর্থী নবমী<br>চতুর্দ্দশী।<br>১৭ অনুরাধা ১৮ জ্যেষ্ঠা<br>১৯ মূলা২০ পূর্ব্বাষাঢ়া<br>২১ উত্তরাষাঢ়া। | ও চ ঠ দ ব ল হ<br>মকর কুম্ভ শনি।<br>পূর্ণা পঞ্চমী দশমী<br>পৌর্ণমাসী অমাবস্যা।<br>২২ শ্রবণা ২৩ ধনিষ্ঠা ২৪<br>শতভিষা ২৫ পূর্ব্বভাদ্রপদ<br>২৬ উত্তরভাদ্রপদ২৭রেবতী |
| ভবিষ্যৎ কাল।<br>চিন্তা<br>দ, পুরুষ, দ্বিজ<br>রণ্যবর্ণ<br>কাপেক্ষা দুর্ব্বল<br>ময়ূর।<br>, কাক, কুক্কুট<br>শ্য ধন<br>তলে, নিজগৃহে<br>স্থানে, স্ব গ্রামে<br>ক্রোশ পূর্ব্ব। মুখ,<br>দিক | ভূতকাল<br>জীবচিন্তা, চতুষ্পদ, স্ত্রী<br>দ্বিজ, শুক্লবর্ণ<br>শ্যেন কাক হইতে দুর্ব্বল<br>মিত্র শ্যেন<br>সুহৃৎ ময়ূর ও কুক্কুট<br>শত্রু কাক ও কুক্কুট<br>কণ্ঠ, বাহু,<br>জলকাদামধ্যে<br>স্বগ্রামে<br>দশ হস্তদূরে<br>দক্ষিণ দিকে | ভবিষ্যৎকাল<br>ধাতুচিন্তা, দ্বিপদ, পুরুষ,<br>ক্ষত্রিয়, রক্তবর্ণ,<br>সর্ব্বাপেক্ষা বলবান্<br>মিত্র ময়ূর,<br>শত্রুপিঙ্গল<br>শ্যেন, কুক্কুট<br>বক্ষঃস্থল<br>তৃণসংযুক্ত<br>বন্ধুর,<br>আত্মীয় নিকট<br>দুই ক্রোশ পশ্চিম দিকে | বর্ত্তমানকাল<br>মূলজীব, নখী শৃঙ্গী<br>চিত্রবিচিত্রবর্ণ<br>পুরুষ ও স্ত্রী<br>উভয়, শূদ্র, বণিক<br>কাক ও শ্যেন হইতে দুর্ব্বল<br>সুহৃদ ময়ূর ও পিঙ্গল<br>শত্রু শ্যেন ও কাক। পৃষ্ঠ<br>কুক্ষিভাগ, ভস্মাবৃত<br>পরদেশে এক ক্রোশ<br>মধ্যে<br>উত্তর দিক্ | ভূতকাল<br>মূলধাতু, পক্ষিজীবিক<br>নপুংসক অন্ত্যজ শ্যামল<br>সর্ব্বাপেক্ষা দুর্ব্বল<br>মিত্রপিঙ্গল,<br>শত্রুশ্যেন ও কাক<br>পাদযুগ, উর্দ্ধস্থানে<br>শ্যেন, শিখী, গ্রহমধ্যে<br>বন্ধুস্থলে পরগ্রাম<br>ক্রোশার্দ্ধ, উর্দ্ধ অধঃ এবং<br>কোণাদি। |

### শুক্ল পক্ষে।

বাল পৃথ্বী ঈশ্বর গন্ধ গুরু। মেষ সিংহ বৃশ্চিক রবি মঙ্গল। নন্দা (প্রতিপদ ষষ্ঠী একাদশী।) ২৭ রেবতি ১ অশ্বিনী, ২ ভরণী ৩ কৃত্তিকা ৪ রোহিণী ৫ মৃশিগরা ৬ আর্দ্রা শুক্লপক্ষে উপরি উক্ত বার প্রভৃতির অধিপতি শ্যেন।

### কৃষ্ণ পক্ষে।

ঐ সকল বার তিথি প্রভৃতির অধিপতি শ্যেন।

---

### শুক্ল পক্ষে।

কুমার আপ পবন রস শুক্র। কন্যা মিথুন কর্কট। সোম বুধ। ভদ্রা (দ্বিতীয়া সপ্তমী দ্বাদশী।) ৭ পুনর্ব্বসু ৮পুষ্যা ৯ অশ্লেষা ১০ মঘা ১১ পূর্ব্বফল্গুণী। শুক্ল পক্ষে উপরি উক্তবার ইত্যাদির অধিপতি পিঙ্গল।

### কৃষ্ণ পক্ষে।

কৃষ্ণপক্ষে উপরিউক্ত তিথি নক্ষত্রাদির অধিপতি কুক্কুট।

---

### শুক্ল পক্ষে।

তরুণ তেজ ইন্দ্র রূপ কুজ। ধনু মীন। বৃহস্পতি। জয়া (তৃতীয়া অষ্টমী ত্রয়োদশী।) ১২ উত্তরফল্গুণী ১৩ হস্তা ১৪চিত্রা ১৫ স্বাতিঃ ১৬ বিশাখা। শুক্ল পক্ষে এই সকলের অধিপতি কাক।

### কৃষ্ণ পক্ষে।

কৃষ্ণ পক্ষে ঐ ঐ বার তিথি নক্ষত্র ইত্যাদির অধিপতি পিঙ্গল।

---

### শুক্ল পক্ষে।

বৃদ্ধ বায়ু আকাশ স্পর্শ বুধ। তুলা বৃষ, শুক্র। রিক্তা (চতুর্থী নবমী চতুর্দ্দশী।) ১৭ অনুরাধা ১৮ জ্যেষ্ঠা ১৯ মূলা ২০ পূর্ব্বাষাঢ়া ২১ উত্তরাষাঢ়া। শুক্ল পক্ষে এই সকলের অধিপতি কুক্কুট।

### কৃষ্ণ পক্ষে।

কৃষ্ণ পক্ষে ঐ ঐ বারতিথি ইত্যাদির অধিপতি ময়ূর।

---

### শুক্ল পক্ষে।

মৃত্যু। আকাশ। শিব। শব্দ। শনি। মকর কুম্ভ। শনি। পূর্ণা (পঞ্চমী দশমী অমাবস্যা পূর্ণিমা।) ২২. শ্রবণা ২৩ ধনিষ্ঠা ২৪ শতভিষা ২৫ পূর্ব্বভাদ্রপদ ২৬ উত্তর ভাদ্র পদ। শুক্ল পক্ষে এই সকলের অধিপতি ময়ূর।

### কৃষ্ণ পক্ষে।

কৃষ্ণ পক্ষে ঐ ঐ বার তিথি ইত্যাদির অধিপতি কাক।

নিঃশ্বাস রূপে পঞ্চভূতের অবস্থা পবনবিজয় স্বরোদয়ে উ[illegible] হইয়াছে। বাল্যাদিস্বর, পঞ্চপক্ষী, উদিতাদিস্বর, এবং [illegible] কর্ম্মাদিস্বর এই সকল পঞ্চতত্ত্বের অনুরূপ।

অকারাদিক্ষকারান্ত-বালাদিপঞ্চকাঃস্বরাঃ।
আদ্যবর্ণং লভেৎ প্রশ্নে বালাদিফলসম্মতাঃ॥

বালকে পরচিন্তা স্যাৎ গমাগমনসংশয়ঃ।
পরদ্রব্যগতঃ স্থিরঃ কিঞ্চিল্লাভো ন সংশয়ঃ॥ ১॥
কুমারে দ্বিতীয়ং প্রশ্নং পুংস্ত্রিয়ং বালকান্বিতম্।
অথবা রজতং খণ্ডং মূলঞ্চ লাভমর্দ্ধকম্॥ ২
তরুণে স্থানচিন্তা স্যাৎ লাভচিন্তা বিশেষতঃ।
স্বস্থো দ্বিতীয় জীবশ্চ প্রবাসং কুরুতে সদা॥ ৩॥
বৃদ্ধে রোগভয়ঞ্চৈব কলহং দুঃখ চিন্তনম্॥ ৪॥
নষ্টংবাপি মনস্তাপং স্থানভ্রষ্টং গমাগমৌ।
পীড়িতং মরণং বাপি পরহস্তগতং ধনম্॥ ৫॥

১। অকারাদি ক্ষ পর্য্যন্ত বর্ণসমূহকে বালাদি পঞ্চস্বরে[illegible] রূপে বিভক্ত করিতে হয়, তাহা এই পুস্তকে লিখিত হইয়াছে[illegible] এইক্ষণে উক্ত বালাদি অবস্থার দ্বারা প্রশ্নের আদ্যক্ষর গ্র[illegible] করিয়া ঐ বর্ণের বালাদি অবস্থা বিবেচনা পূর্ব্বক প্রশ্ন এ[illegible] তাহার ফল নির্ণয় করিবে।

২। যোগস্বরে স্বকর্ম্ম। পিণ্ডস্বরে স্ব শরীর, নক্ষত্র স্বরে স্ব[illegible] জন, রাশিস্বরে আত্মকুল। জীবস্বরে আত্মবিত্ত। গ্রহ স্বরে শ[illegible] জন। বর্ণস্বরে আত্মস্বামিত্বের। এবং মাত্রাস্বরে স্ত্রী সম্ব[illegible] চিন্তা জানায়।

### অথ পঞ্চপক্ষী গণনার সঙ্কেত।

৩। প্রশ্নবাক্যের আদ্যক্ষরে যে স্বর হইবে? তাহা গ্র[illegible] করিয়া বার কল্পনা করিবে। তদনন্তর তাহার দ্বারা শুক্ল কৃষ্ণপ[illegible] ভেদে পক্ষী নিশ্চয় করিয়া তাহার বলাবল এবং ভুক্তি [illegible] ভোজনাদি অবস্থা ভেদে ফলাফল নির্ণয় করিবে।

৩। অন্যান্য জ্যোতিষ শাস্ত্রে দ্বাদশ সংখ্যক লগ্ন দ্বা[illegible] গণনা হয়, পঞ্চপক্ষী শাস্ত্রের দ্বারা কেবলমাত্র পাঁচ সংখ্যক [illegible] দ্বারা অতি অল্প সময় মধ্যে অত্যুৎকৃষ্টরূপে গণনা হইতে পারে[illegible]

৪। কোন কোন মতে প্রশ্নপক্ষী। দিনপক্ষী। দণ্ডপক্ষী। ভ[illegible] পক্ষী। বারপক্ষী। তিথিপক্ষী। নক্ষত্রপক্ষী। কল্পনা করিয়া গ[illegible] করিয়া থাকে। ঐ সকল পক্ষীর মধ্যে প্রশ্নপক্ষী তিথিপক্ষী এ[illegible] নক্ষত্র পক্ষী ফলবাচক।

৫। পঞ্চতত্ত্ব দ্বারা যে যে বিষয় প্রশ্নে প্রয়োজন তাহা [illegible] প্রদর্শিত চক্রে লিখিত হইল।

## অথ পঞ্চ তত্ত্বের সংজ্ঞার নির্ঘণ্ট।

| পৃথ্বীতত্ত্ব | জলতত্ত্ব | অগ্নিতত্ত্ব | বায়ুতত্ত্ব | আকাশতত্ত্ব |
|---|---|---|---|---|
| বৃহস্পতি পূর্ব্ব | শুক্র দক্ষিণ | মঙ্গল পশ্চিম | বুধ উত্তর | শনি উর্দ্ধাদি |
| অগ্নি | নৈঋর্ত। | বায়ু | ঈশান। | ও কোণাদি |
| ঈশ্বর দেবতা | পবন দেবতা | ইন্দ্র দেবতা | আকাশ দেবতা | সদাশিব দেবতা |
| ব্রহ্মা | বিষ্ণু | রুদ্র | ঈশ্বর | সদাশিব |
| মধ্যেবহতি | অধ বহতি | উর্দ্ধ বহতি | তির্য্যক্ বহতি | সর্ব্বদিক বহতি |
| স্তম্ভং | শান্তি | মৃত্যু | উচ্চাটন | কটু |
| মধুরং | কষায়ং | তিক্ত | অম্ল | নাসাপুট মধ্যে ঘুরিয়া |
| বারার অঙ্গুল বহন শ্বাস | ষোল অঙ্গুল বহন শ্বাস | চৌদ্দ অঙ্গুল বহন শ্বাস | অষ্টাঙ্গুলবহনশ্বাস | ঘুরিয়া বহন হয় |
| জানুদেশ | পাদান্তে | স্কন্ধদেশ | নাভিমূলে | মস্তকে |
| যুদ্ধই নিশ্চয় | সন্ধি | বিজয় | রণভঙ্গ | নিধন |
| বাত জন্য পিত্ত ও কফ | কফ জন্য | পিত্তজন্য | বাতজন্য বাত পিত্ত | সান্নিপাত বায়ুতত্ত্বে প্রশ্ন |
| ত্রিদোষ মিশ্রিত পীড়া। | শ্বেতবর্ণ | রক্তবর্ণ | কি বাতশ্লেষ্মা | করিয়া বহ্নিতত্ত্ব সময় |
| পীতবর্ণ | বর্ত্তুলাকৃতি(গোলাকার) | ত্রিকোণ | নীলবর্ণ | প্রস্থান করিলে বাত- |
| চতুরস্র (চৌকা) | শুভফল | মিশ্রফল | অর্দ্ধচন্দ্রাকৃতি | পিত্ত জন্য অন্যত্রে বাত- |
| শুভফল | জীব। দ্বিপদ | ধাতু, চতুষ্পদ | হানি ও মৃত্যুকর ফল | শ্লেষ্মা। নানা আকার |
| মূল বহুপদ | শ্বেত বর্ণ | রক্তবর্ণ | জীব, দ্বিপদ | কৃষ্ণবর্ণ |
| পীতবর্ণ | চর কর্ম্ম | সোম কর্ম্ম | নীলবর্ণ | হানি ও মৃত্যুকর ফল |
| স্থির কর্ম্ম | সিদ্ধি | মৃত্যু | মারণ উচ্চাটন | শূন্য পদহীন |
| সিদ্ধি | তৎক্ষণাৎ | লাভ হানি | ক্ষয় | ভূরি বর্ণ |
| চির লাভ | জর কম্প | নিদ্রাবস্থায় | লাভ হানি | অন্য কর্ম্ম কিছু করিবে |
| তুষ্টি পুষ্টি রতি ক্রিয়া জয় | শুক্র শোণিত মজ্জা | নিদ্রা ক্ষুধা তৃষ্ণা ক্লান্তি | নিদ্রাবস্থায় | না, সেওয়ায় যোগসেবা |
| হাস্য | মল মূত্র | আলস্য | ধারণ, চালন, ক্ষেপণ, | নিষ্ফল |
| অস্থি মাংস লোম | ২০ পূর্ব্বাষাঢ়া ৯ অশ্লেষা | ভরণী ৩ কৃত্তিকা ৮ পুষ্যা | সঙ্কোচ, প্রসারণ। | নিষ্ফল |
| নখ ত্বক্ | | | ১৬ বিশাখা ১২ উত্তরফল্গুনী | মৃত্যু |
| ২৩ ধনিষ্ঠা ২৭ রেবতী | ১৯ মূলা ৬ আর্দ্রা ৪ রো- | ১০ মঘা ১২ উত্তরফল্গুনী | ১৩ হস্তা ১৪ চিত্রা ৭ পুন- | কাম, ক্রোধ, মোহ, |
| ১৮ জ্যেষ্ঠা ১৭ অনুরাধা | হিণী ২৬ উত্তরভাদ্রপদ | ২৫ পূর্ব্বভাদ্রপদ | র্ব্বসু ১ অশ্বিনী | লজ্জা লোভ |
| ২২ শ্রবণা অভিজিৎ | ২৪ শতভিষা | ১৫ স্বাতি | ৫ মৃগশিরা | ১০ পল |
| ২১ উত্তরাষাঢ়া। | ৪০ পল | ৩০ পল | ২০ পল | ১ গুণ |
| ৫০ পল, ৫ গুণ | ৪ গুণ | ৩ গুণ | ২ গুণ | শিরে আঘাত |
| যাত্রা কালে | | | | নপুংসক |
| উদরে আঘাত | পদ স্থানে আঘাত | উরুস্থানে আঘাত | করস্থানে আঘাত | |
| পুত্র | পুত্রী | গর্ভপাত | কন্যা | |

# শিবোক্ত পঞ্চপক্ষী।

—জ—

অভিগম্য মহাদেবং সর্ব্বশাস্ত্রবিশারদম্ ।
ভবিষ্যদর্থবোধায় পপ্রচ্ছু র্ম্মুনয়ো মুদা ॥
তেষাং বচনমাকর্ণ্য নিজগাদ মহেশ্বরঃ । ১
শ্রীমহারুদ্র উবাচ ।—ত্রিকালজ্ঞানবোধার্থং পঞ্চপক্ষী প্রদর্শ্যতে ।
অনেনৈব তু সারেণ লোকৈঃ কালত্রয়ং প্রতি ॥
বলাবলানি দৃশ্যন্তে সর্ব্বকার্য্যেষু নিশ্চিতম্ । ২
আগতং প্রচ্ছকং দৃষ্ট্বা দৈবজ্ঞঃ সাবধানতঃ ।
করোতি যদ্বৎ কর্ম্মাণি তস্মাৎ সর্ব্বং বিচিন্তয়েৎ ॥ ৩
ঊর্দ্ধাবলোকনে জীবস্ত্বধোদৃষ্টৌ তু মূলকম্ ।
সমদৃষ্টৌ ভবেদ্ধাতুরেতাশ্চিন্তাঃ প্রভেদতঃ ॥
ললাটে পুত্রচিন্তা স্যাৎ কামচিন্তা চ কণ্ঠকে ।
বাহুভ্যাং বস্তুচিন্তা চ ব্যাধিচিন্তাপি চোদরে ॥
কটৌ বিচ্ছেদচিন্তা চ শত্রুচিন্তা চ গুহ্যকে ।
দুঃখচিন্তা ভবেৎ পাদে এতশ্চিন্তা প্রভেদিকা ॥ ৪*

* মতান্তরে—বাহুমস্তক সংস্পর্শাৎ জীবচিন্তা শুভপ্রদা।
বক্ষোদরকটিস্পর্শাৎ ধাতুচিন্তা মনোরমা ॥
গুহ্যো রুবস্তিতো জ্ঞেয়ং মধ্যমং মূলচিন্তনম্ ।
জানুজঙ্ঘাপদাজ্জীবধাতুমূলনিরূপণম্ ॥
পাদে গমন চিন্তা স্যাৎ আননে ব্যবসায়িনঃ ।
চিবুকে পরমন্দস্থ বক্ষসি প্রীতিচিন্তনম্ ॥
পার্শ্বে পরগতা চিন্তা পরাঙ্গে পরমঙ্গলম্ ।
গর্ত্তে চ গর্ত্তচিন্তা স্যাৎ কটৌ মরণমেব চ ॥
মুদ্রিতাক্ষে আত্মশুভং পার্শ্বে চৈব গমাগমম্ ।
বস্ত্রং বা দ্রব্যসংযুক্তং প্রবাসং লাভচিন্তনম্ ॥
পৃষ্ঠদেশে পরচক্রম্ অথবা ক্লেশচিন্তনম্ ।
পাদবিক্ষেপমাত্রেণ পরচিন্তাগমাগমম্ ।
কম্পনং কণ্ডুদুঃখঞ্চ শুভং স্যাৎ করকম্পনে ।
হাস্তে পরগতং সৌখ্যং দুঃখং স্যাদোষ্ঠ মার্জ্জনে ॥
সাক্ষাতে পরদূতঞ্চ পরমঙ্গলকারণম্ ।
প্রশ্নান্তে দৃশ্যতে যাদৃক্ তস্যাং দিশি ন সংশয়ঃ ॥
কণ্ঠে বাহৌ স্থিতে হস্তে জীবচিন্তাং প্রকীর্ত্তয়েৎ ।
কণ্ঠে স্বদেহচিন্তা চ বাহৌ ক্রিয়া বিশেষতঃ ॥
মস্তকে পরকার্য্যঞ্চ গমনার্থশ্চ দৃশ্যতে ।
কর্ণে নিযোজিতং হস্তং নষ্টদ্রব্যস্য চিন্তনং ॥

কটিদেশে যদা হস্তং তীর্থ চিন্তা চ জায়তে ।
ঊরুদেশে যদা হস্তো বিবাহঃ পুত্রচিন্তনম্ ।
নাভিদেশে যদা হস্তো রোগো মৃত্যুশ্চ দৃশ্যতে ॥
নেত্রে হস্তসমারোপে অর্থচিন্তাপি জায়তে ।
বস্ত্রচিন্তা বক্ষসি স্যাদ্দূরে বা গমনস্তথা ॥
পাদাঙ্গুষ্ঠে যদা হস্তং কুরুতে প্রশ্নকারকঃ ।
গর্ত্তচিন্তা ভক্ষ চিন্তা ভূমিচিন্তাপি জায়তে ॥
গ্রীবায়াং পৃষ্ঠদেশে চ যদা হস্তশ্চ রোপিতঃ ।
মোচনং বন্ধনস্যাপি সুখদুঃখঞ্চ চিন্তয়েৎ ।
অধরে রোপিতং হস্তং চিবুকে দশনে তথা ।
চতুষ্পদগজাদেশ্চ চিন্তনং জায়তে ধ্রুবম্ ॥
প্রশ্নান্তে দৃশ্যতে যাদৃক্ তস্যাং দিশি ন সংশয়ঃ ।
যস্যাং দিশি স্থিতঃ প্রশ্নং কুরুতে যো নরঃ স্বয়ম্ ॥
তস্যাং দিশি ফলং সর্ব্বং কথয়ামি শুভাভশুম্ ।
পূর্ব্বোত্তরে সমীপে চ দূরে দক্ষিণপশ্চিমৌ ॥
ঈশানাগ্নৌ পথি জ্ঞেয়ং ন দৃষ্টং বায়ুনৈঋতম ॥
প্রশ্নং কৃত্বা প্রচলিতে গতিচিন্তা ভবেৎ ধ্রুবম্ ।
ত্রস্তপ্রশ্নে নষ্টচিন্তা গমচিন্তা তথা ভবেৎ ।
শিরঃস্বর্গং হৃদামর্ত্ত্যং পাদে পাতালকং বিদুঃ ।

( হৃদী আত্মা নিয়োজয়েৎ । )

মুনিগণ সর্ব্বশাস্ত্রবিশারদ ( ত্রিকালদর্শী ) মহাদেবের নিকট উপস্থিত হইয়া বর্ত্তমান ভূত, ভবিষ্যৎ, এই ত্রিকালীন বিষয় পরিজ্ঞাত হইবার অর্থাৎ ত্রিকালদর্শী হইবার উপায় জিজ্ঞাসা করিলেন। মহেশ্বর, মুনিগণের বাক্য শ্রবণ করিয়া যথাক্রমে বিস্তারিত রূপে উপদেশ দিতে আরম্ভ করিলেন।

শ্রীমহারুদ্র কহিলেন। বর্ত্তমান, ভূত, ভবিষ্যৎ, এই কালত্রয়ের সমুদায় বৃত্তান্ত পরিজ্ঞাত হইবার নিমিত্ত পঞ্চপক্ষী অর্থাৎ শকুনশাস্ত্র প্রকাশ করিতেছি। এই শকুনশাস্ত্রানুসারে সমুদায় কার্য্যে লাভালাভ, শুভাশুভ, জয়পরাজয় প্রভৃতি পরিজ্ঞাত হইতে পারা যাইবে এবং কল্পিত পক্ষিগণের বলাবল শত্রুমিত্রভাব প্রভৃতিও জানিতে পারিলে ফল নিশ্চয় করিতে পারা যাইবে।

যখন প্রশ্নকর্ত্তা উপস্থিত হইয়া প্রশ্ন করিবে, তখন সে যে যে কার্য্য করে, দৈবজ্ঞ সতর্ক হইয়া তাহা নিরীক্ষণ করিবেন। পরে প্রশ্নকর্ত্তার কার্য্য দেখিয়া তাহার মানসিক ভাব নিরূপণ করিবেন।

প্রশ্নকর্ত্তা যদি ঊর্দ্ধদৃষ্টি করেন, তাহা হইলে জীবচিন্তা, অধোদৃষ্টি করিলে মূলচিন্তা, সম দৃষ্টি করিলে ধাতুচিন্তা নির্ণয় করিবে। দৃষ্টিপাত দ্বারা এই তিনপ্রকার চিন্তাভেদ প্রকাশ হইবে।

প্রশ্নকর্ত্তা প্রশ্ন কালে যদি ললাটে হস্ত প্রদান করেন, তাহা হইলে পুত্রচিন্তা, কণ্ঠে হস্ত প্রদান করিলে কামচিন্তা, বাহুযুগলে হস্ত প্রদান করিলে বস্ত্রচিন্তা, উদরে হস্ত প্রদান করিলে ব্যাধিচিন্তা, কটিদেশে হস্ত প্রদান করিলে বিচ্ছেদ চিন্তা, গুহ্য দেশে হস্ত প্রদান করিলে শত্রুচিন্তা, চরণে হস্ত প্রদান করিলে দুঃখচিন্তা, এইরূপে চিন্তাভেদ নিরূপণ করিবে। এই বিষয় গ্রন্থান্তর হইতে বিস্তারিতরূপে নিম্নে লিখিত হইতেছে।

এই শরীরস্থিত আত্মা অর্থাৎ জীব যাহা করিতে মনন করেন, অথবা চিন্তা করেন, মানসিক বৃত্তিসমুদায় দ্বারা তাহা প্রকাশিত হয়, কারণ মানসিক বৃত্তিবিশেষ দ্বারা শরীরের অবস্থাবিশেষ বা কার্য্য বিশেষ হয়। শরীরের সমুদায় অঙ্গপ্রত্যঙ্গেই এক একটী সূক্ষ্মশিরা সঞ্চারিত আছে। তদ্দ্বারা ইচ্ছানাম্নী মানসিক বৃত্তি চালিত হইলে শরীরের কার্য্য দেখিতে পাওয়া যায়। এইরূপ হর্ষ বিষাদ শোক প্রভৃতি অন্যান্য বৃত্তিও ঐশিরা দ্বারা চালিত হইয়া শরীরে কার্য্য বিশেষ বা ভাবান্তর উৎপাদন করিয়া দেয়। যখন জীব স্থানান্তরে যাইতে ইচ্ছা করেন, তখন সেই ইচ্ছারূপ মানসিক বৃত্তি অর্থাৎ জিগমিষাবৃত্তি শিরা দ্বারা চরণাদিতে সঞ্চারিত হইবামাত্র চরণ সঞ্চলিত হয়। যখন অপর ব্যক্তির নিকট কোন অভিপ্রায় ব্যক্ত করিবার ইচ্ছা হয়, তখন ঐ বিবক্ষা বৃত্তি শিরা দ্বারা হৃদয় কণ্ঠ তালু প্রভৃতি স্থানে চালিত হইয়া আঘাত বা অঙ্গ সঙ্কোচিত ও প্রসারিত করাতে তাহা দ্বারা অর্থব্যঞ্জক শব্দের উৎপত্তি হইয়া থাকে। এইরূপ শিরা দ্বারা মানসিক বৃত্তি চালিত হওয়াতেই ক্রোধযুক্ত ব্যক্তির চক্ষুঃ প্রসারিত ও রক্তবর্ণ, মুখমণ্ডল বিস্তীর্ণ, এবং সর্ব্বশরীর চালিত হইতে থাকে। কখন কখন ক্রুদ্ধ ব্যক্তি দন্ত দ্বারা ওষ্ঠ দংশন করে। ক্রোধ অধিক হইলে সর্ব্বশরীর কম্পান্বিত হইতে থাকে। কেহ কেহ আপনার অঙ্গে বা মেজে বা মৃত্তিকাতে করাঘাত করিতে থাকে। এইরূপ বিষাদ উপস্থিত হইলে শিরা সমুদায় সঙ্কুচিত হয়। তাহাতে চক্ষুঃ ও ওষ্ঠ সঙ্কুচিত হইতে দেখা যায়। সাধারণ লোকে বলে, অমুক বৃত্তান্ত শুনিবামাত্র অমুকের মুখ শুকাইয়া গেল। এই শিরা সঙ্কুচিত হওয়াতে জীবগণ উৎসাহ রহিত ও জড়বৎ হইয়া পড়ে। মনে আহ্লাদ হইলে চক্ষু ও মুখমণ্ডল বিকসিত হয়। কৌতুকের কথা উপস্থিত হইলে মুখে হাস্য উপস্থিত হওয়াতে ওষ্ঠ প্রসারিত হয় ও দন্ত দৃষ্ট হইতে থাকে। সম্মুখে অম্লদ্রব্য রাখিলে যে ব্যক্তি ২৫।৩০ বৎসরও অম্ল খায় নাই, তাহারও মুখ দিয়া লাল নিঃসৃত হইতে থাকে। সর্ব্বাঙ্গসুন্দরী যুবতী কামিনীর অনাবৃত অঙ্গবিশেষ অবলোকন করিলে যুবার শরীরে ভাবান্তর ও কার্য্যবিশেষ হইতে থাকে। এইরূপ প্রত্যেক মানসিক ভাব দ্বারা মনুষ্যের অঙ্গবিশেষের ব্যাপারবিশেষ ও ভাববিশেষ লক্ষিত হইয়া থাকে। এই

কারণেই পুত্রচিন্তা সময়ে ললাটে হস্ত ও ব্যাধিচিন্তা সময়ে উদরে হস্ত চালিত হইয়া থাকে। এই কারণে জীবচিন্তা কালে ঊর্দ্ধে দৃষ্টি এবং মূলচিন্তা সময়ে ভূমির প্রতি দৃষ্টি চালিত হয়। প্রশ্নকর্ত্তা স্বয়ং ইহা অনুভব করিতে পারে না। দৈবজ্ঞ, প্রশ্নকর্ত্তার শারীরিক ব্যাপার ও শারীরিক ভাব নিরীক্ষণ করিয়া প্রথমত কোন্ বিষয়ক চিন্তা প্রশ্নকারীর মনে আছে, তাহা স্থির করিয়া পশ্চাৎ সূক্ষ্মানুসূক্ষ্ম গণনা করিবেন।

অন্য গ্রন্থে শারীরিক ভাব ও শারীরিক ব্যাপার পরীক্ষার নিমিত্ত এইরূপ উপায় নির্দ্দেশ করিয়াছেন যে,——

প্রশ্নকর্ত্তা যদি প্রশ্নকালে বাহু বা মস্তক স্পর্শ করেন, তাহা হইলে জীবচিন্তা স্থির করিবে পরন্তু প্রশ্নকালে যে ব্যক্তি বাহু বা মস্তক স্পর্শ করে, তাহার শুভ ফল হয়। প্রশ্নকর্ত্তা প্রশ্নকালে যদি বক্ষস্থল উদর বা কটিদেশ স্পর্শ করে, তাহা হইলে তাহার ধাতুচিন্তা স্থির করিবে, পরন্তু যে ব্যক্তি প্রশ্ন কালে বক্ষস্থল উদর বা কটিদেশ স্পর্শ করে, তাহার মধ্যম ফল হয়। যদি প্রশ্নকর্ত্তা প্রশ্নকালে গুহ্যদেশ উরুদেশ বা বস্তি দেশ স্পর্শ করে, তাহা হইলে তাহার মূল চিন্তা স্থির করিবে পরন্তু প্রশ্নকালে যে ব্যক্তি গুহ্য উরু বা বস্তি স্পর্শ করে, তাহার প্রশ্নের ফল অধম হয়।*

মুষ্টিপ্রশ্ন বিষয়ে প্রশ্নকর্ত্তা জানুদেশ স্পর্শ করিলে জীবচিন্তা জঙ্ঘাদেশ স্পর্শ করিলে ধাতুচিন্তা এবং চরণ স্পর্শ করিলে মূল চিন্তা নিরূপণ করিবে। প্রশ্নকর্ত্তা প্রশ্ন কালে পাদস্পর্শ করিলে গমন চিন্তা, আননস্পর্শ করিলে ব্যবসায় চিন্তা, চিবুকস্পর্শ করিলে পরমন্দ চিন্তা, হৃদয় স্পর্শ করিলে প্রীতিচিন্তা, পার্শ্ব দেশ স্পর্শ করিলে পর বিষয়ক চিন্তা, পরাঙ্গ স্পর্শে পর মঙ্গল চিন্তা, গর্ভস্থল স্পর্শে গর্ভ চিন্তা, কটিদেশ স্পর্শে মর[ণ] চিন্তা, স্থির করিবে।

প্রশ্নকর্ত্তা প্রশ্ন কালে নয়ন মুদ্রিত করিলে আত্মগত চিন্তা, পার্শ্বে হস্ত প্রদান করিলে গমনাগমন চিন্তা, বস্ত্রে বা বস্ত্রযুক্ত কোন দ্রব্যে হস্তক্ষেপ করিলে প্রবা[স] চিন্তা ও লাভ চিন্তা নিরূপণ করিবে। প্রশ্নকালে পৃষ্ঠ দেশ স্পর্শ করিলে ক্লেশ চিন্তা বা পরচক্র চিন্তা, প্রশ্[ন] করিয়া পাদ বিক্ষেপ করিলে পরচিন্তা ও গমনাগমন চিন্তা, প্রশ্নকালে অঙ্গ কম্পিত করিলে বা কোন অঙ্গ চুলকাইলে দুঃখ উপস্থিত এবং হস্ত কম্পিত করিলে শুভ ফল উপস্থিত, বলিয়া দিবে।

প্রশ্নকালে হাস্য করিলে অপরের সুখ চিন্তা, ও[ষ্ঠ] মার্জ্জন করিলে পরগত দুঃখ চিন্তা স্থির করিবে। প্রশ্[ন] কালে পরদূত উপস্থিত হইলে পরের মঙ্গলের নিমি[ত্ত] আসিয়াছে, বিবেচনা করিবে পরন্তু প্রশ্নকর্ত্তা প্রশ্ন করিবা[র] পর যে দিকে দৃষ্টি পাত করিবে, সেই দিকেই সেই প্রশ্নে[র] ফল অর্থাৎ চিন্তিতবস্তু আছে, সন্দেহ নাই।

প্রশ্ন কালে যদি কণ্ঠে ও বাহুতে হস্ত স্থাপিত হয়, তাহা হইলে জীবচিন্তা বলিতে হইবে। যদি প্রশ্ন করিয়া কণ্ঠ স্পর্শ করে, তাহা হইলে স্বদেহ চিন্তা এবং যদি বাহু স্পর্শ করে তাহা হইলে কার্য্য বিশেষ চিন্তা, স্থির করিবে। প্রশ্নকালে মস্তক স্পর্শ করিলে পরকার্য্য চিন্তা বা গমন চিন্তা, কহিবে। প্রশ্নকালে যদি কর্ণে হস্ত প্রদান করে, তাহা হইলে নষ্ট দ্রব্য চিন্তা অর্থাৎ চৌরাদি দ্বারা অপ[হৃ]ত দ্রব্যচিন্তা, যদি কটিদেশে হস্ত প্রদান করে, তাহা হইলে তীর্থ চিন্তা, উরুদেশে হস্ত প্রদান করিলে বিবাহ চিন্তা বা পুত্র চিন্তা, নাভিদেশে হস্ত প্রদান করিলে রোগ চিন্তা ও মৃত্যু চিন্তা, নেত্রে হস্ত প্রদান করিলে অর্থচিন্তা, হৃদয়ে হস্ত প্রদান করিলে বস্ত্র চিন্তা ও দূ[র] দেশ গমন চিন্তা, নিরূপণ করিবে।

যদি প্রশ্ন কর্ত্তা প্রশ্ন কালে চরণের অঙ্গুষ্ঠে হস্ত প্রদা[ন] করে, তাহা হইলে গর্ভচিন্তা ভক্ষ্য বস্তু চিন্তা অথবা ভূমি চিন্তা স্থির করিবে। যদি প্রশ্নকর্ত্তা গ্রীবাদেশে ও

---

* মূলে, ধাতুচিন্তা মনোরমা, এই স্থলে ধাতুচিন্তা তু মধ্যমা এবং জ্ঞেয়ং মধ্যমং মূলচিন্তনম্, এই স্থলে, জ্ঞেয়মধমং মূলচিন্তনম্, এইরূপ পাঠ বহু পুস্তক সম্মত ও সমীচীন বলিয়া বোধ হইতেছে।

পৃষ্ঠ দেশে হস্ত প্রদান করে, তাহা হইলে বন্ধন হইতে মুক্তি ও সুখ দুঃখ চিন্তা স্থির হইবে।

প্রশ্ন কালে যদি অধরে চিবুকে ও দন্তে হস্ত প্রদান করা হয়, তাহা হইলে দ্বিরদ প্রভৃতি চতুষ্পদ জীবচিন্তা স্থির হইবে, সন্দেহ নাই। প্রশ্ন করিবার পর প্রশ্নকর্ত্তা যে দিকে দৃষ্টিপাত করিবে, সেই দিকেই সেই প্রশ্নকর্ত্তার চিন্তিত বস্তু আছে, সন্দেহ নাই।

প্রশ্নকর্ত্তা গণকের যে দিকে থাকিয়া প্রশ্ন করিবে, সেই দিকের শুভাশুভ ফল বলিতেছি। যদি প্রশ্নকর্ত্তা পূর্ব্বদিকে বা উত্তর দিকে থাকিয়া প্রশ্ন করে, তাহা হইলে চিন্তিত বস্তু নিকটে আছে, যদি দক্ষিণে বা পশ্চিমে থাকিয়া প্রশ্ন করে, তাহা হইলে প্রশ্নকর্ত্তার চিন্তিত বিষয় দূরে আছে, বলিবে। যদি প্রশ্নকর্ত্তা ঈশান কোণে বা অগ্নি কোণে থাকিয়া প্রশ্ন করে, তাহা হইলে সেই চিন্তিত দ্রব্য পথে আছে, বলিবে। যদি প্রশ্নকর্ত্তা বায়ুকোণ বা নৈর্ঋত কোণ হইতে প্রশ্ন করে, তাহা হইলে সেই নষ্ট দ্রব্য পাওয়া যাইবে না, স্থির করিবে।

যদি প্রশ্নকর্ত্তা প্রশ্ন করিয়া গমন করিতে প্রবৃত্ত হয় বা স্থানান্তরিত হয়, তাহা হইলে গমন চিন্তা বলিবে। প্রশ্নকর্ত্তা ত্রস্ত হইয়া প্রশ্ন করিলে অপহৃত দ্রব্যচিন্তা ও গমনচিন্তা স্থির করিবে। প্রশ্নকালে শিরঃস্পর্শে স্বর্গ-চিন্তা, হৃদয় স্পর্শে ভূতলচিন্তা এবং পাদ স্পর্শে পাতাল চিন্তা স্থির করিবে।

অক্ষরং পক্ষি ভুক্তঞ্চ দিগ্‌দৈবতদিনানি চ।
কালং বর্ণং বলং মিত্রং ধাতুমূলাদিকং ক্রমাৎ॥
প্রশ্নাদিজাতিবর্ণঞ্চ দেহসঙ্কল্পনাদিভিঃ।
চিন্তিতান্যপি সর্ব্বাণি বক্ষ্যন্তে বর্ণকৈঃ ক্রমাৎ॥

অক্ষর অর্থাৎ অ ই উ এ ও, পক্ষী অর্থাৎ শ্যেন পিঙ্গল বায়স কুক্কুট ও ময়ূর, ভুক্তি অর্থাৎ ভোজন গমন রাজ্য নিদ্রা ও মরণ, অবস্থা অর্থাৎ বাল্য কৌমার যৌবন বার্দ্ধক্য এই পঞ্চ অবস্থা, দিক্ অর্থাৎ শ্যেন পূর্ব্ব দিকের অধিপতি, পিঙ্গল দক্ষিণ দিকের অধিপতি, কাক পশ্চিম দিকের অধিপতি, কুক্কুট উত্তর দিকের অধিপতি, ময়ূর কোণচতুষ্টয়ের অধিপতি, দেবতা অর্থাৎ ঈশ্বর পবন ইন্দ্র আকাশ সদাশিব, দিন অর্থাৎ তিথি বার নক্ষত্র, কাল অর্থাৎ শ্যেন কাক ভবিষ্যৎ কাল, কুক্কুট বর্ত্তমান কাল, পিঙ্গল ময়ূর ভূত-কাল, বর্ণ অর্থাৎ শ্যেন হিরণ্যবর্ণ, পিঙ্গল শ্বেতবর্ণ, কাক রক্তবর্ণ, কুক্কুট চিত্রবিচিত্র বর্ণ, ময়ূর শ্যামলবর্ণ, বল অর্থাৎ শ্যেনাদি অপেক্ষা কাক বলবান্ ইত্যাদি। মিত্র যথা শ্যেনের মিত্র ময়ূর ইত্যাদি। ধাতু মূল, প্রভৃতি যথা শ্যেন মূল, পিঙ্গল জীব, ইত্যাদি। আদিশব্দে লিঙ্গাদি, যথা শ্যেন পুরুষ, পিঙ্গল স্ত্রী, বায়স পুরুষ, কুক্কুট স্ত্রী ও পুরুষ, ময়ূর নপুংসক। শ্যেন ও পিঙ্গল ব্রাহ্মণ, কাক ক্ষত্রিয়, কুক্কুট বৈশ্য ও শূদ্র, ময়ূর অন্ত্যজ। এতদ্ব্যতীত দেহে হস্ত বিন্যাস প্রভৃতি দ্বারা চিন্তিত বস্তু বা বিষয় জানিতে পারা যায়। যথা, জাতি প্রভৃতি বিষয়ক প্রশ্নকালে মুখে হস্ত প্রদান করিলে মুখ শ্যেনের স্থান হওয়াতে এবং শ্যেন ব্রাহ্মণ জাতি প্রযুক্ত প্রশ্নের উত্তর স্থলে ব্রাহ্মণ জাত্যাদি নিরূপিত হইবে। ইত্যাদি। এই সমুদায় বিষয় অবলম্বন করিয়া কিরূপে গণনা করিতে হয়, তাহা এই গ্রন্থে যথাস্থানে বিস্তারিত রূপে কথিত হইতেছে। ৬।

আরূঢ়ং প্রশ্নলগ্নেভ্যঃ প্রথমাক্ষরতোঽপি বা।
অকারাদি স্বরাণাঞ্চ পঞ্চানাঞ্চ বিচারয়েৎ॥
অস্য নামাক্ষরস্যাদৌ স্বরারূঢ়ঃ সমুৎসৃজেৎ।
প্রচ্ছকস্য বচঃ শ্রুত্বা গ্রাহ্যো বর্ণঃ স্বরস্তথা॥
স্বরেণ কল্পয়েদ্বারং বারাৎ পক্ষী প্রজায়তে।
পক্ষিণো জায়তে বাক্যং বাক্যাচ্চ ফলসম্ভবঃ॥

এই প্রশ্ন গণনা দুই প্রকারে সংসাধিত হইয়া থাকে, তন্মধ্যে প্রথম প্রশ্নবাক্যের আদ্যবর্ণ অবলম্বন দ্বারা, দ্বিতীয় প্রশ্ন কালীন লগ্ন অবলম্বন দ্বারা। প্রশ্নকর্ত্তার প্রশ্নবাক্যের অথবা তাহার নামের প্রথম যে স্বরবর্ণ থাকিবে, অথবা উহার প্রথম বর্ণে সংযুক্ত যে স্বর থাকিবে, তাহা অবলম্বন করিয়া অ ই উ এ ও এই পঞ্চস্বরের মধ্যে স্বজাতীয় একটী স্বর কল্পনা করিয়া লইবে। যথা আমার মনে কি আছে? এইরূপ প্রশ্নের আদ্যস্বর আ এই বর্ণে

তাহার স্বজাতীয় অ, এই স্বর কল্পনা করিবে। এইরূপে প্রশ্নকর্ত্তার প্রশ্ন বাক্য শুনিয়া তাহার আদ্য স্বর বা আদ্য বর্ণে সংযুক্ত স্বর গ্রহণ করিয়া ঐ স্বর হইতে পশ্চাদুক্ত শ্লোক দ্বারা বার কল্পনা করিয়া লইবে। পরে ঐ কল্পিত বার দ্বারা শুক্ল পক্ষ ও কৃষ্ণ পক্ষ ভেদে পক্ষী নিরূপণ করিবে। পক্ষী নিরূপিত হইলে তদ্দ্বারা বাক্য ও দ্রব্য স্থির হইবে। পরে পক্ষীর ভোজনাদি অবস্থা দেখিয়া বাক্য দ্বারা শুভাশুভ ফল বলিয়া দিবে।

যস্য বারস্য যঃ পক্ষী তমাদিং গণয়েদ্ বুধঃ।
দিন পক্ষী কার্য্যরূপী প্রশ্নপক্ষী ফলপ্রদঃ॥

প্রশ্নবাক্যের আদ্যস্বর দ্বারা বার কল্পনা করিয়া সেই বারে যে পক্ষী হইতে পারে, জ্ঞানী ব্যক্তি প্রথমত সেই পক্ষী ধরিয়া গণনা করিবেন। কারণ তাহার নাম দিন-পক্ষী। দিনপক্ষী কার্য্যরূপী, অর্থাৎ দিনপক্ষি দ্বারা অগ্রে নষ্ট ও চিন্তিত দ্রব্য সমুদায় এবং স্ত্রী পুরুষ জীব ধাতু মূল প্রভৃতি অবগত হইতে পারা যায়। প্রশ্নপক্ষী ফল বলিয়া দেন অর্থাৎ প্রশ্নকালে লগ্ন স্থির করিয়া সেই লগ্নে ঐ পক্ষী ভোজন প্রভৃতি কোন্ অবস্থায় আছে, তাহা নির্ণয় পূর্ব্বক শেষে প্রশ্নের ফল বলিয়া দেওয়া গণকের কর্ত্তব্য। ফলতঃ অগ্রে বস্তু ও বিষয় স্থির করিয়া পশ্চাৎ তাহার ফলাফল ব্যক্ত করাই সঙ্গত হইতেছে।

অকারাদি ও কারান্তাঃ স্বরাঃ পঞ্চ প্রকীর্ত্তিতাঃ।
ভুক্ত্যর্থং কল্পয়েদ্রূপং স্বরান্তে পক্ষিরূপিণঃ॥

অকার অবধি ওকার পর্য্যন্ত (ক্লীব স্বর ত্যাগ করিয়া) পাঁচটী হ্রস্ব স্বর পক্ষি রূপে কীর্ত্তিত হইয়া থাকে। যথা অ শ্যেন, ই পিঙ্গল, উ কাক, এ কুক্কুট, ও ময়ূর। অ আ এই উভয় স্বরে অ, ই ঈ এই উভয় স্বরে ই, উ ঊ এই উভয় স্বরে উ, এ ঐ এই উভয় স্বরে এ, ও ঔ এই উভয় স্বরে ও, এই পঞ্চ স্বর মাত্র গ্রহণ করিয়া তাহা দ্বারা যথোক্ত পক্ষী কল্পনা করিবে। ঋ ৠ ঌ ৡ এই ক্লীব বর্ণচতুষ্টয় পরিত্যাগ করা হইয়াছে। যদি প্রশ্নের আদ্য বর্ণে ঐ স্বর থাকে তাহা হইলে উহাকে ব্যঞ্জনের মধ্যে সন্নিবেশিত করিয়া উচ্চারণে যে স্বর উপলব্ধি হয়, তাহাই অর্থাৎ ই গ্রহণ করিতে হইবে। যথা প্রশ্নের প্রথম কৃষ্ণ, এই পদ থাকিলে উহাকে ব্যঞ্জন কল্পনা করিলে ক্রিষ্ণ উচ্চারিত হয়। উহার প্রথম সংযুক্ত স্বর ই, সুতরাং ক্লীব স্বর স্থলে ই অর্থাৎ পিঙ্গল পক্ষী গ্রহণ করিতে হইবে। ভোজন গমন প্রভৃতি অবস্থা ভোগের নিমিত্ত পক্ষিগণের রূপ কল্পনা করা হইয়াছে। বস্তুত ইহারা কল্পিত পক্ষিরূপী স্বর ভিন্ন স্বতন্ত্র কিছুই নহে।

অকারঃ শ্যেন আখ্যাত ইকারঃ পিঙ্গলস্তথা।
উকারো বায়সশ্চৈব একারস্তাম্রচূড়কঃ।
ওকারো নীলকণ্ঠশ্চ স্বরান্তে পক্ষিসংজ্ঞকাঃ॥

অকার শ্যেনপক্ষী, ইকার পিঙ্গল পক্ষী, উকার কাক পক্ষী, একার কুক্কুট পক্ষী, ওকার নীলকণ্ঠ অর্থাৎ ময়ূর। পঞ্চস্বর এইরূপে পঞ্চ পক্ষী নামে আখ্যাত হইয়াছে।

অকারঃ পূর্ব্বদিগ্ ভাগে ইকারশ্চৈব দক্ষিণে।
উকারঃ পশ্চিমে জ্ঞেয়ঃ একারশ্চোত্তরে তথা;
শেষস্থানেষু সর্ব্বেষু ওকারঃ পরিকীর্ত্তিতঃ॥

অকার পূর্ব্বদিকের অধিপতি, ইকার দক্ষিণদিকের অধিপতি, উকার পশ্চিম দিকের অধিপতি, একার উত্তর দিকের অধিপতি, ওকার অবশিষ্ট সমুদায় দিকের অধিপতি, বলিয়া কীর্ত্তিত হইয়াছে। অপহৃত দ্রব্য কোন্ দিকে আছে, এতৎপ্রভৃতি স্থলে দিক্ জানিবার আবশ্যক হইলে দিগধিপতি পক্ষিদ্বারা তাহা নিরূপিত হইবে।

যস্যাং দিশ্যাদয়ং যাতি স্বরস্তৎপঞ্চমীং দিশম্।
বর্জ্জয়েৎ সর্ব্বকার্য্যেষু যাত্রাকালে বিশেষতঃ॥

প্রশ্নের আদ্য বর্ণে যে স্বর থাকিবে তাহার পঞ্চমস্বর যে দিকের অধিপতি হইবে। সেই দিক্ সকল কার্য্যেই বিশেষতঃ যাত্রাকালে ত্যাগ করিবে।

পৃচ্ছতে প্রচ্ছকঃ স্বাস্থ্যং স্বরস্যাস্তমিতাং দিশম্।
হানি মৃত্যুর্ভয়ং ভঙ্গো জায়তে নাত্র সংশয়ঃ॥

প্রশ্নকর্ত্তা প্রশ্নকালে যদ্যপি স্বরের অস্তময় দিকে অর্থাৎ যে দিকে স্বরগণের অস্ত হয় ও পঞ্চমস্বর যে দিকের অধিপতি হয়, সে দিকে যদি যাত্রাদি করে, তাহা হইলে হানি মৃত্যু ভয় ভঙ্গ, এই সমুদায় অনিষ্ট ঘটিয়া থাকে, সন্দেহ নাই।

পঞ্চস্বর দ্বারা ব্যঞ্জনবর্ণ গ্রহণ প্রণালী।

অকারে ক ছ ডা বর্ণা ধ ভ বাশ্চ ভবন্তি হি।
খ জ ঢা ন ম শা বর্ণা ইকারে পরিকীর্ত্তিতাঃ॥
গ ঝ তাঃ প য ষা বর্ণা উকারেস্থ্যর্যথাক্রমম্।
ঘ ট থাঃ ফরসা এতে বর্ণা এ স্বর মাত্রগাঃ।
চ ঠ দা ব ল হা বর্ণা ও স্বরে পরিকীর্ত্তিতাঃ॥

অ স্বর দ্বারা ক ছ ড ধ ভ ব, এইছয়টী ব্যঞ্জন বর্ণ পরিগৃহীত হইয়া থাকে। ই স্বর দ্বারা খ জ ঢ ন ম শ, এই ছয়টী বাঞ্জন গ্রহণ করা যায়। উ স্বরে গ ঝ ত প য ষ, এই ছয়টী ব্যঞ্জন বর্ণ লক্ষিত হইয়া থাকে। এ স্বর দ্বারা ঘ ট থ ফ র স এই ছয়টী ব্যঞ্জন ব্যক্ত হয়। ও স্বর দ্বারা চ ঠ দ ব ল হ, এই ছয়টী ব্যঞ্জন গৃহীত হইয়া থাকে।

স্বর পঞ্চ দ্বারা বার কথনম্।

প্রথমে রবিভৌমৌ চ দ্বিতীয়ে চন্দ্রচন্দ্রজৌ।
তৃতীয়ে জীববারশ্চ চতুর্থে ভৃগুবাসরঃ।
পঞ্চমে মন্দবারশ্চ পক্ষিণাং ক্রমশো লিখেৎ॥

অ স্বরে রবিবার ও মঙ্গল বার লক্ষিত হইবে। ই স্বরে সোম বার ও বুধ বার বুঝাইবে। উ স্বরে বৃহস্পতি বার পরিগৃহীত হইবে। এ স্বরে শুক্রবার লক্ষিত হইবে। ও স্বরে শনি বার বুঝাইবে।

স্বর দ্বারা তিথিকল্পনম্।

নন্দা ভদ্রা জয়া রিক্তা পূর্ণা চ তিথয়ঃ ক্রমাৎ।

অ স্বরে নন্দা তিথি অর্থাৎ প্রতিপৎ ষষ্ঠী ও একাদশী পরিগৃহীত হইবে। ই স্বর দ্বারা ভদ্রা তিথি অর্থাৎ দ্বিতীয়া সপ্তমী ও দ্বাদশী গ্রহণ করা যাইবে। উ স্বরে জয়া তিথি অর্থাৎ তৃতীয়া অষ্টমী ও ত্রয়োদশী লক্ষিত হইবে। এ স্বরে রিক্তা তিথি অর্থাৎ চতুর্থী নবমী ও চতুর্দ্দশী বুঝাইবে। ও স্বরে পূর্ণা তিথি অর্থাৎ পঞ্চমী দশমী পূর্ণিমা ও অমাবস্যা গৃহীত হইবে।

স্বর দ্বারা লগ্নাদি কল্পনা।

অকারে মেষসিংহালিঃ ই কন্যাযুগ্ম কর্কটাঃ।
উ কারশ্চাপমীনৌ চ এ কারশ্চ তুলাবৃষৌ॥
ওকারো মৃগকুম্ভৌ চ রাশীশাস্তদগ্রহেশ্বরান্।
স্বরাধঃ স্থাপয়েৎ যেটান্ রাশের্যো যস্য নায়কঃ॥

অ স্বরে মেষ সিংহ ও বিছা, ই স্বরে কন্যা মিথুন ও কর্কট, উ স্বরে ধনু ও মীন, এ স্বরে তুলা ও বৃষ, ও স্বরে মকর ও কুম্ভ কল্পিত হইবে। এইরূপে লগ্ন কল্পনাপূর্ব্বক পঞ্চস্বরাত্মক পঞ্চ পক্ষীর নিম্নে স্থাপন করিয়া তাহার নিম্নে যে যে গ্রহ যে যে রাশির অধিপতি তাহা বিন্যাস করিবে।

স্বর দ্বারা নক্ষত্র কল্পনা।

অকারে সপ্ত ঋক্ষাণি রেবত্যাদি ক্রমেণ চ।
পঞ্চ পঞ্চ ইকারাদাবেবং ঋক্ষং স্বরোদয়ে॥

অকারে রেবতী অশ্বিনী ভরণী কৃত্তিকা রোহিণী মৃগশিরা আর্দ্রা, এই সপ্ত নক্ষত্র পরিগৃহীত হয়, ই স্বরে পুনর্ব্বসু পুষ্যা অশ্লেষা মঘা পূর্ব্বফল্গুনী, এই পঞ্চ নক্ষত্র গ্রহণ করা যায়। উস্বরে উত্তরফল্গুনী হস্তা চিত্রা স্বাতী বিশাখা, এই পঞ্চ নক্ষত্র কল্পিত হইয়া থাকে। এ স্বরে অনুরাধা জ্যেষ্ঠা মূলা পূর্ব্বাষাঢ়া উত্তরাষাঢ়া, এই পঞ্চ নক্ষত্র গৃহীত হয়। ও স্বরে শ্রবণা ধনিষ্ঠা শতভিষা পূর্ব্বভাদ্রপদ্, উত্তরভাদ্রপদ্, এই পাঁচটি নক্ষত্র কল্পিত হইয়া থাকে।

মতান্তরম্।

প্রথমে চাশ্বিনী পূর্ব্বং পঞ্চ নক্ষত্রমুচ্যতে।
ততঃ ক্রমাৎ দ্বিষট্ ক্রমাৎ পঞ্চপঞ্চ চ তারকাঃ॥

অস্বরে অশ্বিনী ভরণী কৃত্তিকা রোহিণী মৃগশিরা, এই পাঁচটী নক্ষত্র কল্পিত হয়। ই স্বরে আর্দ্রা পুনর্ব্বসু পুষ্যা অশ্লেষা মঘা পূর্ব্বফল্গুনী, এই ছয়টী নক্ষত্র গ্রহণ করা হইয়া থাকে। উ স্বরে উত্তর ফল্গুনী হস্তা চিত্রা স্বাতি বিশাখা অনুরাধা এই ছয়টী নক্ষত্র কল্পনা করা যায়। এ স্বরে জ্যেষ্ঠা মূলা পূর্ব্বষাঢ়া উত্তরাষাঢ়া শ্রবণা এই পাঁচটী নক্ষত্র কল্পিত হইয়া থাকে। ও স্বরে ধনিষ্ঠা শতভিষা পূর্ব্বভাদ্রপদ্ উত্তরভাদ্রপদ্ রেবতী, এই পাঁচটী নক্ষত্র গৃহীত হয়।

স্বরাধিপতি কথনম্।

স্বরাণাঞ্চ ক্রমেণৈব দেবতা পরিকথ্যতে।
ঈশ্বরঃ পবনশ্চৈব ইন্দ্রাকাশঃ সদাশিবঃ॥

অস্বরের অধিপতি ঈশ্বর, ইস্বরের অধিপতি পবন,

উস্বরের অধিপতি ইন্দ্র, এস্বরের অধিপতি আকাশ, ওস্বরের অধিপতি সদাশিব।

প্রাচ্যাং পৃথ্বী গুরুশ্চৈব যাম্যাং শুক্রো জলং তথা।
পশ্চিমে মঙ্গলশ্চাগ্নির্বুধো বায়ুস্তথোত্তরে॥
সূর্য্যপুত্রস্তথাকাশঃ ক্রমাজ্‌জ্ঞেয়ো বিশেষতঃ।

পূর্ব্বদিকে অস্বরে পৃথিবীতত্ত্ব ও বৃহস্পতি। দক্ষিণদিকে ই স্বরে জলতত্ত্ব ও শুক্র। পশ্চিমে উস্বরে মঙ্গল ও অগ্নি তত্ত্ব। উত্তরদিকে এস্বরে বায়ুতত্ত্ব ও বুধ। ঊর্দ্ধে ওস্বরে আকাশতত্ত্ব ও শনি।

"পার্থিবেন ভবেদ্ যুদ্ধং সন্ধির্ভবতি বারুণে।
বিজয়ো বহ্নিতত্ত্বেন বায়ৌ ভঙ্গো মৃতিস্তথা॥"

পৃথিবীতত্ত্বে সংগ্রাম বিষয়ক প্রশ্ন হইলে যুদ্ধ উপস্থিত হয়। জলতত্ত্বে প্রশ্ন হইলে সন্ধি হয়। অগ্নিতত্ত্বে প্রশ্ন হইলে সংগ্রামে জয় হয়। বায়ু তত্ত্বে প্রশ্ন হইলে যুদ্ধে ভঙ্গ ও মৃত্যু ঘটিয়া থাকে।

"বায়ব্যাং বাতজন্তত্বমনলাৎ পিত্তজন্ততা।
বারুণাৎ কফজন্তত্বং মাহেন্দ্রাদেব মিশ্রিতম্॥"

বায়ুতত্ত্ব সময়ে রোগাদি বিষয়ক প্রশ্ন হইলে বাতজন্য রোগ স্থির হইবে। অগ্নিতত্ত্বের সময় প্রশ্ন হইলে পিত্তজনিত রোগ নিরূপণ হইবে। জলতত্ত্বের সময় প্রশ্ন হইলে কফ জন্য রোগ স্থির হইবে। পৃথিবীতত্ত্বের সময় প্রশ্ন হইলে বায়ুপিত্ত কফের মিশ্রতা জনিত রোগ নিরূপণ করিবে।

"নাভসাৎ সন্নিপাতোঽপি জায়তে সর্ব্বসম্মতঃ।"

আকাশতত্ত্বের সময় প্রশ্ন হইলে সান্নিপাতিক বিকার হয়, ইহা সর্ব্ববাদি সম্মত।

"বায়ব্য মণ্ডলে প্রশ্নে জীবো বহ্ন্যনলং ব্রজেৎ।
বাতপিত্তোদ্ভবং বিদ্ধি তথৈব যোগজান্তরম্॥"

প্রশ্ন কর্ত্তা যদি বায়ুতত্ত্ব কালে প্রশ্ন করিয়া পরে অগ্নিতত্ত্বের সময়ে প্রস্থান করে, তাহা হইলে বাতপিত্ত জনিত রোগ নিরূপণ করিবে। এইরূপ অন্যতত্ত্বের সংযোগেও মিশ্র ফল হইবে।

বর্ণনিরূপণম্।

"নীলবর্ণশ্চ বায়ব্যো রক্তবর্ণশ্চ পাবকঃ।
পীতবর্ণশ্চ মাহেন্দ্রো বরুণঃ শুক্লবর্ণকঃ॥"

বায়ুতত্ত্ব নীলবর্ণ, অগ্নিতত্ত্ব রক্তবর্ণ, পৃথিবীতত্ত্ব পীতবর্ণ, জলতত্ত্ব শুক্লবর্ণ। ইহা দ্বারা বর্ণ জানা যায়।

আকৃতি নিরূপণম্।

"অর্দ্ধচন্দ্রো ভবেদ্ বায়ুস্ত্রিকোণস্থানতোঽনলঃ।
চতুরস্রস্তু মাহেন্দ্রো বরুণো বর্ত্তুলাকৃতিঃ॥"

বায়ু (এ) অর্দ্ধচন্দ্রাকার। অগ্নি (উ) ত্রিকোণ। পৃথিবী (অ) চতুষ্কোণ। বরুণ (ই) গোলাকার।

ক্ষিতৌ ব্রহ্মা জলে বিষ্ণুস্তথা রুদ্রো হুতাশনে।
ঈশ্বরঃ পবনে চৈব তথাকাশে সদাশিবঃ॥

পৃথিবীতত্ত্বের অধিপতি ব্রহ্মা, জলের অধিপতি বিষ্ণু, অগ্নির অধিপতি রুদ্র, পবনের অধিপতি ঈশ্বর এবং আকাশের অধিপতি সদাশিব।



কালনিরূপণম্।

ভূতৌ ময়ূরকুজৌ চ কুক্কুটো বর্ত্তমানকঃ।
বলিভুক্‌শ্যেনকৌ খ্যাতৌ ভবিষ্যন্তৌ সুনিশ্চিতম্॥

পেচক ও ময়ূর অতীত কাল। কুক্কুট বর্ত্তমান কাল। শ্যেন ও কাক ভবিষ্যৎ কাল সন্দেহ নাই।

ভুক্তৌ চ মাসং গমনে চ পক্ষং রাজ্যে দিনং স্বপ্নগতেঽস্তনক।
মৃতে চ বর্ষং প্রবদন্তি সংখ্যাং কালপ্রমাণং মুনয়ঃ প্রবুদ্ধাঃ॥

পক্ষিগণের ভোজনাবস্থায় প্রশ্ন হইলে এক মাসে, গমনাবস্থায় প্রশ্ন হইলে, এক পক্ষে, রাজ্যাবস্থায় প্রশ্ন

হইলে এক দিনে, স্বপ্নাবস্থায় প্রশ্ন হইলে ছয় মাসে, মরণাবস্থায় প্রশ্ন হইলে এক বৎসরে ফল হয়। মহর্ষিগণ এইরূপে ফলের কাল পরিমাণ নিরূপণ করিয়াছেন।

### প্রশ্নপদার্থ নিরূপণম্।

শ্যেনো মূলো ভবেৎ কুজো জীবো ধাতুশ্চ বায়সঃ।
কুক্কুটৌ মূলজীবৌ চ মূলধাতুঃ শিখণ্ড্যপি॥

শ্যেন দ্বারা মূল পেচক দ্বারা জীব, বায়স দ্বারা ধাতু, কুক্কুট দ্বারা মূল ও জীব, ময়ূর দ্বারা মূল ও ধাতু নিরূপিত হইয়া থাকে।

### জীবভেদ নিরূপণম্।

চতুষ্পাৎ পিঙ্গলো জ্ঞেয়ো দ্বিপাদৌ শ্যেনবায়সৌ।
তাম্রচূড়ো নখী শৃঙ্গী শিখণ্ডী পক্ষিজীবকঃ॥

পিঙ্গল দ্বারা চতুষ্পদ জীব, শ্যেন ও বায়স দ্বারা দ্বিপদ জন্তু, কুক্কুট দ্বারা নখায়ুধ ও শৃঙ্গায়ুধ জন্তু, ময়ূর দ্বারা পক্ষী জাতি লক্ষিত হইবে।

### লিঙ্গভেদকথনম্।

শ্যেনঃ পুমান্ বধূঃ কুজো বায়সঃ পুরুষস্তথা।
কুক্কুটঃ স্ত্রীপুমাংশ্চৈব শিখণ্ডী চ নপুংসকম্॥

শ্যেন দ্বারা পুরুষ, পেচক দ্বারা স্ত্রী, কাক দ্বারা পুরুষ, কুক্কুট দ্বারা স্ত্রী ও পুরুষ, ময়ূর দ্বারা নপুংসক লক্ষিত হইবে।

### জাতিভেদ নিরূপণম্।

শ্যেনকুজৌ দ্বিজশ্রেষ্ঠৌ মহীপালস্তু বায়সঃ।
তাম্রচূড়ো বণিক শূদ্রো নীলকণ্ঠস্তথান্ত্যজঃ॥

শ্যেন ও পেচক দ্বারা ব্রাহ্মণ, কাক দ্বারা ক্ষত্রিয়, কুক্কুট দ্বারা বৈশ্য ও শূদ্র, ময়ূর দ্বারা অন্ত্যজ জাতি নিরূপণ করিবে।

### বর্ণভেদ নিরূপণম্।

শ্যেনো হিরণ্যবর্ণশ্চ পিঙ্গলঃ শুক্লবর্ণকঃ।
কাকো রক্তঃ সিতশ্চিত্রঃ কুক্কুটঃ শ্যামলঃ শিখী॥

শ্যেনপক্ষি দ্বারা সুবর্ণ বর্ণ, পিঙ্গল দ্বারা শুক্লবর্ণ, কাকদ্বারা রক্তবর্ণ, কুক্কুট দ্বারা বিচিত্র শ্বেতবর্ণ, ময়ূর দ্বারা শ্যামলবর্ণ লক্ষিত হইয়া থাকে।

### বলজ্ঞানম্।

কাকো বলী তু সর্ব্বেভ্যস্তস্মাৎ শ্যেনো হি দুর্ব্বলঃ।
কুক্কুটো দুর্ব্বলস্তস্মাৎ তস্মাৎ কুজো হি দুর্ব্বলঃ॥
সর্ব্বেভ্যো দুর্ব্বলঃ পক্ষী নীলকণ্ঠো ন সংশয়ঃ।

কাক সর্ব্বাপেক্ষা বলবান্, কাক অপেক্ষা শ্যেন দুর্ব্বল, শ্যেন অপেক্ষা কুক্কুট দুর্ব্বল, কুক্কুট অপেক্ষা পেচক দুর্ব্বল, পেচক অপেক্ষা ময়ূর দুর্ব্বল, সন্দেহ নাই।

### ধাতুভেদ কথনম্।

শুক্রে চন্দ্রে ভবেদ্রৌপ্যং বুধে স্বর্ণমুদাহৃতম্।
গুরৌ রত্নযুতং হেম সূর্য্যে মৌক্তিকমুচ্যতে॥
ভৌমে তাম্রং শনৌ লৌহং বারাণামুদয়ক্রমাৎ।

ধাতু বিষয়ক প্রশ্ন হইলে প্রথমত স্বর দ্বারা বারের উদয় করিতে হইবে। সোম বার ও শুক্র বারের উদয় হইলে রৌপ্য, বুধবারের উদয় হইলে সুবর্ণ, বৃহস্পতি বারের উদয় হইলে রত্নযুক্ত সুবর্ণ, রবিবার উদিত হইলে মুক্তা, মঙ্গল বার হইলে তাম্র, শনিবার হইলে লৌহস্থির করিবে।

### উদ্ভিন্নিরূপণম্।

শুক্রে চন্দ্রে গুল্মবল্লী, লতাকন্দৌ বুধে তথা।
পত্রং গুরৌ ফলং সূর্য্যে মূলঞ্চ রবিজে কুজে॥

উদ্ভিদ্ বিষয়ক প্রশ্ন হইলে যদি সোম বা শুক্র বারের উদয় হয়, তাহা হইলে গুল্ম বা বল্লী স্থির হইবে। বুধ বারের উদয় হইলে, লতা বা কন্দ নিরূপিত হইবে। এইরূপ বৃহস্পতি বারের উদয় হইলে পত্র, রবি বারের উদয় হইলে ফল, শনি বা মঙ্গল বারের উদয় হইলে মূল নিরূপিত হইবে।

### হৃত ধনাদিকস্থাবস্থা নিরূপণম্।

শ্যেনেঽদৃশ্যধনং জ্ঞেয়ং পিঙ্গলে জলপঙ্কযুক্।
বায়সে তৃণসংযুক্তং কুক্কুটে ভস্মনাবৃতম্॥

শ্যেনপক্ষী দ্বারা জানিতে পারা যায় যে, ধন ভূতলে নিখাত আছে। পিঙ্গল দ্বারা অবগত হওয়া যায় যে, হৃতদ্রব্য জল ও পঙ্কের মধ্যে আছে। বায়স দ্বারা জানা যায় যে, অপহৃত ধন তৃণমধ্যে লুক্কায়িত রহিয়াছে। কুক্কুট দ্বারা জ্ঞাত হওয়া যায় যে, অপহৃত বস্তু ভস্মাবৃত আছে।

### হৃতধনাদিকস্থিতিস্থান নিরূপণম্।

শ্যেনঃ শিখী গৃহাভ্যন্তরং বন্ধুস্থানেষু নিশ্চিতম্।
স্বগ্রামে শ্যেনকুজৌ চ বায়সে বন্ধুমাপ্নুয়াৎ॥
কুক্কুটঃ পরদেশে চ পরগ্রামে তথা শিখী।

শ্যেন ও ময়ূর দ্বারা জানা যাইবে যে হৃত দ্রব্য গৃহ মধ্যে কিম্বা আত্মীয়ের নিকট আছে। শ্যেন ও পেচক দ্বারা নিরূপণ করা যাইবে যে, সেই ধনাদি নিজ গ্রামের মধ্যেই আছে। বায়স দ্বারা জ্ঞাত হওয়া যাইবে যে, কোন আত্মীয় বন্ধু তাহা প্রাপ্ত হইয়াছে। কুক্কুট দ্বারা নিরূপিত হইবে যে, তাহা দেশান্তরে গিয়াছে, ময়ূর দ্বারা জানিতে পারা যাইবে যে, তাহা কোন গ্রামান্তরে নীত হইয়াছে।

### দূরতা নিরূপণম্।

কুজশ্চেদ্দশ হস্তে স্যাৎ চতুঃক্রোশে চ কুক্কুটঃ।
দ্বিক্রোশে চ শিখী কাকঃ শ্যেনঃ ক্রোশে চ পূর্ব্বতঃ॥

পেচকের উদয় হইলে দশহস্ত দূরে, কুক্কুটের উদয় হইলে, চারি ক্রোশ দূরে, ময়ূরের উদয় হইলে দুই ক্রোশ দূরে, শ্যেনের উদয় হইলে এক ক্রোশ দূরে চিন্তিত বা উদ্দিষ্ট দ্রব্য আছে, বলিয়া দিবে। কোন্ দিকে উদ্দিষ্ট দ্রব্য আছে, জানিবার আবশ্যক হইলে কোন্ পক্ষী কোন্ দিকের অধিপতি, তাহা দ্বারা দিক্ নিরূপণ করিবে। অর্থাৎ শ্যেনের উদয় দ্বারা পূর্ব্বদিক্, পেচকের উদয় দ্বারা দক্ষিণ দিক্, কাকের উদয় দ্বারা পশ্চিম দিক্, কুক্কুটের উদয় দ্বারা উত্তর দিক্, ময়ূরের উদয় দ্বারা অবশিষ্ট সমুদায় দিক্ নির্ণীত হইয়া থাকে।

### অঙ্গপ্রত্যঙ্গভেদ কথনম্।

শ্যেনো মুখং কণ্ঠবাহূ কুজো বক্ষস্তু বায়সঃ।
কুক্কুটঃ পৃষ্ঠভাগঃ স্যাৎ শিখী পাদযুগং ক্রমাৎ॥

শ্যেনপক্ষি দ্বারা মুখ, পেচক দ্বারা কণ্ঠ ও বাহু, বায়স দ্বারা বক্ষঃস্থল, কুক্কুট দ্বারা পৃষ্ঠদেশ, ময়ূর দ্বারা চরণ-যুগল স্থির হইয়া থাকে। ইহা দ্বারা হৃতাদি দ্রব্য কোন্ অঙ্গের অলঙ্কার, তাহা জানিতে পারা যায়। অথবা প্রশ্নকর্ত্তা প্রশ্নকালে যে অঙ্গ স্পর্শ করে, তাহা দ্বারা প্রশ্নপক্ষী নিরূপিত হইতে পারে।

### শত্রুমিত্রতাব কথনম্।

মিত্রং ময়ূরঃ শ্যেনস্য ময়ূরস্য চ পিঙ্গলঃ।
তাম্রচূড়স্য সুহৃদৌ ময়ূরপিঙ্গলৌ তথা॥
বায়সস্যাপি মিত্রং স্যাৎ শিখী ভবতি সর্ব্বদা।
সুহৃদৌ পিঙ্গলস্যেনৌ ময়ূরারুণশেখরৌ॥

শ্যেনের মিত্র ময়ূর, ময়ূরের মিত্র পিঙ্গল, কুক্কুটের মিত্র ময়ূর ও পিঙ্গল, কাকের মিত্র ময়ূর, পিঙ্গলের মিত্র ময়ূর ও কুক্কুট।

কাককুক্কুটৌ শ্যেনস্য পিঙ্গলস্য চ বিদ্বিষৌ।
ময়ূরস্য রিপুর্নিত্যং সর্ব্বদা শ্যেনবায়সৌ॥
ভবতঃ শ্যেনকাকৌ দ্বৌ তাম্রচূড়স্য বিদ্বিষৌ।
কাকস্য শত্রবো নিত্যং পিঙ্গলশ্যেনকুক্কুটাঃ॥

কাক ও কুক্কুট শ্যেনের শত্রু। ঐ কাক ও কুক্কুট পিঙ্গলের শত্রু। শ্যেন ও কাক ময়ূরের শত্রু। ঐ শ্যেন ও কাক কুক্কুটের শত্রু। পিঙ্গল শ্যেন ও কুক্কুট কাকের শত্রু,

### বারযোগে পঞ্চপক্ষিনিরূপণম্।

রবৌ ভৌমে চ ভেরুণ্ডো ময়ূরবায়সৌ শনৌ।
পদায়ুধঃ শিখী শুক্রে কাককুজৌ গুরৌ তথা॥
কুজঃ কুক্কুটকো জ্ঞেন্দ্বোঃ ক্রমোহয়ং শুক্লকৃষ্ণয়োঃ।

রবি ও মঙ্গলবারে শুক্ল ও কৃষ্ণপক্ষে শ্যেনপক্ষী, শনিবারে শুক্লপক্ষে ময়ূর, কৃষ্ণপক্ষে কাক, শুক্রবারে শুক্লপক্ষে ময়ূর, ও কৃষ্ণপক্ষে কুক্কুট, বৃহস্পতিবারে শুক্লপক্ষে কাক ও কৃষ্ণপক্ষে পিঙ্গল, সোম ও বুধবারে শুক্লপক্ষে পিঙ্গল ও কৃষ্ণপক্ষে কুক্কুট অধিপতি হইয়া থাকেন। ইহার নাম দিনপক্ষী। ইহা দ্বারা প্রশ্নদ্রব্য নির্ণয় হয়।*

---

* কোন কোন মতে শুক্লপক্ষ ও কৃষ্ণপক্ষ অনুসারে বার তিথি নক্ষত্র প্রভৃতির অধিপতি পক্ষিগণের বিভিন্নতা প্রদর্শিত হইয়াছে। এই শিবোক্ত পঞ্চপক্ষীর ২ পৃষ্ঠা ১ কলম দেখিলেই বোধ গম্য হইবে।

ফলাফলগণনাক্রমকথনম্।

দিনেষু শুক্লপক্ষে যঃ কৃষ্ণে রাত্রিষু সংক্রমঃ।
কৃষ্ণ পক্ষে দিনে যস্তু শুক্লে রাত্রিষু সংক্রমঃ॥

শুক্লপক্ষের দিবসে যে বারে যে পক্ষির পরে যে পক্ষির উদয় হয়, কৃষ্ণপক্ষের রাত্রিতে সেই বারে সেই পক্ষির পরে সেই পক্ষির উদয় হইয়া থাকে। কৃষ্ণপক্ষের দিনে যে বারে যে পক্ষির পরে যে পক্ষির উদয় হয়, শুক্লপক্ষের রজনীতেও সেই বারে সেই পক্ষির পরে সেই পক্ষির উদয় হইয়া থাকে।

একান্তরাদয়ঃ কৃষ্ণে শুক্লপক্ষে ক্রমোদয়ঃ।

কৃষ্ণপক্ষের দিবাতে প্রথমে যে পক্ষির উদয় হয়, তাহার একএকটি পক্ষির পরে একএকটি পক্ষির উদয় হইবে, এবং শুক্লপক্ষের দিবসে প্রথমে যে পক্ষির উদয় হয়, তাহার পরপরবর্ত্তী পক্ষিসকল ক্রমশঃ উদিত হইয়া থাকে।

শুক্লপক্ষদিবাস্বরকথনং কৃষ্ণপক্ষরাত্রিস্বরকথনঞ্চ।

অ হি পু রে ভো। গো কা রি পু রে।
এ কো ন রি পু। উ পে ন্দ্রো হ রি।
বি ষ্ণু স্তে লো ক॥

সূত্র।

| | | | | |
|---|---|---|---|---|
| অ | ই | উ | এ | ও |
| ও | অ | ই | উ | এ |
| এ | ও | অ | ই | উ |
| উ | এ | ও | অ | ই |
| ই | উ | এ | ও | অ |

শুক্লপক্ষের দিবসে ও কৃষ্ণপক্ষের রাত্রীতে রবি ও মঙ্গল বারে সূর্য্যোদয়ে প্রথমতঃ শ্যেন, তৎপর ক্রমে পিঙ্গল, কাক, কুক্কুট ও ময়ূরের উদয় হইয়া থাকে। শনিবারে প্রথমতঃ ময়ূর, তৎপরক্রমে শ্যেন, পিঙ্গল, কাক ও কুক্কুট; শুক্রবারে প্রথমতঃ কুক্কুট, পরক্রমে ময়ূর, শ্যেন, পিঙ্গল, ও কাক; বৃহস্পতিবারে ঐরূপ প্রথমতঃ কাক, পরে ক্রমে কুক্কুট, ময়ূর, শ্যেন ও পিঙ্গল; এবং সোম ও বুধবারে প্রথমতঃ পিঙ্গল, পরে ক্রমে কাক, কুক্কুট, ময়ূর ও শ্যেন উদিত হয়।

কৃষ্ণপক্ষদিবাস্বরকথনং শুক্লপক্ষরাত্রিস্বরকথনঞ্চ।

অ চু মো দি তে। উ গ্মো দি তে ন।
ও দি তে ব য়ুঃ। ই ত্যে ব জু হো।
এ ব মু ক্তো সি॥

সূত্র।

| | | | | |
|---|---|---|---|---|
| অ | উ | ও | ই | এ |
| উ | ও | ই | এ | অ |
| ও | ই | এ | অ | উ |
| ই | এ | অ | উ | ও |
| এ | অ | উ | ও | ই |

কৃষ্ণপক্ষের দিবসে এবং শুক্লপক্ষের রজনীতে রবি ও মঙ্গলবারে সূর্য্যোদয়ে প্রথমতঃ শ্যেন, তৎপর ক্রমে কাক, ময়ূর, পিঙ্গল ও কুক্কুট; শনিবারে অগ্রে কাক, পরে ক্রমে ময়ূর, পিঙ্গল, কুক্কুট ও শ্যেন; শুক্রবারে প্রথমতঃ ময়ূর, পরে ক্রমে পিঙ্গল, কুক্কুট, শ্যেন ও কাক; বৃহস্পতিবারে অগ্রে পিঙ্গল, তৎপর ক্রমে কুক্কুট, শ্যেন, কাক ও ময়ূর; এবং সোম ও বুধবারে প্রথমতঃ কুক্কুট, পরে ক্রমে শ্যেন, কাক, ময়ূর ও পিঙ্গল উদিত হয়।

পঞ্চপক্ষিণাংবাল্যাদি পঞ্চাবস্থাকথনম্।

বালঃ কুমারস্তরুণো বৃদ্ধো মৃতোরিতি ক্রমাৎ।
ঘটিকা ষট্‌ষড়েবং হি ফলমেষামুদাহৃতং॥

বাল, কুমার, তরুণ, বৃদ্ধ এবং মৃত,—এই পাঁচটী অবস্থা ছয় ছয় দণ্ড পরিমাণে প্রত্যেক পক্ষী প্রাপ্ত হইয়া থাকে। ইহাদের ফল লিখিত হইতেছে।—

দৃষ্টান্ত যথা—শ্যেন পক্ষী শুক্লপক্ষে রবিবারে প্রভাতে উদিত হইয়া বেলা ৬ দণ্ড পর্য্যন্ত বাল্যাবস্থা ভোগ করে, তৎপরে ১২ দণ্ড পর্য্যন্ত কৌমারাবস্থা, তৎপর ১৮ দণ্ড পর্য্যন্ত যৌবনাবস্থা, ১৮ দণ্ডের পর ২৪ দণ্ড পর্য্যন্ত বৃদ্ধাবস্থা, শেষ ৩০দণ্ড পর্য্যন্ত মরণাবস্থা ভোগ করিয়া থাকে। শ্যেন পক্ষী যে ৬ দণ্ড বাল্যাবস্থা, ভোগ করে, সেই ৬ দণ্ডকালমধ্যে পিঙ্গলপক্ষী কৌমারাবস্থা, কাক তরুণাবস্থা, কুক্কুট

বৃদ্ধাবস্থা, এবং ময়ূর মরণাবস্থা প্রাপ্ত হইয়া থাকে।৬ দণ্ডের পর ১২ দণ্ড পর্য্যন্ত যখন শ্যেনপক্ষী কৌমারাবস্থা ভোগ করে, তখন ময়ূরের বাল্যাবস্থা, পিঙ্গলের যৌবনাবস্থা, কাকের বৃদ্ধাবস্থা, এবং কুক্কুটের মরণাবস্থা হইয়া থাকে। এই রূপ ভোজনাদি চক্র দৃষ্টে ভোজন, গমন, রাজ্য, নিদ্রা ও মরণ স্থলে বাল, কুমার, তরুণ, বৃদ্ধ ও মৃত এই পঞ্চ অবস্থা বিচার করিয়া ফলাফল গণনা করিবে।

পক্ষির বাল্যাবস্থায় প্রশ্ন হইলে কিঞ্চিৎ লাভ অবশ্য হইবে ইত্যাদি পরের শ্লোকে প্রকাশিত হইবে।

পঞ্চপক্ষিণাং বাল্যাদিপঞ্চাবস্থাফলকথনম্।

কিঞ্চিল্লাভকরোবালঃ কুমারস্বর্দ্ধলাভদঃ।
তরুণে কার্য্যসম্পত্তি র্বৃদ্ধে হানির্মৃতৌ মৃতিঃ॥

পক্ষিদিগের বাল্য অবস্থায় কিঞ্চিৎ লাভ, কৌমার অবস্থায় অর্দ্ধলাভ, তরুণাবস্থায় কার্য্যের সম্পূর্ণ সিদ্ধি, বৃদ্ধাবস্থায় হানি এবং মৃতাবস্থায় মৃত্যু উপস্থিত হয়।

বাল্যাদিপঞ্চাবস্থাদ্বারায় চিন্তা ও ফল উভয়প্রকার গণনা হইতে পারে। যথা—

অকারাদিক্ষকারান্তা-বালাদিপঞ্চকাঃ স্বরাঃ।
আদ্যবর্ণং লভেৎ প্রশ্নে বালাদিফলসম্মতাঃ॥
বালকে পরচিন্তা স্যাৎ গমাগমো ন সংশয়ঃ।
পরদ্রব্যগতঃ স্থিরঃ কিঞ্চিল্লাভো ন সংশয়ঃ॥ ১॥
কুমারে দ্বিতীয়ং প্রশ্নং পুংস্ত্রিয়ং বালকান্বিতম্।
অথবা রজতং খণ্ডং মূলঞ্চ লাভমর্দ্ধকম্॥ ২॥
তরুণে স্থানচিন্তা স্যাৎ লাভচিন্তা বিশেষতঃ।
স্বস্থো দ্বিতীয়জীবশ্চ প্রবাসং কুরুতে সদা॥ ৩॥
বৃদ্ধে রোগভয়ে চৈব কলহং দুঃখচিন্তনম্॥ ৪॥
নষ্টং বাপি মনস্তাপং স্থানভ্রষ্টং গমাগমৌ।
পীড়িতং মরণং বাপি পরহস্তগতং ধনম্॥ ৫॥

পঞ্চপক্ষিণাং ভোজনাদিপঞ্চাবস্থাকথনম্।

ভোজনং গমনং রাজ্যং নিদ্রা মরণ মেব চ।
গণয়েৎ পঞ্চপক্ষ্যাদৌ ফলং ব্রূয়াদ্ যথা তথা॥

ভোজন গমন, রাজ্য, নিদ্রা এবং মরণ,—এই পাঁচটী অবস্থা প্রত্যেক পক্ষী ভোগ করে। পক্ষিদিগের অবস্থা-ভেদে দৈবজ্ঞ গণনা করিয়া সর্ব্বত্র ফল বলিবে।

পঞ্চপক্ষিণাং ভোজনাদিপঞ্চাবস্থাফলকথনম্।

রাজ্যং সুভিক্ষমক্ষোভং নষ্টলাভং সদাজয়ং।
রোগ-মুক্তং মহালাভং পক্ষিণাং ভুক্তিলক্ষণং॥

রাজ্য, সুভিক্ষ, অক্ষোভ নষ্টপুনঃপ্রাপ্তি, সর্ব্বদা বিজয়, ও পীড়ানিষ্কৃতি —এই সকল পরমলাভ, পক্ষিদিগের ভোজনের ফল। *

অনায়াসেন দৃষ্টঃ স্যাদদৃষ্টে ধনসঞ্চয়ঃ।
ভূলাভোরোগনাশশ্চ যাত্রাসিদ্ধিঃ রণেজয়ঃ।
দূরাদাগমনং যোগঃ প্রয়াণে পক্ষিলক্ষণং॥

নষ্ট বা হৃতপদার্থের অনায়াসপ্রাপ্তি, ভূমিলাভ, রোগ হইতে মুক্তি, যাত্রাসিদ্ধি যুদ্ধে জয়, দূর হইতে আগমন—এই সকল ফল পক্ষির গমনে বুঝায়।

রাজ্যলাভং জয়ং সৌখ্যমক্ষোভং রোগনাশনম্।
সুভিক্ষ্যং বহুবৃষ্টিশ্চ পক্ষিণাং রাজ্যলক্ষণম্॥

রাজত্বপ্রাপ্তি, জয়, সুখলাভ, ক্ষোভশূন্যতা, আরোগ্য, সুভিক্ষ, ও অতিবৃষ্টি,—এই সকল পক্ষিগণের রাজ্যের ফল।

যাত্রা হানিরনাবৃষ্টিঃ কার্য্য-হানিরদর্শনং।
ব্যাধিশ্চ দীর্ঘ-রোগশ্চ পক্ষিণাং সুপ্তিলক্ষণং॥

যাত্রাহানি, অনাবৃষ্টি, কর্ম্মক্ষতি, অসাক্ষাৎ, রোগ, ও দীর্ঘকালস্থায়িনী পীড়া,—এই গুলি পক্ষিদিগের নিদ্রার ফল।

অপমৃত্যুর্ভয়শ্চৈব সর্ব্ব-কার্য্যবিনাশনং।
এতদেব ফলং ব্রূয়াৎ পক্ষিণাং মৃত্যুলক্ষণং॥

অপমৃত্যু, ভয় ও সকলকর্ম্মনাশ,—পক্ষিদিগের মৃত্যু লক্ষণে এই সকল ফল বলিবে।

*ভোজনাবস্থার ছয়টি ফল যে লিখিত হইয়াছে, তাহার গণনার উপদেশ এই যে, যে ৬ দণ্ডকাল নির্দ্ধারিত আছে, তাহার প্রথম দণ্ডে রাজ্যপ্রাপ্তি, দ্বিতীয় দণ্ডে সুভিক্ষ, তৃতীয় দণ্ডে অক্ষোভ, চতুর্থ দণ্ডে নষ্টপুনঃপ্রাপ্তি, পঞ্চম দণ্ডে সর্ব্বদা বিজয় ও ষষ্ঠদণ্ডে পীড়ানিষ্কৃতি হইবে।

এইরূপ পক্ষিদিগের গমন, রাজ্য, নিদ্রা ইত্যাদি অবস্থাতেও প্রত্যেক দণ্ডে ফল বিচার করিয়া দৈবজ্ঞ গণনা করিবে।

### শুক্লপক্ষদিবসে কৃষ্ণপক্ষরাত্রৌ চ পঞ্চপক্ষি-পরিক্রমকথনম্।

শ্যেনে ভোক্তরি কুব্জঃ স্যাৎ পান্থঃ কাকোমহীপতিঃ।
তাম্রচূড়স্তথা নিদ্রাং নীলকণ্ঠো মৃতস্তথা॥

শ্যেনের ভোজনসময়ে পেচকের গমন, বায়সের রাজ্য, কুক্কুটের নিদ্রা ও ময়ূরের মরণ অবস্থা প্রাপ্ত হয়।

কুব্জে ভোক্তরি যাত্রায়াং বায়সঃ কুক্কুটোনৃপঃ।
নীলকণ্ঠঃ স্বপ্নগতঃ শ্যেনো মৃত্যুবশং গতঃ॥

পেচকের ভোজনকালে বায়স পথিক, কুক্কুট রাজা, ময়ূর নিদ্রিত, এবং শ্যেন মৃতাবস্থায় পতিত হয়।

কাকে ভোক্তরি যাত্রায়াং তাম্রচূড়ঃ শিখী নৃপঃ।
নিদ্রায়াং রমতে শ্যেনঃ কুব্জঃ কালবশং গতঃ॥

কাকের ভোজনসময়ে কুক্কুট গমন করে, ময়ূর রাজত্ব করে, শ্যেন শয়ন করে ও পেচক মরিয়া যায়।

কুক্কুটে ভোক্তরি তদা শিখী গমন মাপ্নুয়াৎ।
শ্যেনোমহীপতিঃ কুব্জঃ স্বাপী কাকোমৃতিং গতঃ॥

কুক্কুটের ভোজনকালে ময়ূর পথিক, শ্যেন নৃপতি, পেচক প্রসুপ্ত এবং কাক মৃত হয়।

ময়ূরে ভোক্তরি শ্যেনঃ পান্থঃ কুব্জো মহীপতিঃ।
স্বপ্নাবস্থাং গতঃ কাকঃ তাম্রচূড়ো মৃতস্তথা॥

ময়ূরের ভোজনে বাজ পথিক, পেচক রাজা, কাক নিদ্রিত এবং কুক্কুট মৃত হয়।

### কৃষ্ণপক্ষদিবসে শুক্লপক্ষরাত্রৌ চ পঞ্চপক্ষি-পরিক্রমকথনম্।

শ্যেনে ভোক্তরি কাকস্তু পান্থো রাজা ভুজঙ্গভুক্।
স্বপ্নাবস্থাং গতঃ কুব্জঃ প্রবাসী তাম্রশেখরঃ॥

শ্যেনের ভোজনকালে কাক পান্থ, ময়ূর রাজা, পেচক সুপ্ত ও কুক্কুট মৃত হয়।

কাকে ভোক্তরি কেকী তু পান্থঃ স্যাৎ পিঙ্গলোনৃপঃ।
তাম্রচূড়স্তথা নিদ্রাং শ্যেনঃ কালবশংগতঃ॥

কাকের ভোজনসময়ে ময়ূরের গমন, পিঙ্গলের রাজ্য, কুক্কুটের শয়ন, এবং শ্যেনের মৃত্যু অবস্থা হয়।

ময়ূরে ভোক্তরি কুব্জঃ পান্থো রাজা তু কুক্কুটঃ।
শ্যেনো নিদ্রাবশং যাতঃ কাকো মৃত্যুবশংগতঃ॥

ময়ূরের ভোজনসময়ে পেচকের গমন, কুক্কুটের রাজ্য, শ্যেনের নিদ্রা ও কাকের মৃত্যু হয়।

কুব্জে ভোক্তরি কুক্কুটঃ পান্থঃ শ্যেনো মহীপতিঃ।
নিদ্রায়াং রমতে কাকঃ নীলকণ্ঠে মৃতস্তথা॥

পেচকের ভোজনকালে কুক্কুট পক্ষির গমন, শ্যেন পক্ষির রাজ্য, কাকের নিদ্রা ও ময়ূরের মৃত্যু হয়।

কুক্কুটে ভোক্তরি শ্যেনঃ পান্থো রাজা তু বায়সঃ।
শিখী নিদ্রাবশংযাতঃ পিঙ্গলঃ কালমাপ্নুয়াৎ॥

কুক্কুটের ভোজনকালে শ্যেনের গমন, বায়সের রাজ্য, ময়ূরের নিদ্রা, ও পেচকের মৃত্যু হয়।

অকারস্তত্রসংস্থানে ইকারো ভূমিসন্নিধৌ।
ঈকারঃ পুংস্ত্রীণাং প্রোক্তস্তথা ব্রাহ্মণসন্নিধৌ।
উকারশ্চ ভূদেবস্থ তথা চৌরস্য ভবনে॥

চৌরাপহৃত বা নষ্টদ্রব্যাদি কোথায় আছে, তাহা জানিবার উপায়—প্রশ্নাক্ষরের আদ্যস্বর অকার হইলে নষ্ট বা অপহৃত বস্তু সেই স্থানেই আছে, ইকার হইলে ভূমির নিকটে আছে, ঈকার হইলে পুরুষ স্ত্রী অথবা ব্রাহ্মণের নিকটে আছে, এবং উকার হইলে ব্রাহ্মণ কিম্বা চৌরের গৃহে আছে বুঝাইবে।

অকারে সাবিত্রী-ললীতা-মেধা পূর্ব্বে, ইকারে চন্দ্র-দেবকী দক্ষিণে; উকারে ভদ্রিকা দেবী পশ্চিমে, একারে কান্তিকা উত্তরে, ওকারে নন্দিনঃ প্রোক্তা বিদিকম্।

### গ্রন্থপ্রাধান্যবর্ণনম্।

ইত্যুক্তং পক্ষিণাং ভোগং লাভালাভং শুভাশুভং।
যেন বিজ্ঞানমাত্রেণ ত্রিকালজ্ঞো ভবেন্নরঃ॥

এই পক্ষিদিগের ভোগ, লাভ, অলাভ, শুভ, অশুভাদি কথিত হইল, যাহা জানিবামাত্রেই মনুষ্য ভূত-ভবিষ্য-বর্ত্তমান এই কালত্রয়বেত্তা হইবে।

যাবন্ন শ্রূয়তে পক্ষী শকুনানা মনেকশঃ।
তাবদ্গর্জ্জন্তি শাস্ত্রাণি শকুনঃ শঙ্করোদিতঃ॥

এই মহাদেবপ্রণীত শকুনশাস্ত্র (পঞ্চপক্ষীবিদ্যা) দ্বারা যে পর্য্যন্ত মনোগত অভিপ্রায় প্রকাশ না হয়, সেই পর্য্যন্ত পক্ষিগণ বারম্বার গর্জ্জন করিতে থাকে।

অর্থাৎ প্রশ্নকর্ত্তা যে পর্য্যন্ত দৈবজ্ঞমুখ হইতে মনোগত

উত্তর না প্রাপ্ত হয়েন, সে পর্য্যন্ত তাঁহার অঙ্গ-প্রত্যঙ্গ-চালনাদিদ্বারা পক্ষিগণ মনোগত ভাব ব্যক্ত করিতে নিবৃত্ত থাকে না।

অথ মহারুদ্রবীজং॥ যথা—ওঁ নমঃ পদ্মাসনে ঐঁ হ্রীঁ ক্লীঁ শব্দরূপিণী বদবদ বাধাদিনি স্বাহা॥ ইতি মহারুদ্রমন্ত্রঃ।

অস্য পুরশ্চরণং পঞ্চবিংশতিসহস্রজপঃ। শুক্ল-পঞ্চমীমারভ্য কৃষ্ণচতুর্থীং যাবৎ। অহিপুরেভো ইত্যাদি বোদ্ধব্যম্।

অথ পঞ্চপক্ষিধ্যানং।

বন্দে সিন্দূরবর্ণং মণিমুকুটলসচ্চারুচন্দ্রাবতংসং ভালোদ্যন্নেত্রমীশং স্মিতমুখকমলং দিব্যভূষাঙ্গরাগং। বামোরুন্যস্ত-পাণাবরুণকুবলয়ং সংদধত্যাঃ প্রিয়ায়া বৃত্তে তুঙ্গস্তধাদ্রে-র্নিহিতকরতলং বেদটঙ্কেশহস্তং॥ ইতি ধ্যাত্বা॥ যথা-শক্তি পূজাং কূর্য্যাৎ।

## পঞ্চপক্ষীচক্র।

শুক্লদিবা ও কৃষ্ণরাত্রি।

রবি ও মঙ্গলবার।

| দণ্ড | ৬ | ১২ | ১৮ | ২৪ | ৩০ |
|---|---|---|---|---|---|
| ভো | শ্যে | ম | কু | কা | পি |
| গ | পি | শ্যে | ম | কু | কা |
| রা | কা | পি | শ্যে | ম | কু |
| নি | কু | কা | পি | শ্যে | ম |
| ম | ম | কু | কা | পি | শ্যে |

শুক্লদিবা ও কৃষ্ণরাত্রি।

সোম ও বুধবার।

| দণ্ড | ৬ | ১২ | ১৮ | ২৪ | ৩০ |
|---|---|---|---|---|---|
| ভো | পি | শ্যে | ম | কু | কা |
| গ | কা | পি | শ্যে | ম | কু |
| রা | কু | কা | পি | শ্যে | ম |
| নি | ম | কু | কা | পি | শ্যে |
| ম | শ্যে | ম | কু | কা | পি |

শুক্লদিবা ও কৃষ্ণরাত্রি।

বৃহস্পতিবার।

| দণ্ড | ৬ | ১২ | ১৮ | ২৪ | ৩০ |
|---|---|---|---|---|---|
| ভো | কা | পি | শ্যে | ম | কু |
| গ | কু | কা | পি | শ্যে | ম |
| রা | ম | কু | কা | পি | শ্যে |
| নি | শ্যে | ম | কু | কা | পি |
| ম | পি | শ্যে | ম | কু | কা |

শুক্লদিবা ও কৃষ্ণরাত্রি।

শুক্রবার।

| দণ্ড | ৬ | ১২ | ১৮ | ২৪ | ৩০ |
|---|---|---|---|---|---|
| ভো | কু | কা | পি | শ্যে | ম |
| গ | ম | কু | কা | পি | শ্যে |
| রা | শ্যে | ম | কু | কা | পি |
| নি | পি | শ্যে | ম | কু | কা |
| ম | কা | পি | শ্যে | ম | কু |

শুক্লদিবা ও কৃষ্ণরাত্রি।

শনিবার।

| দণ্ড | ৬ | ১২ | ১৮ | ২৪ | ৩০ |
|---|---|---|---|---|---|
| ভো | ম | কু | কা | পি | শ্যে |
| গ | শ্যে | ম | কু | কা | পি |
| রা | পি | শ্যে | ম | কু | কা |
| নি | কা | পি | শ্যে | ম | কু |
| ম | কু | কা | পি | শ্যে | ম |

কৃষ্ণদিবা ও শুক্লরাত্রি।

রবি ও মঙ্গলবার।

| দণ্ড | ৬ | ১২ | ১৮ | ২৪ | ৩০ |
|---|---|---|---|---|---|
| ভো | শ্যে | কা | ম | পি | কু |
| ম | কু | শ্যে | কা | ম | পি |
| নি | পি | কু | শ্যে | কা | ম |
| রা | ম | পি | কু | শ্যে | কা |
| গ | কা | ম | পি | কু | শ্যে |

কৃষ্ণদিবা ও শুক্লরাত্রি।

সোম ও বুধবার।

| দণ্ড | ৬ | ১২ | ১৮ | ২৪ | ৩০ |
|---|---|---|---|---|---|
| ভো | কু | শ্যে | কা | ম | পি |
| ম | পি | কু | শ্যে | কা | ম |
| নি | ম | পি | কু | শ্যে | কা |
| রা | কা | ম | পি | কু | শ্যে |
| গ | শ্যে | কা | ম | পি | কু |

কৃষ্ণদিবা ও শুক্লরাত্রি।

বৃহস্পতিবার।

| দণ্ড | ৬ | ১২ | ১৮ | ২৪ | ৩০ |
|---|---|---|---|---|---|
| ভো | পি | কু | শ্যে | কা | ম |
| ম | ম | পি | কু | শ্যে | কা |
| নি | কা | ম | পি | কু | শ্যে |
| রা | শ্যে | কা | ম | পি | কু |
| গ | কু | শ্যে | কা | ম | পি |

কৃষ্ণদিবা ও শুক্লরাত্রি।

শুক্রবার।

| দণ্ড | ৬ | ১২ | ১৮ | ২৪ | ৩০ |
|---|---|---|---|---|---|
| ভো | ম | পি | কু | শ্যে | কা |
| ম | কা | ম | পি | কু | শ্যে |
| নি | শ্যো | কা | ম | পি | কু |
| রা | কু | শ্যে | কা | ম | পি |
| গ | পি | কু | শ্যো | কা | ম |

কৃষ্ণদিবা ও শুক্লরাত্রি।

শনিবার।

| দণ্ড | ৬ | ১২ | ১৮ | ২৪ | ৩০ |
|---|---|---|---|---|---|
| ভো | কা | ম | পি | কু | শ্যে |
| ম | শ্যে | কা | ম | পি | কু |
| নি | কু | শ্যে | কা | ম | পি |
| রা | পি | কু | শ্যে | কা | ম |
| গ | ম | পি | কু | শ্যে | কা |

ইতি ফলিতজ্যোতিষে শিবোক্তপঞ্চপক্ষী সমাপ্তম্।

## অন্যপ্রকার পঞ্চপক্ষী।

শ্যেনঃ পিঙ্গলস্তথা কাকস্তাম্রচূড়ঃ শিখণ্ডিকঃ।
ময়ূরঃ শ্যেনঃ পিঙ্গশ্চ বায়সোঽরুণশেখরঃ।
কুক্কুটো ময়ূরঃ শ্যেনঃ কুব্জঃ কাকস্তথৈব চ।
বায়সস্তাম্রচূড়শ্চ শিখণ্ডী শ্যেনপিঙ্গলো॥
কুব্জঃ কাকস্তাম্রচূড়ঃ শিখী ভেরুণ্ড এব চ।
বারস্তিথিস্তথালগ্নং দ্বিসপ্ততিপরীয়কম্॥
বালঃ কুমারস্তরুণো বৃদ্ধোমৃতরিতিক্রমঃ।
পৃথিব্যাপস্তথা তেজো বায়ুরাকাশপঞ্চমঃ।
গন্ধোরসস্তথা রূপং স্পর্শঃ শব্দশ্চ পঞ্চমঃ॥
ঈশ্বরঃ পবনশ্চৈব ইন্দ্রাকাশঃ সদাশিবঃ।
গুরুঃ শুক্রঃ কুজোজ্ঞশ্চ সূর্য্যপুত্রশ্চ পঞ্চমঃ॥
বালকে চৈব ভেরুণ্ডো ময়ূরবায়সো মৃতে।

পাদায়ুধঃ শিখী বৃদ্ধে কুমারে পিঙ্গকুক্কুটৌ।
তরুণে চৈব বায়সঃ পিঙ্গলশ্চ যথাক্রমম্॥
পৃথিব্যাঞ্চৈব ভেরুণ্ডঃ আকাশে শিখিবায়সৌ।
পাদায়ুধঃ শিখী বায়ৌ কাকপিঙ্গৌ চ তেজসি।
কুব্জকুক্কুটাবাপ্স্যপ্সু ক্রমোয়ং শুক্লকৃষ্ণয়োঃ।
পৃথিব্যাকাশবায়ুশ্চ জলং তেজস্তথৈব চ॥
ঈশ্বরে চৈব ভেরুণ্ডো ময়ূরবায়সৌ শিবে।
পাদায়ুধঃ শিখী ব্যোম্নি কাকপিঙ্গৌ চ বাসবে।
কুব্জপাদায়ুধৌ বায়ৌ এব ক্রমঃ সিতাসিতঃ॥
শ্যেনো গন্ধে চ বিজ্ঞেয়ঃ শব্দে ময়ূরবায়সৌ।
পাদায়ুধঃ শিখী স্পর্শে রূপে বায়সপিঙ্গলৌ।
রসে কুব্জতাম্রচূড়ৌ জ্ঞেয়ৌ বেদবিদাম্বর॥
গুরৌ প্রাচ্যাস্তু ভেরুণ্ডঃ শিখিকাকৌ শনৌ তথা।
পাদায়ুধঃ শিখী জ্ঞে চ কাকপিঙ্গৌ কুজে তথা।
শুক্রে চ কুব্জকুক্কুটৌ ক্রমোঽয়ং শুক্লকৃষ্ণয়োঃ।
গুরুঃ শনৈশ্চরোজ্ঞশ্চ কুজঃ শুক্রস্তথৈব চ॥
বিষমসমভেদেন প্রশ্নোত্তরং বদেদ্বুধঃ।
ওজঃস্বরাঃ পুমাংসঃ স্যুঃ স্ত্রিয়ো যুগ্মস্বরৌ বিদুঃ।
স্বস্বস্বরোদয়ে জাতে পুংসাং স্ত্রীণাং বলং ভবেৎ।
গর্ভার্থে পুংস্বরে পুংসঃ কন্যা কন্যাস্বরোদয়ে।
যুগ্মে যুগ্মং ক্ষয়ে নষ্টে মাতুর্মৃত্যুশ্চ সংক্রমে।
পুংনাড়ীস্বরয়োঃ পুংসঃ পুংযুগ্মস্ত্রীযুগং স্ত্রিয়ঃ।
অয়স্তু পুংস্ত্রিয়োঃ পুংস্ত্রীযুগ্মং গর্ভে বিনির্দ্দিশেৎ॥

ওজঃস্বরা বিষমস্বরাঃ প্রথমতৃতীয়পঞ্চমাঃ। পুমাংসঃ পুরুষরূপাঃ স্যুঃ। যুগ্মস্বরৌ স্ত্রিয়ৌ ঈকার-একারৌ বিদুঃ।

রবিভৌময়োঃ শুক্লে দিবা ভেরুণ্ডঃ। নন্দায়াং শুক্লে দিবা ভেরুণ্ডঃ। কৃষ্ণে নক্তং মেষসিংহালৌ শুক্লে দিবা ভেরুণ্ডঃ। রেবতীতঃ আর্দ্রাপর্য্যন্তং শুক্লে দিবা ভেরুণ্ডঃ॥

চন্দ্রবুধয়োঃ শুক্লে দিবা পিঙ্গঃ। এবং ভদ্রায়াং শুক্লে দিবা পিঙ্গঃ। এবং কন্যামিথুনকর্কটেষু শুক্লে দিবা পিঙ্গঃ। পুনর্ব্বসুপূর্ব্বফল্গুণ্যন্তং শুক্লে দিবা পিঙ্গঃ। জয়ায়াং শুক্লে দিবা কাকঃ। মীনধনুষোঃ শুক্লে দিবা কাকঃ কৃষ্ণে দিবা পিঙ্গঃ। উত্তরফল্গুনিবিশাখান্তেষু শুক্লে দিবা কাকঃ কৃষ্ণে দিবা পিঙ্গঃ। অনুরাধোত্তরাষাঢ়ান্তে শুক্লে দিবা কুক্কুটঃ কৃষ্ণে শিখী। শনৌ শুক্লে দিবা ময়ূরঃ কৃষ্ণে কাকঃ। পূর্ণায়াং শুক্লে দিবা ময়ূরঃ। মৃগকুম্ভয়োঃ শুক্লে দিবা ময়ূরঃ কৃষ্ণে কাকঃ। শ্রবণোত্তরভাদ্রান্তেষু শুক্লে দিবা ময়ূরঃ কৃষ্ণে কাকঃ।

কুজার্কে শুক্লে কৃষ্ণে চ ভেরুণ্ডঃ স্যাদ ভেদতঃ।
ইন্দৌ জ্ঞে কুক্কুটঃ কৃষ্ণে শুক্লে কুব্জ ইতীরিতঃ।
গুরৌ কুব্জো দিবা কৃষ্ণে শুক্লপক্ষে তু বায়সঃ।
শুক্রে শিখণ্ডিকঃ কৃষ্ণে শুক্লে নক্তঞ্চ কুক্কুটঃ।
শনৌ কাকোঽসিতে পক্ষে নক্তং শুক্লে চ বায়সঃ।
পঞ্চপঞ্চমে ভোক্তা চ পক্ষিণাঞ্চ সিতাসিতে॥

## অথ চক্রলিখনক্রমম্।

শ্যেনঃ পাদায়ুধঃ পিঙ্গো ময়ূরঃ কাক এব চ।
বায়সঃ শ্যেনশ্চূড়ার্কঃ পিঙ্গল স্তু শিখণ্ডিকঃ।
ময়ূরো বায়সঃ শ্যেন স্তাম্রচূড়শ্চ পিঙ্গলঃ।
পিঙ্গলো নীলকণ্ঠশ্চ বায়সঃ শ্যেনকুক্কুটৌ।
কুক্কুটঃ পিঙ্গলঃ কেকী কাকো ভেরুণ্ড এব চ।
কৃষ্ণে দিবাক্রমোঽয়ঞ্চ দ্বিসপ্ততিপরীয়কঃ।
কৃষ্ণে দিনে সিতে নক্তং কালং ব্রূয়াদ্ যথাক্রমম্॥

## অথ বিবরণম্।

নন্দাত্রয়ে চ ভেরুণ্ডঃ পূর্ণায়াং শিখিবায়সৌ।
শিখিপাদায়ুধৌ শুক্রে কাকপিঙ্গৌ জয়াত্রয়েঃ।
কুব্জকুক্কুটৌ ভদ্রায়াং ক্রমোঽয়ং শুক্লকৃষ্ণয়োঃ।
নন্দাত্রয়ে শুক্লে কৃষ্ণে ভেরুণ্ডঃ স্যাদভেদতঃ।
ভদ্রায়াং কুক্কুটঃ কৃষ্ণে শুক্লপক্ষে তু পিঙ্গলঃ।
জয়ায়াং কৃষ্ণে কুব্জশ্চ শুক্লপক্ষে তু বায়সঃ॥
শুক্রেঽসিতে নীলকণ্ঠঃ শুক্লে চ তাম্রশেখরঃ।
পূর্ণে শিখণ্ডিকঃ শুক্লে কৃষ্ণে কাক ইতি স্মৃতঃ।
ভেরুণ্ডো মেষসিংহালৌ পক্ষয়োরুভয়োর্স্মৃতঃ।
বায়সো মৃগকুম্ভে চ কৃষ্ণে দিবা শিখী সিতে।
তুলাবৃষৌ শিখণ্ডী চ কৃষ্ণপক্ষে ভবেদ্বুধঃ।
কুক্কুটঃ শুক্লপক্ষে তু ইতি শাস্ত্রস্য নিশ্চয়ম্॥
ঝষে চাপে দিবা কুব্জঃ কা[illegible]নক্তং বিনির্ণীতম্।
কন্যামিথুনকর্কেষু জ্ঞেয়শ্চারুণশেখরঃ।
রাত্রৌ কুব্জ ইতি প্রোক্তং শকুনং শঙ্করোদিতম্॥

তথাচ।

ভেরুণ্ডো মেষসিংহালৌ মৃগকুম্ভে শিখী কাকঃ॥
তুলাবৃষে চ কুক্কুটঃ শিখণ্ডী চৈব সম্মতঃ।

ঋসে চাপে কাকপিঙ্গৌ কুব্জশ্চারুণশেখরঃ।
কন্যামিথুনকর্কেষু ক্রমোঽয়ং শুক্লকৃষ্ণয়োঃ॥
রেবতীরুদ্রপর্য্যন্তান্যকারে সপ্তভানি চ।
পুনর্ব্বসুপূর্ব্বফল্গুনীপর্য্যন্তানি ইকারে।
উত্তরফল্গুনীবিশাখান্তান্যুকারে চ তথৈবচ।
অনুরাধোত্তরাষাঢ়ান্তান্যেকারেঽপি যথামতঃ।
শ্রবণোত্তরভাদ্রান্তান্যোকারেঽপি সিতাসিতে।
রেবতীরুদ্রপর্য্যন্তং ভেরুণ্ডঃ স্যাদভেদতঃ।
শ্রবণোত্তরভাদ্রেষু নীলকণ্ঠশ্চ বায়সঃ।
অনুরাধোত্তরাষাঢ়ান্তাসু পাদায়ুধঃ শিখী।
ফল্গুন্যুত্তরাবিশাখাসু বলিভুক্ পিঙ্গলঃ স্মৃতঃ।
পুনর্ব্বসুফল্গুনীপর্য্যন্তং কুব্জকুক্কুটৌ॥

ইতি চক্রক্রমম্।

ভেরুণ্ডো মেষসিংহালৌ মৃগকুম্ভে শিখী শ্বভুক্।
তুলাবৃষে চ কুক্কুটঃ শিখণ্ডী চ তথৈব চ।
ঋসে চাপে কাকপিঙ্গৌ কুব্জশ্চারুণশেখরঃ।
কন্যামিথুনকর্কেষু ক্রমোঽয়ং শুক্লকৃষ্ণয়োঃ॥
ভেরুণ্ডো মেষসিংহালৌ পক্ষয়ো রুভয়োর্মতঃ।
বায়সো মৃগকুম্ভে চ কৃষ্ণপক্ষে শিখী সিতে।
তুলাবৃষে শিখণ্ডী চ কৃষ্ণপক্ষে ভবেৎ শুভম্।
কুক্কুটঃ শুক্লপক্ষে তু জ্ঞেয়ো বেদবিদাম্বর।
ঋসে চাপে দিবা কুব্জঃ কাকো নক্তং বিনির্ণীতঃ।
কন্যামিথুনকর্কেষু জ্ঞেয়শ্চারুণশেখরঃ।
রাত্রৌ কুব্জ ইতি প্রোক্তং শকুনং শঙ্করোদিতম্।
ঘটিকাষট্ঘটৈরর্দ্ধং শকুনং শঙ্করোদিতম্।
ঋক্ষভুক্তেন রাশ্যুক্তঃ পাদার্দ্ধদ্বিদিনান্বিতঃ॥

উভয়লগ্নপ্রশ্নান্তরমাহ।

চররাশ্যংশগে চন্দ্রে যাত্রা ভবতি নিশ্চিতা। স্থিরেষু তত্তবেষৈব দ্বিস্বভাবে বিলম্বিতাঃ। নবাংশকক্রমেণৈব জ্ঞেয়া অক্ষরগাগ্রহাঃ। তৈ শ্চন্দ্রাক্ষরং বিদ্ধং রজ্জুবেধে নিরীক্ষতে। রাশিদ্রেক্কাণষষ্ঠাংশে যস্য যস্যাক্ষরস্য স্থিতিঃ। তস্য তস্য ফলং বক্ষ্যে শশিনো রজ্জুবেধতঃ। রাশিতোঽত্র দিশো জ্ঞেয়া নক্ষত্রাৎ স্থাননির্ণয়ঃ। দ্রেক্কাণাত্তস্করা জ্ঞেয়া দ্রব্যনাম নবাংশকে। গ্রহদৃষ্টিবশাদ্বর্ণাঃ সংখ্যা ভুক্তিপ্রমাণতঃ। অক্ষরাৎ কালনির্দ্দেশো নামরজ্জুপ্রবন্ধতঃ। জীবজ্ঞঃ শশিভির্জ্জীবং ধাতুং পাতার্কিভূসুতৈঃ। মূল মাসিত্যশুক্রাভ্যাং মিশ্রৈ র্মিশ্রং বিনির্দ্দিশেৎ। ইতি দৃষ্টে
গ্রহৈশ্চন্দ্রে ভবেৎ কার্য্যস্য নির্ণয়ঃ। বলাধিকেন নির্দ্দেশঃ কর্তব্যো
মিশ্রিতৈ র্গ্রহৈঃ। সজীবং জীবচন্দ্রাভ্যাং নির্জ্জীবং বুধবীক্ষিতে
ধাম্যাধাম্যং ক্রমাদ্বেধা ধাতুং পাতার্কিভূসুতৈঃ। মূলমাদিত্য
শুক্রাভ্যাং শুক্লাশুক্লং ক্রমেণ তু। মিশ্রৈ র্মিশ্রং ভবেদ্দ্ব্যং
কালেন্দৌ নিরীক্ষিতে। দ্বিপদং স্ত্রীতুলাযুগ্মে কুম্ভে চাপে পদো
ঝিতঃ। বহ্বঙ্ঘ্রিং মীনকর্কালৌ শেষে চন্দ্রে চতুষ্পদং। চতু
দ্বিপদা জ্ঞেয়া দেবা নৃপক্ষিরাক্ষসাঃ। এবং মেষাদিগে চন্দ্রে
জ্ঞাতব্যা শ্চাত্র মিশ্রয়ে। চতুষ্পদাশ্চতুর্দ্ধা চ দন্তী শৃঙ্গী ন
খুরী। মেষাদিরাশিগে চন্দ্রে জ্ঞাতব্যাশ্চাত্র মিশ্রয়ে। অপদা নে
পাদাশ্চ দ্বিধা স্থলজলোদ্ভবাঃ। তেচ রাশিস্বভাবেন জ্ঞাত
যত্রগঃ শশী। হেমং তারং তথা তাম্রং বঙ্গং পিত্তললৌহক
নাগং কাংস্যং তথাপ্যস্থি জ্ঞেয়ং নবাংশকক্রমাৎ।

গুল্মং বল্লী লতা কন্দং মেষাদ্যেকৈকসংস্থিতে। পত্রং পু
ফলং মূলং ত্বচং ত্রিংশাংশকে বুধৈঃ। জাতিবিপ্রাদিকা
অন্ত্যজা স্তস্করাঃ ক্রমাৎ। চন্দ্রে সূর্য্যাদিগেহস্থে চিন্তিতঃ পুরু
পি বা। সূর্য্যাদিবেশ্মগে চন্দ্রে কুষ্ঠং লাঞ্ছনলাঽকং। ম
তিলকং স্ফোটং ঘাতং চৌরস্য নির্দ্দিশেৎ। গৌরঽতিগৌ
শ্যামশ্চ কৃষ্ণো মর্কটসন্নিভঃ। চন্দ্রে ত্রিংশাংশকে বর্ণো মানবা
বিলোমতঃ। গ্রহদৃষ্টিযুতে বর্ণাস্তে চ বর্ণাঃ পুরোদিতা
জ্ঞাতব্যাঃ সর্ব্ববস্তূনাং নষ্টে বা চিন্তিতেঽপি বা। বালকং ত
বৃদ্ধং দ্রেক্কাণৈঃ ক্রমতো বদেৎ। মিত্রাদিক্ষেত্রগে চন্দ্রে চি
মিত্রাদিকাজনাঃ। ঊর্দ্ধার্দ্ধর্ক্ষগে চন্দ্রে ঊর্দ্ধং মধ্যঞ্চ তির্য্যগে
অধোমুখে ত্বধঃস্থঞ্চ নষ্টচিন্তাং বিনির্দ্দিশেৎ। দ্রেক্কাণে
বন্ধোয়ং ষট্ত্রিংশন্মাতৃকাক্ষরৈঃ॥ ৩৬॥ চন্দ্রবেধেন বিজ্ঞে
চৌরনাম স্ফুটো ভবেৎ। ক্রূরঋক্ষগতে চন্দ্রে বিদ্যা জ্ঞো
সম্ভবং। অবেধে সৌম্যবেধে চ নষ্টং চৌরবিবর্জিতং।
সংখ্যাঃ খেচরাঃ ক্রূরাশ্চন্দ্রবেধে ব্যবস্থিতাঃ। তৎসংখ্যা
জ্ঞেয়াঃ সহায়াশ্চান্তরাক্ষরৈঃ। রূপং দ্রেক্কাণরূপেণ ত
প্রজায়তে। ক্রমাৎ দ্রেক্কাণতো জ্ঞেয়ং কৃশং মধ্যং বলাধিক
পংক্তিযুক্তান্ লিখেদ্বর্ণান্ সংখ্যয়াষ্টোত্তরং শতং। সর্পাকা
ঽংশবেধোঽয়ং তেন নামানি সাধয়েৎ। উদয়াস্তময়ে
চৌরনাম রসাতলে। দশমে ধনিকস্যাপি এবং নামত্রয়ং ভবে
বর্গাংশকাদি ভূমান মর্দ্ধহস্তো নিবর্ত্তনং। অর্দ্ধক্রোশং
ক্রোশং দ্বিক্রোশং যোজনাদিকং। দণ্ডাহঃপক্ষমাসর্ত্তু ব
সাব্দং যুগাদিকং। বর্গাক্ষরগতে চন্দ্রে বর্ণৈশ্চকাস্তরক্রমা
* * * * * * * * * * জ্ঞেয়ো রাশ্যো দৃষ্টিশ্চ সম্ভবঃ।

ত্রিবর্গযং স্বরোগ্রাহ্যঃ স্বরাল্লগ্নাক্ষরাদিকঃ। বারে শুভাশুভং সর্ব্বং শত্রূণাঞ্চ যথামতং॥ তিথৌ্য স্বস্বামিতোঽপ্যেবং যাত্রায়াং শ্রীজনাং ফলং। রাষ্ট্রো কুশলতঃ সর্ব্বং নামধেয়াৎ সুহৃজ্জনাৎ॥

ইতি অন্যপ্রকারপঞ্চপক্ষী।

---

# অথ শিবোক্তপঞ্চপক্ষী

## টীকা।

ওঁ-নমঃ শিবায়। মহান্ধকারমগ্নানাং জনানাং জ্ঞানরশ্মিভিঃ। কৃতমুদ্ধরণং যেন তৎ গুরুং প্রণমাম্যহং। পুত্রেণ যাদবেন্দ্রস্য মহেশ্বরসুতস্য বৈ। শ্রীসভাভরণস্যাপি দৌহিত্রেণ স্ফুটীকৃতা। জ্যোতিষাং সারমুদ্ধৃত্য বিদ্বজ্জনহিতে রতা। টীকা শ্রীবামদেবেন পঞ্চপক্ষিপ্রকাশিনী॥

প্রণম্য চ মহাদেবমিত্যাদি। মহাদেবং প্রণম্য (প্রকর্ষেণ নত্বা, অষ্টাঙ্গাদিনা) সর্ব্বশাস্ত্রবিশারদং (সর্ব্বজ্ঞত্বাৎ) মুদা (হর্ষেণ) মুনয়ঃ পপ্রচ্ছ। কিমর্থং ভবিষ্যদর্থ-বোধায়। (ভবিষ্যদিত্যুপলক্ষণং)। ভবিষ্যৎ কঠিনং ভবতি ইতি জ্ঞাত্বাগ্রে ভবিষ্যদুক্তং। কিন্তু অতীতবর্ত্তমানভবিষ্যজ্জ্ঞানার্থমিতি। তেষাং (মুনীনাং) বচন মাকর্ণ্য (শ্রুত্বা) মহেশ্বরো নিজগাদ॥

কিন্তদাহ। শ্রীমহাদেব উবাচেতি। ত্রিকালজ্ঞানবোধার্থং পঞ্চপক্ষী (পঞ্চ-শকুনং) প্রদৃশ্যতে। অনেন (শকুনশাস্ত্রানুসারেণ) লোকৈঃ কালত্রয়ং প্রতি বলাবলাদি দৃশ্যন্তে সর্ব্বকার্য্যেষু (জয়পরাজয়লাভালাভশুভাশুভাদিষু) নিশ্চিতং। আদিশব্দাৎ পক্ষীণাং বলাবলং মিত্রামিত্রঞ্চ। কেন প্রকারেণ জ্ঞায়তে আগত মিতি। উর্দ্ধদৃষ্ট্যাদিনা মুখাদিষু হস্তক্ষেপণাদিনা বা। তস্মাদেতদ্বক্ষ্যমাণং সর্ব্বং বিচারয়েৎ॥

উর্দ্ধাবলোকনে জীবেত্যাদি সুগমং॥

ললাটে পুত্রচিন্তেত্যাদি সুগমং॥

অক্ষরং পক্ষিভুক্তঞ্চেতি। পক্ষী ভুক্তং অক্ষরং চকারাৎ। প্রাচ্যাং শ্যেনঃ পিঙ্গলো যাম্যে ইত্যাদিনা দৈবতং চকার। ঈশ্বরঃ পবনশ্চৈবেত্যাদিনা দিনানি চ অবস্থাবিশেষদিনসংখ্যা পশ্চাদ্‌বক্ষ্যা। ভুক্তে চ মাসং গমনে চ পক্ষমিত্যাদিনা। কালো যথা ভূতো ময়ূর-কুক্কুশ্চেত্যাদিনা। বর্ণং, শ্যেনো হিরণ্যবর্ণশ্চেত্যাদিনা মৈত্রং, মিত্রং ময়ূরঃ শ্যেনস্যেত্যাদিনা। ধাতু-লিঙ্গাদিকং ক্রমাৎ, আদি শব্দাৎ (ধান্যাদি)। যথা, শ্যেনো মূলং তথা কুক্কো জীবধাতুশ্চ বায়সঃ ইত্যাদি। কুক্কুটৌ মূলজীবৌ চ মূলধাতুশিখণ্ড্যপি॥ লিঙ্গাদিকং যথা, শ্যেনোনরো বধূঃ কুক্কঃ পুরুষো বায়স তথা। কুক্কটঃ স্ত্রী পুমাংশ্চৈব শিখণ্ডী চ নপুংসকং। প্রশ্নদ্বিজাদিবর্ণবাচ্যা যথা; শ্যেন-কুক্কৌ দ্বিজশ্রেষ্ঠৌ মহীপালস্তু বায়সঃ। তাম্র-চূড়োহি বিট্‌-শূদ্রো নীলকণ্ঠ স্তথান্ত্যজঃ। তৎসর্ব্বং দেহকন্যাস্বাদিভির্ব্বাচ্যং। চিন্তিতান্যপি সর্ব্বাণি বক্ষ্যন্তে বর্ণকৈঃ ক্রমাৎ। বক্ষ্যন্তে শকুনানাং ক্রিয়া গত্যা দ্যূতে যুদ্ধে জয়াজয়ৌ বাচ্যৌ। অবস্থাভেদেনেতি অস্মিন্‌ গ্রন্থে তে অভিধেয়া বাচ্যা ইত্যর্থঃ॥

কথমিত্যাহ আরূঢ় ইতি। আরূঢ়ঃ প্রশ্নলগ্নেভ্যঃ প্রশ্নকর্ত্তা প্রশ্নসময়েভ্যঃ (প্রশ্নসময়াদিত্যর্থঃ) প্রথমাক্ষরতোঽপি বা (প্রশ্নকর্ত্তা যান্যক্ষরাণি উচ্যন্তে, তস্য প্রথমাক্ষরতঃ)। অকারাদিস্বরাণাং (অ-ই-উ-এ-ও) পঞ্চানাং বিচারয়েৎ। অস্য-নামাক্ষরস্য আদৌ স্বরারূঢ়ঃ। প্রশ্নকস্য বচঃ শ্রুত্বা বর্ণোগ্রাহ্যঃ। তথা স্বরো গ্রাহ্যঃ। স্বরেণ বারং কল্পয়েৎ। প্রথমে রবিভৌমৌ চ ইত্যাদিনা। বারাৎ পক্ষী প্রজায়তে। যথা রবি-ভৌমে চ ভেরুণ্ডো ময়ূর-বায়সৌ শনৌ। ইত্যাদি শুক্ল-কৃষ্ণয়োঃ পক্ষী জ্ঞেয়ঃ। পক্ষিণো জ্ঞায়তে বাক্যং। অবস্থা ভেদেন বাক্যাচ্চ ফলসম্ভবঃ॥

যস্য বারস্য যঃ পক্ষী তমাদিং গণয়েদ্‌বুধঃ। শকুনজ্ঞো দিন-পক্ষি-কার্য্যরূপি (নষ্টমুষ্টচিন্তিতদ্রব্যং ধান্যাদিকং লিঙ্গাদিকং সর্ব্বং) দিনপক্ষিণা বক্তব্যং। প্রশ্ন-পক্ষিফলপ্রদঃ (কর্ত্তুঃ প্রমুখাৎ প্রশ্নাক্ষরাৎ যঃ স দিন-পক্ষিদিনশ্চারকালে কিমবস্থায়াং তিষ্ঠতি তদ্দৃষ্ট্বা ভোজনাদ্যবস্থাভেদেন ফলং বক্তব্যং)॥

ইদানীং চক্রন্যাসঃ ক্রিয়তে। অকারাদি ওকারান্তেত্যাদি সুগমং॥

অকারঃ শ্যেনঃ, ইকারঃ পিঙ্গলঃ, উকারো বায়সঃ, একারস্তাম্রশেখরঃ, ওকারো নীলকণ্ঠশ্চ, তে স্বরা এতে পক্ষিসংজ্ঞকাঃ॥

পক্ষি-রূপস্বরাণাং দিক্‌-পতিত্ব মাহ স্বরোদয়ে। পূর্ব্বস্মিন্‌ অ-স্বরঃ স্বামী ইকারো দক্ষিণে তথা। উকারঃ পশ্চিমে প্রোক্ত একার শ্চোত্তরে তথা। ওকারো মধ্যস্বরঃ। যস্যাদি স্তূদয়ং যাতি স্বর স্তৎ পঞ্চমে দিশং। বর্জ্জয়েৎ সর্ব্বকার্য্যেষু যাত্রাকালে বিশেষতঃ। পৃচ্ছন্তি প্রশ্নস্বর স্তদিদং দিশং। হানি র্মৃত্যুর্ভয়ং জায়তে নাত্র সংশয়ঃ। তেনাত্র অকারঃ পূর্ব্বদিগ্‌ভাগে ইকার শ্চৈব দক্ষিণে। উকারঃ পশ্চিমে তদ্বদেকার শ্চোত্তরে

তথা। শেষস্থানেষু সর্ব্বেষু ( অগ্ন্যাদিকোণেষু উর্দ্ধাধোদিক্ষু চ) ওকারঃ পরিকীর্ত্তিতঃ ( কথিতঃ ) ॥

প্রাক্ শ্যেনঃ ইত্যাদি সুগমং ॥

পরচক্র ঙ, ঞ, ণ, অক্ষরকৈ হীনান্ এতান্ বর্ণান্ ককারাদীন্ বিন্যসেৎ। অ ই উ এ ও পঞ্চস্বরাঃ অস্বরাদি-কাদিহান্তান্ বিন্যসেৎ। একৈকস্বরে ষড়্বর্ণান্ ইত্যর্থঃ ॥ ১২ ॥

অকারে কছড়াঃ বর্ণাঃ ইত্যাদি সুগমং ॥

প্রথমে রবিভৌমৌ চ, ইতি অকারস্বরে, রবিভৌমৌ দেয়ৌ। দ্বিতীয়ে ঈকারস্বরে চন্দ্রবুধৌ। তৃতীয়ে উকারস্বরে জীবঃ। মৃগৌ, খুরিণৌ; নখিনৌ হরিকর্কটৌ। শৃঙ্গিনৌ মেষবৃষভৌ। শেষা দক্ষিন উচ্যন্তে রাশিক্রমেণ গ্রাম্যারণ্যজ্ঞানং, গ্রাম্যো গো-মিথুনতুলাস্ত্রীচাপালিঘটা নিশাস্থ মেষবৃষভৌ। মকরাদিনার্দ্ধসিংহৌ অরণ্যৌ, দিবসেঽজ-বৃষভৌ চ। ইত্যাদিনা বোদ্ধব্যং। পূর্ব্ববৎ বয়োজ্ঞানং। স্ত্রীপুংনপুংসকং জ্ঞানঞ্চ। শুভাশুভৈস্ত জীবিতং মৃতং বা বিদ্যাৎ। এবং লগ্নাদষ্টমে সপ্তমে বা যদিপাপস্তদামৃতং। চতুষ্পাদো দ্বিবিধঃ। উত্তমাধমৌ শুভাশুভক্রমেণ বোধ্যৌ। উত্তমাঃ খুরী, নখী, দন্তী, শৃঙ্গিণঃ। অশ্বাদয়ঃ খুরিণঃ নখিনঃ সিংহাদয়ঃ। দন্তিনো গজাদয়ঃ। শৃঙ্গিণো মহিষাদয়ঃ। জলচরস্থলচরভেদাৎ। জলজৌ ভেককুম্ভীরৌ। রাহুশনিদৃষ্টেঽংশে কুম্ভীরঃ। রবিকুজপাপচন্দ্রপাপবুধদৃষ্টে ভেকঃ। স্থলচরাঃ পঞ্চবিধা গোধিকামূষিকাশ্চৈব কৃকলাশস্তথৈব চ। জ্যেষ্ঠী অঞ্জনকশ্চৈব এতে স্থলচরাঃ স্মৃতাঃ। গ্রহযোগাদ্বোধ্যঃ যথা, গুরৌ গো গোধিকা, শুক্রে মূষিকঃ পরিকীর্ত্তিতঃ। বুধে চ কৃকলাশঃ স্যাৎ শনৌ জ্যেষ্ঠী কুজেঽঞ্জনঃ। ইতি চতুষ্পাদনিরূপণং।

দ্বিপাদৌ শ্যেনবায়সৌ। মিথুনতুলাঘটকন্যাদ্বিপদাখ্যাশ্চাপপূর্ব্বভাগাশ্চ। ইত্যাদিনা। দ্বিপাদাশ্চতুর্ব্বিধাঃ প্রোক্তা নৃদেবপক্ষিরাক্ষসাঃ। দেবাচার্য্যসিতৌ দেবৌ, চন্দ্রসূর্য্যাকুজা নরাঃ। পক্ষিণৌ বুধমন্দৌ চ রাহুকেতূ চ রাক্ষসৌ। এতচ্চক্রমধ্যে রাহুকেতূ যদ্যপি ন দৃশ্যেতে তথাপি কন্যামীনৌ তয়োর্গৃহৌ। এতন্নধাক্রান্তপক্ষিচক্রে রাক্ষসা বাচ্যাঃ। দেবাশ্চতুর্ব্বিধাঃ কল্পবাসী ভুবনবাসিনৌ অরণ্যবাসী জ্যোতিষ্কা ঈশ্বরঃ পবনশ্চৈব ইন্দ্রাকাশঃ সদাশিবঃ। ইত্যনেনৈকবাক্যতয়া যুক্ত্যা বাচ্যাঃ। অতশ্চ গুরুশুক্রৌ কল্পস্থৌ, কুজজ্ঞৌ ভুবনবাসিনৌ। তথা শনিরাহুচন্দ্রা আরণ্যা জ্যোতিষ্কৌ রবিসিতৌ তু। পুংগ্রহত্বাৎ পুংদেবতা, স্ত্রীগ্রহত্বাৎ স্ত্রীদেবতা। নৌজে নৃ-লগ্নে দয়িতান্যথাতঃ। অযুগ্মে একযুগ্মে স্বয়ং ইতি নিরূপণং। অথ মনুষ্যনিরূপণং। মনুষ্যাঃ পঞ্চ-বিধা ব্রাহ্মণক্ষত্রিয়বিট্শূদ্রান্ত্যজাঃ। এতৎসর্ব্বং পূর্ব্বঃ লিখিতং। অ পক্ষিনিরূপণং। জলস্থলোভয়চরাভবেয়ুঃ পক্ষিণস্ত্রিবিধাঃ রাশিক্রমেণ বোধ্যাঃ। জলজৌ কর্কটমীনাবিত্যাদিনা। মে মিথুনসিংহকন্যাতৌলিকধনুষামংশেন স্থলচরঃ। মকরকুম্ভাংশে উভচরঃ। নৌ-জে নৃদৃষ্টে দয়িতান্যথাত ইত্যাদিনা পুংস্ত্রী জ্ঞানং। ইতি পক্ষিনিরূপণং। রাক্ষসো দ্বিবিধঃ। কর্ম্মজ যোনিজশ্চ শুভাশুভক্রমেণ বোধ্যঃ। অন্যৎ সর্ব্বং পূর্ব্ববৎ। অপদো দ্বিবিধঃ। জল-স্থলচরভেদাৎ জলচরাঃ মীনজলোকাশম্বুকশুক্তিকশঙ্খসর্পকপর্দ্দকসামান্যকীটাঃ। রবৌ মীনঃ কুজে জলোকা, বুধে শম্বুক, গুরৌ শুক্তিকং, শুক্রে শঙ্খঃ, চন্দ্রে কপর্দ্দিকা, রাহৌ সর্পঃ, শনৌ সামান্যকীটাঃ। স্থলচরাঃ সর্প মহীলতাসামান্যকীটাদয়ঃ। রবি-কুজ-গুরবঃ সর্পাঃ, শুক্র-বুধ রাহবঃ মহীলতাঃ। শনি-কেতূ সামান্যকীটৌ। অন্যৎ সর্ব্বং পূর্ব্ববৎ। বহুপদনিরূপণং। বহুপদা ভ্রমর-কেন্দুক-বৃশ্চিক পতঙ্গ-মক্ষিকা-পিপীলিকাদয়ঃ। লগ্নপতির্যত্র তিষ্ঠতি তস্য স্বামিনা বোধ্যং। রাহৌ ভ্রমরঃ, বুধে কেন্দুকঃ, কুজে বৃশ্চিকঃ, রবৌ পতঙ্গঃ, শনৌ মক্ষিকা, গুরৌ পিপীলিকা, অন্যৎ সর্ব্বং পূর্ব্ববৎ। লগ্নে শুভদৃষ্টে যুক্তে বা জীবিতং, পাপদৃষ্টে যুক্তে বা মৃতং। লগ্নে স্বরে পাপে ব্যাধিতং, শত্রুগৃহে নীচগৃহে বাস্তং গতো মৃতং বদেদন্যথা এতৎ সর্ব্বং গ্রন্থকৌশল্যাৎ গ্রন্থান্তরাদাহৃত্য লিখিতং। পণ্ডিতৈঃ কুলং সর্ব্বত্র যুক্ত্যা বক্তব্যং। তাম্রচূড়ো নখী শৃঙ্গী ময়ূরঃ পক্ষি-জীবকঃ ॥

শ্যেনো নর ইতি। শ্যেনো মনুষ্যবাচকঃ। পিঙ্গলঃ স্ত্রীলিঙ্গবোধকঃ। বায়সঃ পুরুষঃ। কুক্কুটঃ স্ত্রী পুমাংশ্চৈব, শিখী ময়ূরো নপুংসকঃ। ক্লীবো যথা, ন মূত্রং ফেণিলং যস্য বিষ্ঠা চাপ্সু নিমজ্জতি। মেঢ্রশ্চোন্মাদশুক্রাভ্যাং হীনঃ ক্লীবঃ স উচ্যতে ॥ ২৩ ॥

শ্যেন-কুজৌ দ্বিজশ্রেষ্ঠৌ ইতি। দ্বিজ-রাজবাচিনৌ গুরুবাচিনৌ চ। বায়সঃ ক্ষত্রিয়বাচী। তাম্রচূড়ঃ বিট্শূদ্রবাচকঃ। অন্ত্যজবাচকঃ ময়ূরঃ অন্ত্যো ভবোঽন্ত্যঃ তস্মাজ্জাতোঃ হন্ত্যজো যবনঃ। অথবা রজকশ্চর্ম্মকারশ্চ নটো বড়ুর এবচ। কৈবর্ত্ত মেধিভিল্লাশ্চ ষড়েতে অন্ত্যজাঃ স্মৃতাঃ। ইতি মেধিভিল্লৌ পদে।

শ্যেন-কুজৌ দ্বিজশ্রেষ্ঠৌ ইত্যাদিনা ব্রাহ্মণো শুক্রবাগীশ

ইত্যাদিনা ব্রাহ্মণো দ্বিবিধঃ। স্বভাবস্থোঽন্যভাবশ্চ। লগ্নে চন্দ্রদৃষ্টেঽন্যভাবস্থঃ শুভাশুভাদ্বোধ্যঃ। স্বভাবস্থশ্চ যাজনযজনাধ্যাপনাদিস্থিতঃ। অন্যভাবস্থো বিষয়বাণিজ্যাদিস্থিতঃ। পণ্ডিতো মূর্খো বা শুভাশুভাদ্বোধ্যঃ। ঋগ্বেদাধিপতির্জীবো যজুর্ব্বেদাধিপঃ শনিঃ। সামবেদাধিপো ভৌমঃ শশিজোঽথর্ব্ববেদরাট্। ইত্যাদিনা বেদ-জ্ঞানং। দেশবিশেষঃ ঋগথর্ব্বাভাবাস্তয়োঃ স্থানে সামবেদো বাচ্যঃ। নৌজে নৃমিথুনকর্কটাঃ দৃষ্টে দরিদ্রান্যথাতঃ। পুংস্ত্রীজ্ঞানং। এবং ক্লিবেঽপি। শুভাশুভদৃষ্টিযোগাৎ। মহাজলং সামান্যজলজ্ঞানং। অন্য সর্ব্বং পূর্ব্ববৎ। চতুর্থে একারস্বরে শুক্রবারঃ। পঞ্চমে ওকারস্বরে শনিবারঃ। ষষ্ঠে বারাঃ পক্ষিণঃ ক্রমশো লিখেৎ॥

নন্দা, ১, ৬, ১১। ভদ্রা ২, ৭, ১২। জয়া ৩, ৮, ১৩। রিক্তা ৪, ৯, ১৪। পূর্ণা ৫, ১০, ১৫, ৩০। এতানি তিথ্যানি অকারাদি ক্রমশো লিখেৎ॥

ইদানীং পঞ্চস্বরাধো লগ্নং স্থাপ্যং। অকারে মেষসিংহালিরিতি সুগমং॥

প্রথমে চাশ্বিনী পূর্ব্বমিতি। প্রথমে (অকারস্বরে) অশ্বিনী পূর্ব্বং সপ্তনক্ষত্রাণি লিখেৎ। (ইকারস্বরে) পুষ্যাদিপঞ্চকং। (উকারস্বরে) হস্তাদিপঞ্চকং। (একারস্বরে) জ্যেষ্ঠাদিপঞ্চকং। (ওকারস্বরে) ধনিষ্ঠাদিপঞ্চকং লিখেৎ॥

ঈশ্বরঃ পবনশ্চৈবেত্যাদি সুগমং। পঞ্চদেবতাঃ পঞ্চ-স্বরাধো লেখ্যাঃ।

পৃথিব্যাদি তত্ত্বং যথাক্রমেণ লেখনীয়ং। পৃথ্বী প্রাচ্যামিতি। প্রাচ্যাং দিশি অকার তত্র পৃথ্বী অমরেজ্যা মহেন্দ্রঃ যাম্যাং শুক্রঃ শুক্রে জলঞ্চ, তত্রৈব ইকারস্বরে। অঙ্গারকো মঙ্গলঃ পশ্চিমে উকারস্বরে অগ্নিরপি তত্রৈব। বুধো বায়ু স্তথোত্তরে। একারস্বরে সূর্য্যপুত্র স্তথাকাশে ঊর্দ্ধচতুষ্কোণেষু জ্ঞেয়ং। এবং ক্রমেণ লিখেৎ। চক্রন্যাসো যথা পত্রান্তরে লেখ্যঃ। স্বরোদয়ে চ পার্থিবেন ভবেদ্ যুদ্ধং সন্ধি র্ভবতি বারুণে। বিজয়ো বহ্নিতত্ত্বেন বায়ৌ ভঙ্গমৃতি স্তথা। যুদ্ধবিষয়ে পঞ্চতত্ত্বানাং প্রয়োজনং। রোগিণাং শুভাশুভপ্রশ্নে যামলেঽপ্যুক্তং। বায়ব্যাং বাতজত্ব মনলাৎ পিত্তজন্ততা। বারুণাৎ কফজন্তত্বং মাহেন্দ্রাদেব মিশ্রিতং বাতপিত্তৌ বাতশ্লেষ্মাণৌ বায়ব্যা বক্তব্যা। নাভসাৎ সন্নিপাতোঽপি জায়তে সর্ব্বসম্মতঃ। নাভসাৎ আকাশতত্ত্বাৎ। বায়ব্যমণ্ডলে প্রশ্নে জীবো যদ্যনলং ব্রজেৎ। বাতপিত্তোদ্ভবং ব্যাধি তথৈব দ্বন্দ্বজাস্তরং। ইত্যাদিনা ব্যাধিনিরূপণং কার্য্যং।

ক্রমেণ তত্ত্বানাং বর্ণো যথা। নীল-বর্ণশ্চ বায়ব্যো রক্তবর্ণশ্চ পাবকঃ। পীতবর্ণশ্চ মাহেন্দ্রো বরুণঃ শুক্লবর্ণকঃ। কৃষ্ণবর্ণশ্চ আকাশঃ কথিতঃ পূর্ব্বসূরিভিঃ। শ্যেনো হিরণ্যবর্ণশ্চেত্যাদিনা একার্থত্বাৎ বর্ণং জানীয়াৎ। অন্যচ্চ অর্দ্ধচন্দ্রো ভবেদ্বায়ু স্ত্রিকোণস্থানতোঽনলঃ। চতুরস্রস্তু মাহেন্দ্রো বরুণো বর্ত্তুলাকৃতিঃ। আকাশস্য নানাত্বং ঘটাকাশপটাকাশভেদেন এতৎ প্রয়োজনং হৃতনষ্টচিন্তিতদ্রব্যানামাকৃতিজ্ঞানার্থং প্রয়োজনান্তরঞ্চ পৃথিব্যাদি অপ্তেজস্তেন দিনমাসাব্দকৈঃ ফলং। ভোজনঞ্চ তথা দৃষ্টং ব্যোমমারুতবহ্নিভিঃ। পৃথ্বী জলে শুভে তত্ত্বে তেজো মিশ্রফলং লভেৎ। হানিমৃত্যুকরৌ পুংসা মুভয়ৌ ব্যোমমারুতৌ। ইত্যাদিনা শুভাশুভং জ্ঞেয়ং। প্রয়োজনান্তরং মিত্রশত্রুজ্ঞানার্থমপি॥

পৃথিব্যাদিপঞ্চ-তত্ত্বে ব্রহ্মাদয়ঃ পঞ্চদেবতা লিখ্যন্তে। ক্ষিতৌ পৃথিব্যাং ব্রহ্মা জলে বিষ্ণুর্হুতাশনে বহ্নি-তত্ত্বে রুদ্রঃ বায়ু-তত্ত্বে ঈশ্বরঃ, আকাশ-তত্ত্বে সদাশিবোলেখ্যঃ। এতৎ প্রয়োজনং দেবতাগুরু-মন্ত্রবিচারে, অরি-মিত্রজ্ঞানার্থং, দিগ্-দেবতাজ্ঞানার্থং বা॥

ভূতো ময়ূর ইতি। ময়ূরঃ পিঙ্গলশ্চ ভূতোঽতীতকালবোধকঃ। কুক্কুটো বর্ত্তমানকালবোধকঃ। কাকশ্যেনৌ ভবিষ্যদ্বাচকৌ অস্মিন্ শাস্ত্রে ইতি নিশ্চয়ঃ কৃতঃ॥

কিমবস্থায়াং কার্য্যসিদ্ধি স্তদুচ্যতে। ভুক্তে চ মাসি ভোজনাবস্থায়াং মাসেন কার্য্যসিদ্ধিঃ। গমনাবস্থায়াং পক্ষেণ পঞ্চদশদিনেনেত্যর্থঃ। রাজ্যাবস্থায়াং দিবসৈকমধ্যেন সিদ্ধিঃ। সুপ্তাবস্থায়াং বর্ষকেন কৃৎস্নেন সিদ্ধিঃ। মরণাবস্থায়াং মৃত্যুফলং। যথা— রোগার্ত্তস্য জরার্ত্তস্য দেশান্তরগতস্য চ। অধ্বগস্য দরিদ্রস্য মৃত্যুঃ পঞ্চবিধঃ স্মৃতঃ। মৃত্যুফলং যথা—মহাভারতে অর্জ্জুনং প্রতি ভগবদ্বাক্যং। বপনং দ্রবিণাদানং স্থানান্নির্যাপণং তথা। এষো হি ব্রহ্মবন্ধুনাং বধো নান্যোঽস্তি দৈহিকঃ। বপনং শিরোমুণ্ডনং সর্ব্বস্বাপহরণং স্বস্থানাদ্দূরীকরণং ব্রহ্মবন্ধুনাং এষ বধঃ নতু শিরশ্ছেদঃ কর্ত্তব্যঃ কিন্ত্বন্যেষাং শিরশ্ছেদঃ কর্ত্তব্য এব। অতএব প্রাণবিয়োগব্যতিরেকেণাপি মৃত্যুফলং। ইদানীং প্রকৃতমভিধীয়তে অথ বায়ুনা দ্বাদশবর্ষেণ চিরং বিলম্বেন কার্য্যসিদ্ধিরেব কালপ্রমাণং নিরূপিতং॥

শ্যেনো মূল মিতি। শ্যেনো মূলং কথয়তি পার্থিবত্বাৎ। কুজঃ পিঙ্গলো জীবং জলীয়ত্বাৎ। কুক্কুটো মূলজীববোধকঃ বায়ুত্বাৎ। শুক্রবুধয়োরবস্থানাচ্চ প্রাণো বায়ুঃ স চ জীবঃ।

গ্রন্থান্তরে শনি-ভৌমমূলকরৌ। স্বরোদয়েঽপি মূল মাদিত্য-শুক্রাভ্যাং শুক্লাশুক্লক্রমেণ চ। শিখণ্ডী ময়ূরঃ স চ মিশ্রমূলবাচকঃ ধাতুবাচকশ্চ। তত্রাধিষ্ঠিতশনিগ্রহাৎ মূলং ধাতু পাতাকী ভূমৈতৈঃ আকাশত্বমপি সর্ব্বব্যাপকত্বান্মিশ্রং তত্র জীব শ্চতুর্ব্বিধঃ। দ্বিপদচতুষ্পদবহুপদাপদাঃ দ্বিপদৌ জীবশুক্রৌ, কুজসূর্য্যৌ চতুষ্পদৌ। শনি-রাহুবুধাঃ পাদহীনাঃ শিখিচন্দ্রৌ চ সঙ্করৌ। মিথুনতুলাঘটকন্যা ইত্যনাদ্‌বোধ্যং॥

ইদানীং দ্বিপদচতুষ্পাদাদি নিরূপয়তি, চতুষ্পাৎ পিঙ্গল ইতি পিঙ্গলশ্চতুষ্পাৎ, চতুষ্পাদশ্চতুর্ধা; দন্তী, শৃঙ্গী, নখী, খুরী। হয়ক্ষত্রিয়বদ্বৈশ্যোঽপি। যুগ-ভেদে শূদ্রোদ্বিবিধঃ। সৎ-শূদ্রোঽসৎ-শূদ্রোঽপি। সৎশূদ্রো বৈশ্য-কায়স্থাবিব। এবং মালাকার-কর্ম্মকার–গন্ধবণিক্–গোপাল–নাপিত–তেলি–কুম্ভকার-তন্ত্রি–মোদক-তাম্বুল্যাদয়ঃ। অসৎশূদ্রাঃ স্বর্ণবণিক্-স্বর্ণকার-গোপালক-সূত্রধারক-রজক-তৈলযন্ত্রি-বাদ্যপূরক-চাণ্ডাল-শৌণ্ডিক-কৈবর্ত্ত-মৎস্যবিক্রয়ি-চূর্ণকার-হস্তিপ-চর্ম্মকার-ডোম-পোদ-ধীবরাদয়ঃ। শুভাশুভদৃষ্টিযোগাদ্বোধ্যাঃ। বয়াংসি তেষাং স্তন-পানবাল্য-ব্রতে স্থিতো যৌবন-মধ্য-বৃদ্ধাঃ। অতীববৃদ্ধা ইতি চন্দ্র-ভৌমশুক্র-জীবার্ক-শনৈশ্চরাণাং। এতেন বলবদ্‌গ্রহদৃষ্টি-যোগাদ্বোধ্যং। লগ্নসপ্তমে শুভাশুভাদ্বৈধব্যাবৈধব্যজ্ঞানং। লগ্নে শুভদৃষ্টে জীবিতং পাপযুক্ত-দৃষ্টে বা মৃতং। লগ্নাংশাধীপো যদি শুভ স্তদা সাধ্বী। লগ্নে দ্বিত্রিপাপে গণিকা। লগ্নেশ্বরঃ শত্রুগেহী রাহুস্বংশতোবা তদা মৃতং বদেদন্যথা ন॥

শ্যেনো হিরণ্যবর্ণশ্চেতি। শ্যেনো হিরণ্যবর্ণঃ পীতবর্ণ-ইতি যাবৎ, মাহেন্দ্রত্বাৎ পিঙ্গলঃ শুক্লঃ কাকোরক্তঃ বহ্নিত্বাৎ অসিতশ্চিত্রঃ কুক্কুটঃ বর্ণান্তরসংযোগাৎ, চিত্রোবায়ুত্বাৎ। শিখী ময়ূরঃ শ্যামলঃ আকাশত্বাৎ। এতেষাং পক্ষিণাং বর্ণানুসারেণ নষ্টমুষ্টিচিন্তিতদ্রব্যাণাং রাশিক্রমেণ গ্রাম্যারণ্যজ্ঞানং। গ্রাম্য-মিথুনতুলাইত্যাদিনা বোধ্যং। পূর্ব্বং তয়োর্জ্ঞানং। স্ত্রীপুং-নপুংসকং জ্ঞানঞ্চ শুভাশুভৈর্জ্জীবিতং মৃতঞ্চ বিদ্যাৎ। এবং লগ্নাদষ্টমে সপ্তমে বা যদি পাপ স্তদা মৃতং॥

কাকো বলীয়ান্ ইতি। সর্ব্বেভ্যঃ কাকোবলী তেজস্বী। তস্মাৎ কাকাৎ শ্যেনো দুর্ব্বলঃ মাহেন্দ্রত্বাৎ জলস্বরত্বাচ্চ। কুক্কুটঃ শ্যেন-কাকাভ্যাং দুর্ব্বলঃ বৃদ্ধস্বরত্বাদ্ বায়ুত্বাচ্চ। পিঙ্গল-স্তেভ্যঃ কাকশ্যেনকুক্কুটেভ্যঃ দুর্ব্বলঃ কুমারস্বরত্বাৎ জলীয়-ত্বাচ্চ। সর্ব্বেভ্যো ময়ূরো দুর্ব্বলঃ মৃত্যুস্বরত্বাদ্ আকাশ-ত্বাচ্চ॥

ধাতু-প্রশ্নবিশেষমাহ, বারাণামুদয়ং ক্রমেণ বোধ্যং শুক্রে চন্দ্রে ভবেদ্রৌপ্য মিতি সুগমং॥

শুক্রে চন্দ্রে গুল্মবল্লী, লতাকন্দৌ বুধস্য চ। পত্রং গুরৌ ফলং সূর্য্যে মূলঞ্চ রবিজে কুজে। গ্রহবশাৎ মূলভেদং কথয়তি শুক্রে চন্দ্রে গুল্মবল্লী গুল্মস্তু করবীরাদ্যা বল্লী তু ব্রততির্ল ইত্যমরঃ। লতাকন্দৌ বুধে বাচ্যৌ কুষ্মাণ্ডাদ্যা লতাঃ স্মৃতাঃ। অর্শোঘ্নঃ শূরণঃ কন্দো গণ্ডীরস্তু সমষ্ঠিলা ইত্যমরঃ। গুরৌ পত্রং ফলং সূর্য্যে মূলঞ্চ সূর্য্যজে কুজে॥

ইদানীং চৌরাপহৃতদ্রব্যং কুত্র স্থাপিতং চিন্তিতদ্রব্য লুক্কায়িতদ্রব্যং বা কুত্রস্থিতং। শ্যেনো হৃদ্যধন মিতি। অদৃশ্য ধনং নিধিরিতি। পৃথ্বীতলগতং জ্ঞেয়ং। পিঙ্গলে জলপঙ্কযুক্ত বায়সে তৃণসংযক্তি তৃণেনাচ্ছাদিতং দ্রব্যং; কুক্কুটে ভস্মনাবৃতং ভস্মাচ্ছাদিতং দ্রব্যং জ্ঞেয় মিতি বিশেষঃ।

শ্যেনেতি। শ্যেনঃ শিখী গ্রহণার্থঃ। নষ্টদ্রব্যং গৃহমধ্যে কিন্তু বন্ধুস্থানেষু বর্ত্ততে। স্বগ্রামে শ্যেনকুজৌ চ, বায়সে বন্ধু প্রাপ্তঃ, কুক্কুটে পরদেশগতঃ। পরগ্রামে তথা শিখী॥

দ্রব্যং কিয়দ্দূরে গতং তদাহ। কুজেমিতি। পিঙ্গলো দশহস্তেন চতুঃক্রোশেষু কুক্কুটঃ। শিখী কাকো দ্বিক্রোশমধ্যে শ্যেনঃ ক্রোশৈককে তথা। পূর্ব্বতঃ পূর্ব্বদিক্ষু চ প্রাক্ শ্যেন ইত্যাদিনা জ্ঞেয়ং॥

শ্যেনো মুখ মিতি শ্যেনো মুখং কণ্ঠং বাহুঃ কুজঃ পিঙ্গলো বক্ষস্তু বায়সঃ কাকঃ। কুক্কুটঃ পৃষ্ঠভাগঃ স্যাৎ শিখী ময়ূরঃ পাদযুগং ক্রমাৎ। এষু স্থানেষু প্রশ্নকালে হস্তস্পর্শাৎ শ্যেনাদি পক্ষিণো জ্ঞেয়াঃ। অথবা শ্যেনচারসময়ে হৃতনষ্টালঙ্কারাদি প্রশ্নে মুখাভরণং হস্তাভরণঞ্চ ইতি দিগ্ ইতি সর্ব্বত্র॥

মিত্রং ময়ূরঃ শেনস্যেত্যাদি সুগমং শত্রুচিন্তা বিষয়চিন্তা প্রয়োজনং॥

রবৌ ভৌমে চ ভেরুণ্ড ইতি রবিবারে ভৌমবারে শ্যেনঃ পক্ষী। শনৌ ময়ূর-বায়সৌ জ্ঞেয়ৌ। শুক্রে শুক্রবারে পদায়ুধঃ কুক্কুটঃ শিখী ময়ূরঃ। গুরৌ বৃহস্পতিবারে কাক-কুজৌ কাক পিঙ্গলৌ কুজ-কুক্কুটকৌ জ্ঞেন্দ্বৌ পিঙ্গল-কুক্কুটৌ সোমবারে, বুধবারে চ। শুক্লকৃষ্ণপক্ষয়োঃ রয়ং ক্রমঃ। ইতি সামান্যে-নোক্তং। বিশেষেণ যথা। শ্যেনোঽর্কভৌমে শশিজে কুক্কুটঃ কুজ্ঞৌ গুরুঃ স্যাৎ শিখী কবৌ চ। শনৌ চ কাকঃ ইতি কৃষ্ণ-পক্ষে সূর্য্যউদয়তি ষড়্‌ঘটিকাপ্রমাণং॥ রবিবারে চ প্রথমতঃ শ্যেনস্য উদয়স্তদনন্তরং কাকঃ। ততো ময়ূরঃ। ততঃ পিঙ্গলঃ।

স্তঃ কুক্কুটঃ। এবং ক্রমেণ ষড়্ঘটিকাপ্রমাণেন কৃষ্ণপক্ষেঽপি। রবি-ভৌমবারে চ শ্যেনস্য উদয়ঃ। চন্দ্র-বুধবারে চ পিঙ্গলস্য উদয়ঃ। গুরুবারে চ কাকস্য উদয়ঃ। শুক্রবারে চ কুক্কুটস্য উদয়ঃ। শনিবারে চ ময়ূরস্য উদয়ঃ। আদিত্য-ভৌময়োঃ শ্যেনঃ পিঙ্গলী চন্দ্রচন্দ্রজৌ। বায়সাদেব মন্ত্রী চ কুক্কুটো ভার্গবোঽপি চ। ময়ূরঃ সূর্য্যপুত্রে চ শুক্লপক্ষে ক্রমাদিহ ॥

দিনেষু শুক্লপক্ষে যঃ ক্রমঃ কৃষ্ণপক্ষরাত্রৌ স ক্রমঃ। কৃষ্ণপক্ষে দিনে যঃ ক্রমঃ শুক্লপক্ষে রাত্রৌ স ক্রমঃ ॥

ইদানীং বালাদিস্বরাণাং সংজ্ঞা তৎফলানি চ। বালঃ কুমারস্তরুণো বৃদ্ধোমৃত্যুরিতি ক্রমাৎ। এতেষাং বিবরণং ফলং শুভাশুভং ষড়্ঘটিকাপ্রমাণেন দিবারাত্রিষু বোধ্যং।

কিঙ্কিল্লাভকরোবাল ইত্যাদিনা স্থগমং। এতেষাং বিবরণং স্বরোদয়ে বাহুল্যেন কৃতং প্রসঙ্গাত্তদত্র লিখ্যতে। তিথিবারঞ্চ নক্ষত্রং পৃথক্ পৃথক্ প্রভাষিতং। যত্তদেকত্র সংমীল্য কুর্য্যাস্বর্ণং স্বরোদয়ে। যস্য নামাদিমং বর্ণং তিথিবারার্কজং মতং। তদ্দিনং স্বরেত্তস্য হানিমৃত্যুকরং মতং। অনেন স্বরযোগেন শত্রূণাং মারণাদিকং। মন্ত্র-যন্ত্র-ক্রিয়া-হোমং সাধয়েত্তদ্দিনে বুধঃ। শত্রোর্মারণার্থমভিচারাদিকং শত্রোর্মৃত্যুস্বরদিনে সাধয়েত্তদা তৎসিদ্ধির্নান্যথা ন। তিথ্যাদাবুদয়ং যাতি তিথিস্বরঘটিস্বরে। বালস্বরাদিকে প্রাপ্তে ফলং তস্য বদাম্যহং। তিথিভুক্তঘটিসংখ্যাং কৃত্বা পলময়ীং ততঃ। খাক্ষ-বহ্নিহৃতাশেষস্বরস্তৎকালসম্ভবঃ। যদ্দিশ্য কৃতঃ প্রশ্নঃ ফলং তত্র প্রজায়তে। যত্র নোদ্দিশ্যতে কিঞ্চিত্তত্র প্রষ্টুঃ শুভাশুভং। বালোদয়ে যথা, পুচ্ছলাভার্থে স্বল্পলাভদা। রুজার্থে চিররোগঃ স্যাৎ গমনে হানিঃ ক্ষয়োরণে। কুমারোদয়বেলায়াং লাভো ভবতি পুষ্কলঃ। রুজনাশো জয়ো যুদ্ধে যাত্রা সর্ব্বত্র সিদ্ধিদা। যুবোদয়ে লভেদ্রাজ্যং কেশচ্ছেদশ্চ তৎক্ষণাৎ। সংগ্রামে শত্রুহন্তা চ যাত্রা চ সফলা ভবেৎ। বৃদ্ধোদয়ে ন লাভঃ স্যাৎ ক্লেশিনাং ক্লেশবর্দ্ধনং। সংগ্রামে ভঙ্গমাপ্নোতি যাত্রায়াং ন নিবর্ত্ততে। মৃত্যুদয়ে যদা দূতাঃ পৃচ্ছন্তি স্বপ্রয়োজনং। তৎসর্ব্বং মৃত্যুদং জ্ঞেয়ং যুদ্ধে মৃত্যু র্ভয়ঙ্করঃ। ইতি বালাদিস্বরাণাং ফলং। অথ স্ত্রী-পুরুষজ্ঞানং। ওজস্বরাঃ পুমাংসঃ স্যুঃ স্ত্রিয়া যুগ্ম-স্বরান্ বিদুঃ। স্বস্বস্বরোদয়ে প্রাপ্তে পুংসাং স্ত্রীণাং ফলং বদেৎ। গর্ভপ্রশ্নে পুংস্বাদিজ্ঞানং শুভাশুভজ্ঞানঞ্চ। গর্ভার্থে পুংস্বরে পুত্রঃ কন্যা কন্যাস্বরোদয়ে। যুগ্মে যুগ্মঃ ক্ষয়োনষ্টে মাতুর্মৃত্যুশ্চ সঙ্গমে। পুংনাড়ীস্বরয়োঃ পুংসোঃ পুংযুগ্মং স্ত্রীযুগং স্ত্রিয়াঃ। তয়োস্তু পুংস্ত্রিয়োঃ পুং স্ত্রী যুগ্মং গর্ভো বিনির্দ্দিশেৎ।

তাৎকালিকস্বরভেদঃ। অদ্য ময়া কিং ভোক্তব্যং ইতি প্রশ্নে কিং বক্তব্যং। তথা চ জাতকে। লগ্নাধীপো ভোজ্য-দাতা সুখেশো ভোজ্যমীরিতং। বুভুক্ষা মদপঃ কর্ম্মপতির্ভোক্তেতি চিন্তয়েৎ ॥ ইদানীং পক্ষিণাং ভোজনাদিপঞ্চাবস্থা। ভোজনং গমনং রাজ্যং নিদ্রা মরণমেব চ। পক্ষিণামবস্থাভেদেন সর্ব্বত্র ফলং ব্রূয়াৎ ॥ অথ পক্ষিণাং পঞ্চাবস্থাফলং কথিতং পঞ্চশ্লোকেন বোদ্ধব্যং। রাজ্যং সুভিক্ষেত্যাদি সুগমং ॥

শ্যেনলগ্নাধিপো যোগ্রহঃ স ভোজ্যস্য দাতা। ভোজ্যদ্রব্যং তস্য বলবশাৎ ক্ষুধা বক্তব্যা, অন্যথা দুর্ব্বলেনেতি। দশমাধিপবলাৎ যথেষ্টভোজনং দুর্ব্বলে স্বল্পভোজনং। জীবে লগ্নে সিতে বাপি সুভোজ্যং দুঃস্থিতাবপি। মন্দে তমসি বা লগ্নে সূর্য্যেণালোকিতে যুতে। লভতে ভোজনং নাত্র শস্ত্রভীতিস্তদা ক্বচিৎ। রবিদৃষ্টং যুতং বাপি লগ্নে বা যদি তত্র হি। উপবাস স্তদা বাচ্যো নক্তং বা বারিভোজনং। চন্দ্রে কর্ম্মগতির্ভোজ্যং শীতমুষ্ণঞ্চ জ্ঞে কুজে। তূর্য্যে চ লগ্নবশতো ভোজনান্তে রসং বদেৎ। স্নিগ্ধমন্নং সিতে তূর্য্যে তৈলসংস্কৃতমর্কজে। নীচৈঃ পরৈঃ কদন্নাশং বিরাগঞ্চ ন সংস্কৃতং। সূর্য্যাদিভির্লগ্নগতৈঃ স বীর্য্যৈরাজাদিগেহে ভুজিমামনন্তি। সূর্য্যাদিভিগ্রহৈর্ব্বলযোগাৎ লগ্নগতৈরাজাদিগ্রহাদিষু ভোজনং বক্তব্যং। যথা রাজানৌ রবিসিতঃ ক্ষিতিসুতোনেতা কুমারোবুধঃ। সূরির্দানবপূজিতাশ্চ সচিবো প্রেষ্যঃ সহস্রাংশুজঃ। ইত্যাদিনা বোধ্যং। সুখে সুভে সবলে সুভোজ্যং। চরাদিকে স্যাৎ সকৃৎসকৃচ্চ। চরে বারদ্বয়ং ত্রয়ং বা স্যাৎ দ্ব্যাত্মকে বারদ্বয়ং স্থিরে বারৈকং। মূলত্রিকোণেশে খেটে লগ্নে পিতৃগৃহেঽশনং। মিত্রালয়ে মিত্রশুভস্থো শত্রুগেহে হরিগৃহকে। শুভেক্ষিতে যুতে লগ্নে বলাঢ্যে স্বগৃহে ভুক্তিঃ। গ্রহরাশিস্বভাবেন যত্নাদন্যচ্চ চিন্তয়েৎ। তিলান্নমর্কে হি মৃগে সতণ্ডুলং। শুভান্নভোজ্যং শিখিরাহু বার্য্যাৎ। শুভেক্ষণালোকনতঃ সহর্ষঃ। সূর্য্যোমূলং পুষ্পমিন্দৌ কুজে স্যাৎ। পত্রং শাখাবাপি শাকং সবীর্য্যে। শুক্রে জ্ঞে ব্যঞ্জনং ভূরিভেদং। মন্দেঽহ্নে সামিষং বহুং বা। এতৎ সর্ব্বং পঞ্চপক্ষিগৃহাদিকং লগ্নাদিপঞ্চবুদ্ধ্যা যুক্তং সর্ব্বং বক্তব্যং। অকারস্তত্র সংস্থানে ইকারোভূমিসন্নিধৌ। ঈঃ পুংসঃ স্ত্রীণাং প্রোক্ত স্তথা ব্রাহ্মণসন্নিধৌ। উকারো ভূদেবস্য তথা চৌরস্য ভবনে। অকারে সাবিত্রী-ললিতা-মেধা পূর্ব্বে, ইকারে চন্দ্রদেবকী দক্ষিণে, উকারে ভদ্রিকা দেবী পশ্চিমে, একারে কান্তিকা উত্তরে, ওকারে নন্দিনঃ প্রোক্তা বিদিকং ॥

শ্যেনে ভোক্তরি, শ্যেনস্য ভোজনকালে কুক্কঃ পেচকঃ পথিকঃ, রাজা বায়সঃ, কুক্কুটো নিদ্রিতঃ, ময়ূরো মৃতঃ।

কুক্কে ভোক্তরীতি পেচকস্য ভোজনসময়ে, বায়সঃ পথিকঃ, রাজা কুক্কুটঃ, ময়ূরঃ সুপ্তঃ, শ্যেনোমৃতঃ।

কাকে ভোক্তরীতি কাকস্য ভোজনকালে, তাম্রচূড়ঃ কুক্কুটঃ পান্থঃ, ময়ূরো নৃপঃ, শ্যেনঃ সুপ্তঃ, কুক্কঃ পেচকঃ কালবশংগতঃ মৃতঃ।

কুক্কুটে ভোক্তরীতি কুক্কুটস্য ভোজনসময়ে, শিখী ময়ূরঃ পান্থঃ, শ্যেনোনৃপঃ, পেচকঃ, সুপ্তঃ, কাকোমৃতঃ।

ময়ূরে ভোক্তরীতি ময়ূরস্য ভোজনকালে, শ্যেনঃ পথিকঃ রাজা পেচকঃ, কাকঃ সুপ্তঃ, কুক্কুটোমৃতঃ॥

শ্যেনে ভোক্তরীতি, শ্যেনস্য ভোজনকালে, কাকঃ পথিকঃ, ময়ূরোনৃপঃ, পিঙ্গলো নিদ্রিতঃ, কুক্কুটোমৃতঃ।

কাকে ভোক্তরীতি, কাকস্য ভোজনকালে, কেকী ময়ূরঃ পান্থঃ, পেচেকা নৃপঃ, কুক্কুটঃ সুপ্তঃ, শ্যেনোমৃতঃ।

ময়ূরে ভোক্তরীতি, ময়ূরস্য ভোজনসময়ে, পিঙ্গলঃ পথিকঃ, রাজা কুক্কুটঃ, শ্যেনঃ সুপ্তঃ, কাকোমৃতঃ।

কুক্কে ভোক্তরীতি, পেচকস্য ভোজনকালে, কুক্কুটঃ পান্থঃ, শ্যেনোনৃপঃ, কাকঃ সুপ্তঃ, ময়ূরোমৃতঃ।

কুক্কুটে ভোক্তরীতি, কুক্কুটস্য ভোজনসময়ে, শ্যেনঃ পান্থঃ কাকোরাজা, ময়ূরঃসুপ্তঃ, পেচকোমৃতঃ॥

ইত্যুক্তং পক্ষিণামিত্যাদি সুগমং। ইতি শ্রীবামদেবেন কৃতা পঞ্চ-পক্ষিপ্রকাশিনী টীকা সমাপ্তা।

---

# অথ কেরলীসম্মতপঞ্চপক্ষী।

নত্বা শিবং জগদ্ধেতুং সৃষ্টিস্থিত্যন্তকারিণং। সতাং মুদে গ্রন্থ-কৃতে তস্মৈ শ্রীশম্ভবে নমঃ॥ তত্রাদৌ পক্ষিণো নামানি। বায়সঃ কুক্কুটশ্চৈব শ্যেনো ভুজগনাশনঃ। তাম্রচূড়শ্চ পঞ্চৈতে বিজ্ঞেয়াঃ পক্ষিনামকাঃ। কাকভেরুণ্ডকৌ পুংসি বর্ত্ততে সুরনায়কঃ। তাম্রচূড়শ্চ ক্লীবঃ স্যাৎ কুক্কুটঃ স্ত্রীষু জায়তে।

অথ লগ্নানাং যামার্দ্ধনির্ণয়ঃ।

লগ্নমানস্য ত্রিভাগকৃতে যামার্দ্ধঃ সপঞ্চমনবমাঃ ক্রমেণ বিজ্ঞেয়াঃ। ক্রিয়স্য প্রথমাধীশো বায়সো বর্ত্ততে হি সঃ। দ্বিতীয়ে তু নীলকণ্ঠস্তৃতীয়ে তাম্রচূড়কঃ। বৃষাদ্যে চ কুক্কুটঃ স্যাদ্বিতীয়ে শ্যেন উচ্যতে। তৃতীয়ে কোকিলঃ স্মৃতঃ। এবং ক্রমেণ বিজ্ঞেয়া যুগ্মযুগ্মাদিরাশিষু। গ্রাম্যা বায়সকোকিলকুক্কুটাঃ আরণ্যো শ্যেন ময়ূরৌ। তত্র শ্যেনঃ পক্ষী বক্তা ৮। কুক্কুটো বক্তা ১২। বায়সো বক্তা ৫। পিকো বক্তা ৬। নীলকণ্ঠো বক্তা ৪। ততঃ পক্ষি স্থিতিঃ। বায়সে ২। গ্রাম্যন্তে ১। সুরনায়কে ৩। চকোরাখ্যে বায়সো ভূতবক্তা চ তথা সন্তানপোষকঃ। শ্যেনো ভবিষ্য বক্তা চ অন্যৌ চ বর্ত্তমানকৌ। কাকো যদা শুভকরঃ স রোগহন্তা পিকো দৃষ্টেরধিপঃ পরমিত্রাধিপঃ। শ্যেনেন শুভদোপি ফলং ন বাচ্যং মিত্রোপি সুতপালকঃ কথম ভূম্যাদিলাভং ধ্রুবং। শ্যেনঃ শুভকরো নিত্যং বায়সো ফলপ্রদঃ। ভেরুণ্ডকো ধাতুচিন্তা পিকো জীবোপি মৈত্রক হর্ষাদিতুল্যং গমনাগমশ্চ সুচিন্তকঃ সোপি চ মূলচিন্তক কাকোপি দৃষ্টো রথরাশিখণ্ডী তত্রাভবৎ শুভফলঞ্চ ন কোপি স্যাৎ। জয়াজয়ো লাভহানিঃ কাকোঽধীশো যথাক্রমাৎ। তত্রৈ পিঙ্গলো বক্তা জীবস্য গমনাদিকং। ময়ূরে চ ভবেত্তা বায়সে রোগনাশনং। কুক্কুটে কার্য্যসিদ্ধিঃ স্যাৎ শ্যেনে চাগম মুদা। কোকিলে চ শুভং বক্তুং ফলমত্র প্রদানকং। এত তু সামান্যতো জানীয়াৎ। তত্র বিশেষবীজমাহ। কাকে জন্মে যদি তুল্যদৃষ্টিঃ সদা সুখং তত্র বিনির্দ্দিশেচ্চ। জীবস্য যদি তত্র মিত্রে দৃষ্টে নীলোবা খলু চাস্য জীবনং॥ শত্রু বীক্ষ্যতে তত্র জীবস্য প্রাণসংশয়ঃ। কাকস্য মিত্রং ভুজগাশন পিকোঽপি শত্রুরিতি সংক্রমেণ। তস্যৈব মিত্রং সুতপালক শত্রুশ্চ শ্যেনো ভবতি প্রযত্নাৎ। মিত্রং যথা স্যাৎ ক্রমলেপি কাকোঽপি শত্রুরিতিবাথ কুক্কুটঃ। তত্রাপি তেষু বয়সি প্র সংক্রমেণ মিত্রং যথা ভবতি তত্র গতিশ্চ নাম্না॥ মেষস্য প্রথ ভাগে দৃষ্টির্জ্ঞেয়া শিখণ্ডিনঃ। দ্বিতীয়ে শ্যেনরাজস্য তৃতী কোকিলস্য চ। তত্রৈব যুগ্মাদিরাশিবৈপরীত্যেন জ্ঞাতব্যা। পিকস্য দৃষ্টির্যদি তত্র ভাগমাত্রেণ দৃষ্টং শু ফলং স্যাৎ। তত্রৈব শত্রৌ কিল দৃশ্যতে মুদা তদা তু হানি শুভে চ। কাকাধীশে কৃষ্ণবর্ণঃ কোকিলে নীলমুত্তমং। চ রাখ্যে রক্তবর্ণং শুক্লবর্ণং শিখণ্ডিনি। সুতস্নেহে পীতবর্ণঃ জা রাৎ ক্রমতো মুদা। নষ্টস্য লাভং কুরুতে শিখণ্ডী তত্রৈব যদি মিত্রপশ্যতঃ। রিপৌ চ দৃষ্টে শুভহানি স্তত্র এবং ক্র ফলভাগগমনাগমশ্চ। মিত্রস্য দৃষ্টি র্যদি পূর্ব্বভাগে তদা রা রাজ্যসুলাভমেব। রিপৌ চ হানিঃ শুভদোঽপি স্নেহকে ত্যনিষ্টং ফলমত্র পূর্ব্বতঃ॥ দেহকষ্টং মনস্তাপং ধননাশং ক্র

ম্যং। কাকাধীশে বদেত্তত্র যদি মিত্রং ন পশ্যতি। কুক্কুটে রাজ্যলাভঃ স্যাৎ মধ্যাংশে সংস্থিতে সতি॥ পিকোঽপি চান্তে স্থিতএব সম্যগ্ জীবস্থ তূর্ণং গমনং সুদূরতঃ। ভেরুণ্ডকো যদাধীশোঽপত্যচিন্তা তু পূর্ব্বভাক্। রিপৌ চ সুতহানিঃ স্যাদ্‌গর্ভনষ্টং ভবেৎ কিল। শ্যেনোঽপি সৌখ্যচিন্তঃ স্যাৎ তৃতীয়াংশে সুনিশ্চিতং। বায়সঃ সমদৃষ্টিঃ স্যাদ্‌যদি তত্র ন বিদ্যতে। তদা ভূম্যাদিলাভঃ স্যাৎ পূর্ব্বাংশে সংস্থিতে সতি। চকোরাখ্যঃ যদা শুক্রো জীবস্থ শুভচিন্তনং। তত্রৈব চ রিপৌ দৃষ্টে বীজস্থ মূলনাশনং। কাকশিখণ্ডিনৌ দৃষ্টে জীবঃ পুরুষ এব চ। পিককুক্কুটকৌ বাপি স্ত্রীষু জাতি র্ন সংশয়ঃ। শ্যেনোবাপি চ যত্রেশস্তত্র ক্লীবঃ স উচ্যতে। গমনং। ভ্রমণং। শয়নং। শূন্যে। ভূতলে। এতেষাং পক্ষিণাং ক্রমেণ জ্ঞাতব্যা। মেষসিংহৌ তু গমনে বর্ত্ততে মুনিভিঃ স্মৃতং। মকরঃ কর্কিরাশিঃ স্যাৎ ভ্রমণং কথিতং কিল। শয়নে বর্ত্ততে মীনঃ কন্যাপি তত্র জায়তে। কলসো মিথুনচাপি শূন্যে চাস্তি সুনিশ্চিতং। বৃষোঽপি তুলাধনুষো বৃশ্চিকশ্চাপি তে ত্রয়ঃ। বর্ত্তন্তে ভূতলে বাপি বিজ্ঞেয়া গমনাধিপাঃ। গমনে কার্য্যসিদ্ধিঃ স্যাৎ যাত্রায়াং সুফলপ্রদঃ। নষ্টস্য লাভং কুরুতে রিপৌ দৃষ্টেঽপি নিশ্চয়ঃ। যদাপি লগ্নং ভ্রমণেঽপি বর্ত্ততে তদাশু রোগং কুরুতে সুমিত্রে। দৃষ্টেঽপি তত্র বিলয়ং সমাসাৎ বীজস্য নাশং বিগতাত্র হস্যাৎ। শুভস্য সিদ্ধিঃ শয়নেঽপি বর্ত্ততে মিত্রারিদৃষ্টোঽপি ন কিঞ্চিদত্র। তদাশু লাভং বিজয়োবলে বা পরাজয়ঃ স্যাদপি শত্রুবীক্ষিতে॥ শূন্যভাগে যদা কাকোবিদেশস্থস্য নির্ণয়ঃ। প্রথমাংশেঽপি মেষস্য শীঘ্রমাগমনম্ভবেৎ। ভেরুণ্ডকো যদা শূন্যে দ্বিতীয়ে মকরস্য চ। ভূম্যাদিলাভচিন্তা স্যাৎ মিত্রে দৃষ্টে সুনিশ্চিতং। নষ্টদ্রব্যস্য চিন্তা স্যাৎ তত্রৈব সংস্থিতে সতি। পিকোবসতি যত্রৈব রিপুর্ব্বা সংস্থিতঃ পুনঃ। তদা তত্রৈব মৃত্যুঃ স্যাৎ তত্তুল্যং বাপি জায়তে। সিংহস্য প্রথমে ভাগে যদা ভবতি বায়সঃ। তদা তত্রৈব মৃত্যুঃ স্যান্নাত্র কালব্যতিক্রমঃ। তন্মধ্যাত্তোরিপুর্ব্বাপি মিত্রেণৈব সমীক্ষ্যতে। তত্রৈব শুভবার্ত্তাস্যাদ্দশাহে নৈব জায়তে। নীলকণ্ঠো যদা ভাতি দ্বিতীয়ে বৃশ্চিকস্য চ। জীবস্য রোগচিন্তা স্যাৎ গমনাগমনোঽপি বা। তেনৈব জায়তে চাত্র ধীমদ্ভিরিতি কথ্যতে। শ্যেনোঽপি দ্বিপদং বক্তি কাকপিকৌ তথা বচঃ। চতুষ্পাদং নীলকণ্ঠঃ কুক্কুটোঽপি তথৈব চ। এতেষাং ভাগচিন্তা নাস্তি। ভূষণানি চ বস্তূনি ক্রমেণৈব প্রজায়তে। বায়সঃ কুকুটশ্চৈব ত্রিকোণং বক্তি নিশ্চিতং। চতুষ্কোণঞ্চ বিজ্ঞেয়ং শ্যেনপিঙ্গলকোকিলঃ। হ্রস্বদীর্ঘক্রমেণৈব দ্রেক্কাণাধিপতৌ তথা। বায়ঃ ১২। ৫। ভেকঃ ১১। ৮। শুকঃ ৭। ৫। গণ্ডকঃ ১০। ৪। বিগতঃ ৮। ৬। এতানি পক্ষিণঃ সংজ্ঞানি স্যুঃ। বায়সো ধারসংজ্ঞঃ স্যাৎ। কুক্কুটো ভেক উচ্যতে। শুকঃ শ্যেনোঽপি বিজ্ঞেয়ো শিখণ্ডী গণ্ডকঃ স্মৃতঃ। বিগতঃ কোকিলো বাপি ক্রমেণৈষাং বিচক্ষণঃ। এষাং বিবেকাদিভাবঃ ক্রমেণ গ্রহাণাং বলাবলস্থাৎ সমবিষমরাশীনাঞ্চ প্রত্যেকং দৃষ্টি র্জ্জানীয়াৎ। তত্রাপ্যেতেষাং গ্রহনির্ণয়ঃ। দ্রেক্কাণাধিপতি র্যত্র তত্র দৃষ্টি র্ন চাক্ষুণা। বায়সো গুরুণা মন্দঃ সহিতো যত্র বিন্দতি। তত্রাপি শুভদঃ প্রোক্তঃ শত্রুণা দৃশ্যতে পুনঃ। তেষাং ফলানাং ক্রমতো বিধত্তে কাকাদিভেদাৎ সিতজীবসৌম্যাঃ। তত্রাপি দ্রব্যস্য বিশেষলাভং জলাচ্চ সম্যগ্ বদতস্ত্রিভাগাৎ। ভেরুণ্ডকো যদা সৌম্যঃ সিতেন সহিতোঽপি বা। মন্দেন সহিতঃ কাকো যদি পশ্যেৎ স্বশত্রুতঃ। তত্র জীবস্য কার্য্যঃ স্যাৎ শত্রুমিত্রে সমৌ রিপৌ। যাত্রা হানিরনাবৃষ্টিঃ কার্য্যহানিরদর্শনং। ব্যাধিশ্চ দীর্ঘরোগশ্চ এতচ্চ পক্ষিলক্ষণং। অপমৃত্যুর্ভয়ঞ্চৈব সর্ব্ববিনাশনং তথা। শ্যেনেন সহ যত্র স্যাৎ ফলমধ্যে তু কার্ম্মুকঃ। পিঙ্গলোঽপি যদা জীবঃ ভুঙ্‌ক্তে রাশিং কথঞ্চন। ভাগপ্রথমপূর্ব্বার্দ্ধং বিজ্ঞেয়ং ক্রমতঃ কিল। কার্য্যহানি র্ব্রতে পিকঃ স্যাৎ তত্রৈবমান্তে রবিণা মহেতি। রিপৌ দৃষ্টে বিজয়ঃ সদা স্যু র্মনোগতং ভাবং শুভাশুভস্য। শূন্যে স্থিতঃ কাকঃ পরার্দ্ধভাগতঃ মীনস্য পূর্ব্বং যদি বা সমাগমঃ। তদা চতুষ্পাদপশোশ্চ চিন্তা নিহন্তি নো তত্র গতস্য বার্ত্তা॥ কুক্কুটঃ ফলমাধত্তে প্রায়সোঽপি স্বযোগতঃ। অন্যোঽপি দৃষ্টিমাত্রে চ মিত্রবিপ্লবভেদতঃ। গৃহবহিঃস্থানমিতি স্বভাগে তত্রৈবমান্তে স্ববস্তুনায়ঃ। গৃহস্থিতশ্চ বক্তব্যো ভূতলে বর্ত্ততে যদি। যঃ কোঽপি চ সদা তত্তোঽবিগতো নাত্র সংশয়ঃ। বায়সো যত্র ভাগে তু নীচস্থঃ কালনির্ণয়ঃ। সহৈবাতঃপূর্ব্বং স্যাৎ স্বভাগোঽপি বিভাগতঃ। মনোগতস্য ভাবস্য যত্র তিষ্ঠতি ধূর্ত্তকঃ। বিদেশগমনং তস্য রিপৌ বা মিত্রসংগ্রহে। বারাদিভেদতো বক্তি শুভং বা যদি বা শুভং। রবাধীশো যদা কাকঃ শ্বেতোঽপি বিগতোঽপি বা। তদা লাভস্য সিদ্ধিঃ স্যাদ্ যদি যত্র ন পশ্যতি। চকোরাখ্যো যদি স্যাত্তু বর্ষা তত্র ভবেদ্ধ্রুবং। কর্কটস্য তু শেষোবা বিবাদং স্বজনৈঃ সহ। এবং ক্রমেণ সংজ্ঞানি জ্ঞাতব্যানি পুনঃ পুনঃ। বলীস্থ কাকোথ কুক্কুটাখ্যঃ পিকোঽপি তত্র বলবানপি বাগতাখ্যঃ। তদা শিখণ্ডী বিগতো বলিনাং তত্রাপি তেষু নিয়তং বিগতং সুচুর্ব্বলী। সুতকাদিনা বিবিধা চিন্তা যস্যাপি সংজ্ঞাদিফলং স্যাদিতি এবং বারবিচারঃ বিগতাদিভেদমপি পূর্ব্ববজ্জাতমিতি।

ইতি সুতকাদিকাণ্ডে প্রশ্নাধ্যায়ে ষষ্ঠপরিচ্ছেদঃ সমাপ্তঃ।

জন্মমাসাচ্চতুর্থমাসে জন্মবারাচ্চ পঞ্চমঃ।
জন্মতিথের্বিংশতিতিথৌ যদি স্যাৎ পঞ্চমস্বরঃ।
নক্ষত্রাৎ পঞ্চবিংশঃ স্যাৎ যস্মিন্ বর্ষে ভবিষ্যতি।
তস্মিন্ বর্ষে ভবেন্মৃত্যুঃ কালচিহ্নেন ভাষিতঃ॥

যদি কোন ব্যক্তির জন্মমাসের চতুর্থ মাসে, জন্মবার হইতে গণনায় পঞ্চম বার, জন্ম তিথি হইতে গণনায় বিংশতি তিথি ও জন্মনক্ষত্র হইতে গণনায় পঞ্চবিংশতি নক্ষত্র এক দিবসে সংযোগ হয়, তাহা হইলে সেই ব্যক্তির সেই বৎসরে রিষ্ট সম্ভব হইবে।

### অন্যচ্চ গণনা।

জন্মর্ক্ষতঃ সায়কযুগ্মমৃক্ষং তিথির্যদা জন্মতিথেঃ খযুগ্মম্।
চতুর্থমাসে যদি জন্মমাসাত্তজ্জন্মবারাদ্যদি পঞ্চমাহঃ॥



| শ্যেন | ময়ূর | কুক্কুট | কাক | পিঙ্গল | শ্যেন |
|---|---|---|---|---|---|
| নন্দা | পূর্ণা | রিক্তা | জয়া | ভদ্রা | নন্দা |
| ১ প্রতিপৎ | ২০ পঞ্চমী | ৯ নবমী | ২৮ ত্রয়োদশী | ১৭ দ্বিতীয়া | ৬ ষষ্ঠী |
| ৬ ষষ্ঠী | ২৫ দশমী | ১৪ চতুর্দ্দশী | ৩ তৃতীয়া | ২২ সপ্তমী | ১১ একাদশী |
| ১১ একাদশী | ৩০ অমাবস্যা | ১৯ চতুর্থী | ৮ অষ্টমী | ২৭ দ্বাদশী | ১৬ প্রতিপৎ |
| ১৬ প্রতিপৎ | ৫ পঞ্চমী | ২৪ নবমী | ১৩ ত্রয়োদশী | ২ দ্বিতীয়া | ২১ ষষ্ঠী |
| ২১ ষষ্ঠী | ১০ দশমী | ২৯ চতুর্দ্দশী | ১৮ তৃতীয়া | ৭ সপ্তমী | ২৬ একাদশী |
| ২৬ একাদশী | ১৫ পূর্ণিমা | ৪ চতুর্থী | ২৩ অষ্টমী | ১২ দ্বাদশী | ১ প্রতিপৎ |

শিবোক্ত পঞ্চপক্ষীর গণনায় চক্রের সহিত উপর্য্যুক্ত বচনের প্রায় সৌসাদৃশ্য দৃষ্ট হয়। যথা—তিথিসম্বন্ধে; শ্যেনপক্ষির কোষ্ঠে অঙ্কিত শুক্লপক্ষের প্রতিপৎ যাহার জন্মতিথি হইবে, তাহার পক্ষে গণনায় বিংশতি তিথি ময়ূরের কোষ্ঠের কৃষ্ণাপঞ্চমী দৃষ্ট হয়। যাহার জন্মতিথি ঐ ময়ূরের কোষ্ঠের কৃষ্ণপক্ষের পঞ্চমী হইবে, তাহার পক্ষে বিংশতিতিথি কুক্কুটের কোষ্ঠের শুক্লপক্ষের নবমী দৃষ্ট হয়। যাহার কুক্কুটের কোষ্ঠের শুক্লপক্ষের নবমী জন্মতিথি হইবে, তাহার পক্ষে কাকের কোষ্ঠের কৃষ্ণপক্ষের ত্রয়োদশী বিংশতি তিথি দৃষ্ট হয়। যাহার কাকের কোষ্ঠের কৃষ্ণপক্ষের ত্রয়োদশী তিথিতে জন্ম হইবে, তাহার বিংশতিতিথি পিঙ্গলের কোষ্ঠের কৃষ্ণপক্ষের দ্বিতীয়া দৃষ্ট হয়। যাহার জন্মতিথি পিঙ্গলের কোষ্ঠের কৃষ্ণপক্ষের দ্বিতীয়া হইবে, তাহার বিংশতিতিথি শ্যেনের কোষ্ঠের শুক্লাষষ্ঠী দৃষ্ট হয়। এইরূপ অবশিষ্ট জন্মতিথিসমূহের গণনা করিতে হইবে।

জন্মনক্ষত্র হইতে পঞ্চবিংশতি নক্ষত্রের গণনাতেও এই পঞ্চপক্ষীচক্রে অনেক ঐক্য দৃষ্ট হইতেছে। যথা—শ্যেনপক্ষীর কোষ্ঠে অঙ্কিত অশ্বিনী নক্ষত্র যাহার জন্মনক্ষত্র হইবে, তাহার পঞ্চবিংশতি নক্ষত্র ময়ূরের কোষ্ঠের পূর্ব্বভাদ্রপদ নক্ষত্র দৃষ্ট হয়। অবশিষ্ট নক্ষত্রসমূহের এইরূপ গণনা করিলে, প্রায় মিলিবে।

জন্মবার হইতে পঞ্চমবার গণনাতেও প্রায় এই চক্রে অনেক সাদৃশ্য আছে। যথা—শ্যেনপক্ষির কোষ্ঠের অঙ্কিত মঙ্গলবার যাহার জন্মবার হইবে, তাহার পঞ্চমবার ময়ূরের কোষ্ঠের অঙ্কিত শনিবার দৃষ্ট হয়। অবশিষ্ট বারসমূহেরও এইরূপ গণনা করিলে অনেক সাদৃশ্য পরিদৃষ্ট হইবে।

জন্মমাস হইতে চতুর্থ মাস গণনাতেও প্রায় এই চক্রে অনেক ঐক্য দেখা যায়। যথা—শ্যেনপক্ষির কোষ্ঠে বৃশ্চিকরাশি অর্থাৎ অগ্রহায়ণ মাস হইতে চতুর্থ মাস কুম্ভরাশি অর্থাৎ ফাল্গুনমাস ময়ূরের কোষ্ঠে দৃষ্ট হয়। অবশিষ্ট মাসসম্বন্ধে এইরূপ গণনা করিলে এই চক্রে অনেক একতা অবলোকিত হয়। অতএব গণনাকালে দিনপক্ষী ও প্রশ্নপক্ষী এই উভয় পক্ষির তিথি, বার, নক্ষত্র, মাস ইত্যাদি বিজ্ঞাত হইয়া প্রশ্নের ফলাফল বলিয়া দিবে।

ইতি শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় প্রণীত ও প্রকাশিত ফলিতজ্যোতিষে
শিবোক্তপঞ্চপক্ষী সমাপ্ত।

# মনোরমা।

ওঁ নমোগণেশায়।

প্রণম্যানন্দরূপং তমানন্দৈকনিকেতনম্।
গর্গো বুদ্ধিমতাং প্রীত্যৈ প্রশ্নবিদ্যামথাকরোৎ ॥

আনন্দের একমাত্র আধার আনন্দময় পরমাত্মাকে নমস্কার করিয়া মহর্ষিগর্গ, বুদ্ধিমান্ জনগণের প্রীতির নিমিত্ত প্রশ্নবিদ্যা প্রচার করিতেছেন ॥১॥

বর্গবর্ণপ্রমাণঞ্চ সস্বরং তাড়িতং মিথঃ।
পিণ্ডসংজ্ঞা ভবেত্তস্য যথাভাগৈস্তু কল্পনা ॥ ২ ॥

বর্গ বর্ণপরিমিত অঙ্কের সমষ্টি ও স্বরবর্ণ পরিমিত অঙ্কের সমষ্টি পরস্পর গুণ করিয়া যাহা লব্ধ হইবে, তাহার নাম পিণ্ড বা অক্ষরপিণ্ড। ইহাকে যথাযথ ভাগ করিলে অভিপ্রেত প্রশ্নের উত্তর হইবে। দুই হইতে আরম্ভ করিয়া সপ্তদশ পর্য্যন্ত অ আ অবধি ষোড়শ স্বরবর্ণের বর্ণাঙ্ক। ৩ হইতে ৭ পর্য্যন্ত যথাক্রমে কবর্গের, ৪ হইতে ৮ পর্য্যন্ত যথাক্রমে চবর্গের, ৫ হইতে ৯ পর্য্যন্ত টবর্গের, ৬ হইতে ১০ পর্য্যন্ত তবর্গের, ৭ হইতে ১১ পর্য্যন্ত পবর্গের, ৮ হইতে ১১ পর্য্যন্ত যবর্গের, ৯ হইতে ১২ পর্য্যন্ত যথাক্রমে শবর্গের বর্ণাঙ্ক হইবে।

যথা "আমার মনোগত কি ?" এ স্থলে বর্ণাঙ্ক অ ৩ ম ১১ আ ৩ র ৯ ম ১১ ন ১০ ও ১৪ গ ৫ ত ৬ ক ৩ ই ৪। ইহার মধ্যে স্বরাঙ্ক ৩।৩।১৪।৪, ব্যঞ্জনাঙ্ক ১১।৯।১১।১০।৫।৬।৩ স্বরাঙ্কের সমষ্টি ২৪ ব্যঞ্জনাঙ্কের সমষ্টি ৫৫ এই দুই অঙ্কের পরস্পর গুণফল ১৩২০। ইহার নাম অক্ষরপিণ্ড ॥২॥

সিদ্ধাসিদ্ধৌ ক্রমাদ্দ্বাভ্যাং লাভালাভৌ জয়াজয়ৌ।
দিগ্‌জ্ঞানমষ্টভির্ভক্তং শেষতঃ পরিকল্পয়েৎ ॥ ৩ ॥

এই অক্ষর পিণ্ডকে ২ দুই দ্বারা বিভক্ত করিয়া যদি এক অবশিষ্ট থাকে, তাহা হইলে অভিপ্রায় সিদ্ধ হইবে। যদি শূন্য থাকে, তাহা হইলে কার্য্য সিদ্ধ হইবে না। যদি এক অবশিষ্ট থাকে, তাহা হইলে লাভ হইবে, শূন্য থাকিলে ক্ষতি হইবে। ঐ দুই দ্বারা ভাগ করিয়া যদি এক অবশিষ্ট থাকে, তাহা হইলে জয় হইবে, শূন্য থাকিলে পরাজয় হইবে।

উক্ত অক্ষরপিণ্ডকে ৮ আট দ্বারা বিভক্ত করিয়া ভাগশেষ দ্বারা দিক্ নিরূপণ করিবে। (যথা ১ অবশিষ্ট থাকিলে পূর্ব্বদিক্, ২ থাকিলে অগ্নিকোণ, ৩ থাকিলে দক্ষিণ দিক্, ৪ থাকিলে নৈঋ্ত কোণ, ৫ থাকিলে পশ্চিম দিক্, ৬ থাকিলে বায়ুকোণ, ৭ থাকিলে উত্তর দিক্, ৮ বা শূন্য থাকিলে ঈশানকোণ স্থির করিবে।)॥৩॥

গর্গস্ত্রিভিঃ ৩ ক্রমাস্তোদো নরনারীনপুংসকাঃ।
লোকজ্ঞানেঽপি বৈ তদ্বৎ কালজ্ঞানেঽপি বৈ তথা ॥ ৪ ॥

উক্ত অক্ষরপিণ্ডকে ৩ তিন দ্বারা বিভক্ত করিয়া যদি অবশিষ্ট এক থাকে, তাহা হইলে পুরুষ, যদি ২ দুই শেষ থাকে, তাহা হইলে স্ত্রী, যদি তিন বা শূন্য অবশেষ থাকে, তাহা হইলে নপুংসক অনুমান করিবে।

যদি স্বর্গ, মর্ত্য, পাতাল এই তিন লোকের মধ্যে কোন্ লোক, জানিবার আবশ্যক হয়, তাহা হইলে ঐ অক্ষরপিণ্ডকে ৩ তিন দ্বারা বিভক্ত করিতে হইবে। যদি ভাগশেষ ১এক থাকে, তাহা হইলে স্বর্গ, যদি দুই থাকে তাহা হইলে ভূতল, যদি শূন্য থাকে, তাহা হইলে পাতাল নিরূপণ করিবে।

যদি কোন্ কাল, জানিবার ইচ্ছা হয়, তাহা হইলে ঐ অক্ষরপিণ্ডকে তিন দ্বারা বিভক্ত করিয়া, ভাগশেষ

১ এক থাকিলে অতীত কাল, ২ দুই থাকিলে বর্ত্তমান কাল, শূন্য থাকিলে ভবিষ্যৎ কাল স্থির করিলে ॥৪॥

ধাতুমূলঃ তথা জীবং মূলজীবঞ্চ ধাতুকম্।
কালক্রমাৎ গুণাঃ পিণ্ডাৎ বিজ্ঞেয়ং প্রশ্নকোবিদৈঃ ॥ ৫ ॥

উক্ত অক্ষরপিণ্ডকে ৪ চারি দ্বারা বিভক্ত করিয়া যদি ১ এক থাকে, তাহা হইলে ধাতুমূল। যদি ২ দুই থাকে, তাহা হইলে জীব, যদি ৩ তিন থাকে, তাহা হইলে মূল-জীব, যদি শূন্য থাকে, তাহা হইলে ধাতু চিন্তা স্থির করিবে ॥৫॥

ধাতুচিন্তা যদা দৃষ্টা তদা দ্বাভ্যাং সমাহরেৎ।
একেন ধার্য্যং বিজ্ঞেয়মধার্য্যং শূন্যশেষতঃ ॥ ৬ ॥

যদি ধাতুচিন্তা স্থির হয়, তাহা হইলে উক্ত অক্ষর-পিণ্ডকে ২ দুই দ্বারা ভাগ করিবে। যদি শেষাঙ্ক ১ এক থাকে, তাহা হইলে তাহা শরীরে ধার্য্য এবং যদি ০ শূন্য শেষ থাকে, তাহা হইলে অধার্য্য নির্ণয় করিবে ॥৬॥

ধাতুভেদান্ প্রবক্ষ্যামি পিণ্ডস্থ ১০ দশশেষতঃ।
স্বর্ণং রৌপ্যস্তথা তাম্রং পারদং কাংস্যপিত্তলম্ ॥
সীষকং ত্রপুসংযুক্তং লৌহাভ্রকমথাপি বা।
তত্রৈকাদশশেষেণ কালাঙ্গক্রমতো বদেৎ ॥ ৭ ॥

ধাতুবিশেষ নিরূপণ করিবার আবশ্যক হইলে, উক্ত অক্ষরপিণ্ডকে ১১ একাদশ দ্বারা বিভাগ করিবে। যদি অবশিষ্ট ১এক থাকে, তাহা হইলে সুবর্ণ, ২ দুই থাকিলে রৌপ্য, ৩ তিন থাকিলে তাম্র, ৪ চারি থাকিলে পারদ, ৫ থাকিলে কাংস্য, ৬ থাকিলে পিত্তল, ৭ থাকিলে শীষক, ৮ থাকিলে দস্তা ৯ থাকিলে লৌহ, ১০ থাকিলে অভ্র, ১১ অথবা শূন্য অবশিষ্ট থাকিলে কালাভ্র, বা কাচ নির্ণয় করিবে ॥৭॥

ভূষণব্যক্তিসংজ্ঞানং ত্রিভিরেবাত্র ভাজিতে।
নানাঙ্গকং তথাপাত্রং বিজ্ঞেয়ং সর্ব্বদা বুধৈঃ ॥ ৮ ॥

যদি ভূষণ স্থির হয়, তাহা হইলে যাহার ভূষণ, তাহার নামের অক্ষর সংখ্যাকে তিন দ্বারা বিভক্ত করিবে। যদি এক থাকে, তাহা হইলে নানা অঙ্গের অলঙ্কার, যদি দুই থাকে তাহা হইলে মস্তকের অলঙ্কার, যদি তিন থাকে, তাহা হইলে চরণালঙ্কার, স্থির করিবে ॥৮॥

দ্বিপদশ্চ চতুষ্পাদো বিপদঃ পাদসঙ্কুলঃ।
চতুর্ভির্ভাজিতে শেষে বিজ্ঞেয়ং সর্ব্বদা বুধৈঃ ॥ ৯ ॥

পণ্ডিতগণ, অক্ষরপিণ্ডকে ৪ চারি দ্বারা বিভক্ত করিয়া অবশিষ্ট যদি এক থাকে, তাহা হইলে দ্বিপদ, ২ দুই থাকিলে চতুষ্পদ, তিন থাকিলে পদহীন, চারি থাকিলে বহুপদ জীব স্থির করিবে ॥৯॥

দেবতা মনুজাশ্চৈব পক্ষিণো রাক্ষসাস্তথা।
চতুর্ভিরেব জ্ঞাতব্যা ভাজিতে শেষতঃ ক্রমাৎ ॥ ১০ ॥

অক্ষরপিণ্ডকে ৪ দ্বারা বিভাগ করিয়া যদি ভাগশেষ ১ থাকে, তাহা হইলে দেবতা, ২ থাকিলে মনুষ্য, তিন থাকিলে পক্ষী, শূন্য থাকিলে রাক্ষস স্থির করিবে ॥১০॥

গৌরঃ শ্যামস্তথা মধ্যো দীর্ঘো মধ্যশ্চ খর্ব্বকাঃ।
শিশুর্যুবা তথা বৃদ্ধস্ত্রিবিভক্তেঽভিজায়তে ॥ ১১ ॥

অক্ষরপিণ্ডকে তিন দ্বারা ভাগ করিয়া যদি অবশিষ্ট এক থাকে, তাহা হইলে গৌরবর্ণ, দুই থাকিলে শ্যামবর্ণ, শূন্য থাকিলে মধ্যবর্ণ নির্ণয় করিবে।

অক্ষরপিণ্ডকে তিন দ্বারা বিভাগ করিয়া যদি ভাগশেষ এক থাকে, তাহা হইলে দীর্ঘ, দুই থাকিলে মধ্যমাকৃতি, তিন থাকিলে খর্ব্বাকৃতি নিরূপণ করিবে।

অক্ষরপিণ্ডকে তিন দ্বারা বিভক্ত করিয়া যদি ভাগাবশিষ্ট এক থাকে, তাহা হইলে বালক, যদি দুই থাকে, তাহা হইলে যুবা, যদি শূন্য থাকে, তাহা হইলে বৃদ্ধ স্থির করিবে ॥১১॥

নরস্ত্রিয়ৌ চ দ্বিবিধৌ চত্বারশ্চ ক্রমাদিমে।
লব্ধং মূলে পুনর্যোজ্যং পশ্চাদ্ ভাগং সমাহরেৎ।
ভক্তে দ্বাদশভিশ্চৈব ভবসম্বন্ধচিন্তনম্ ॥ ১২ ॥
অন্যব্যক্তিভবোদ্ভেদো নাস্মাভিঃ পরিকথ্যতে।
গ্রন্থবাহুল্যভীত্যা চ জ্ঞেয়মন্যত্রতঃ সদা ॥ ১৩ ॥

দেবতা, মনুষ্য, পক্ষী ও রাক্ষস, এই চতুর্ব্বিধ জীবের

পুরুষ বা স্ত্রী জানিতে হইলে অক্ষরপিণ্ডকে দুই দ্বারা বিভক্ত করিয়া এক থাকিলে পুরুষ, দুই থাকিলে স্ত্রী, নির্ণয় করিবে। এই সমুদায় ভাগ করিবার সময় লব্ধ অঙ্ক মূলে যোগ করিয়া পশ্চাৎ ভাগ করিয়া ফল গণনা করিতে হইবে। উক্ত অঙ্ক দ্বাদশ দ্বারা বিভক্ত করিয়া ভাব-সম্বন্ধ চিন্তা করিবে। পরন্তু ঈদৃশ ভাগকল্পনা অন্য ব্যক্তি কর্ত্তৃকও নিরূপিত হইয়াছে। আমি গ্রন্থ বাহুল্য ভয়ে তাহা প্রকাশ করিলাম না। জিজ্ঞাসু ব্যক্তিরা এ সমুদায় বিষয় গ্রন্থান্তর হইতে পরিজ্ঞাত হইবেন ॥১৩॥

মূলভেদান্ প্রবক্ষ্যামি যথোক্তং শম্ভুনাধুনা।
মূলং কাষ্ঠঞ্চ ত্বক্‌পত্রং পুষ্পঞ্চৈব তথা ফলম্ ॥
ষড়্ভির্ভক্তে বিজানীয়াৎ প্রশ্নবিদ্যাবিচক্ষণঃ ॥ ১৪ ॥
তরবশ্চ লতা যগুত্‌ণগুল্মাদিকস্তথা ॥ ১৫ ॥

পূর্ব্বে মহেশ্বর যেরূপ বলিয়াছেন, তদনুসারে এক্ষণে আমি মূলভেদ প্রকাশ করিতেছি।

যাঁহারা প্রশ্নবিদ্যাবিচক্ষণ, তাঁহারা অক্ষরপিণ্ডকে ৬ছয় দ্বারা বিভক্ত করিয়া মূল প্রভৃতি নিরূপণ করিবেন, অর্থাৎ ভাগশেষ ১ থাকিলে মূল, ২ থাকিলে কাষ্ঠ, ৩ থাকিলে ত্বক্, ৪ থাকিলে পত্র, ৫ থাকিলে পুষ্প, ছয় বা শূন্য থাকিলে ফল স্থির করিবে॥১৪॥

উক্ত অক্ষরপিণ্ড ৪ চারি দ্বারা বিভক্ত করিয়া অবশিষ্ট অঙ্ক যদি এক থাকে, তাহা হইলে বৃক্ষ, দুই থাকিলে লতা, তিন থাকিলে ওষধি, শূন্য থাকিলে তৃণ গুল্মাদি স্থির করিবে ॥১৫॥

শুষ্কমার্দ্র'ংতথা দ্বাভ্যাং ভক্ষ্যাভোজ্যঞ্চ বৈ তথা।
স্বদেশজং পরোক্ষঞ্চ কল্পনাভির্বিচারয়েৎ ॥ ১৬ ॥

অক্ষরপিণ্ডকে দুই দ্বারা বিভক্ত করিলে যদি এক অবশিষ্ট থাকে তাহা হইলে শুষ্ক উদ্ভিদ্, শূন্য অবশিষ্ট থাকিলে আর্দ্র উদ্ভিদ্ নিরূপণ করিবে।

উহাকে পুনর্ব্বার দুই দ্বারা বিভক্ত করিলে যদি এক থাকে ভক্ষ্য ও যদি ০ শূন্য থাকে অভক্ষ্য স্থির করিবে।

ঐ অক্ষরপিণ্ডকে পুনর্ব্বার দুই দ্বারা বিভক্ত করিয়া যদি ভাগশেষ এক থাকে, তাহা হইলে স্বদেশজাত, যদি দুই থাকে তাহা হইলে দেশান্তরজাত স্থির করিবে ॥১৬

কালসন্ধৌ তু সংপ্রাপ্তে প্রকীর্ণং চিন্তয়েদ্বুধঃ।
একেন রত্নজাতিঃ স্যাৎ ততো ভেদাদিকং পুনঃ ॥ ১৭ ॥
মৌক্তিকঞ্চৈব বৈদুর্য্যং মুক্তাফলমথাপি বা।
স্বরাগং পদ্মরাগঞ্চ মণিপ্রস্তরমেবচ ॥ ১৮ ॥
যথাক্রমবিভাগেন মূলমিশ্রেণ বৈ তথা।
ইত্যেবং বহুধা চিন্ত্যাং প্রশ্নকালে মনীষিভিঃ ॥ ১৯ ॥

কালসন্ধি উপস্থিত হইলে পণ্ডিত ব্যক্তি বিমিশ্র বিষয় চিন্তা করিবে। উক্ত অক্ষরপিণ্ডকে ৭সপ্ত দ্বারা বিভক্ত করিয়া যদি ভাগাবশেষ এক থাকে, তাহা হইলে রত্নজাতি, দুই থাকিলে মৌক্তিক, তিন থাকিলে বৈদুর্য্য চারি থাকিলে মুক্তাফল, পাঁচ থাকিলে স্বরাগ, ছয় থাকিলে পদ্মরাগ, শূন্য থাকিলে মণিপ্রস্তর স্থির করিবে। পরন্তু পুনর্ব্বার বিভাগ করিবার সময় মূলে লব্ধ ফল মিশ্রিত করিতে হইবে। পণ্ডিত ব্যক্তি প্রশ্ন কালে এইরূপ নানাবিষয় চিন্তা করিবে ॥১৯॥

কেশাস্থ্যস্থিমাংসানি চর্ম্ম মেদস্তথা বসা।
এবং জীবো বিচার্য্যঃ স্যাজ্জীবিতো মৃতএব চ ॥ ২০ ॥

জীবচিন্তা স্থলে অঙ্কপিণ্ডকে ছয় দ্বারা বিভক্ত করিয়া যদি এক শেষ থাকে তাহা হইলে কেশ, দুই থাকিলে অস্থি, তিন থাকিলে মাংস, চারি থাকিলে চর্ম্ম, পাঁচ থাকিলে মেদ, ছয় থাকিলে বসা, নিরূপণ করিবে।

উক্ত অঙ্ক দুই দ্বারা বিভক্ত করিয়া ভাগশেষ যদি এক থাকে, তাহা হইলে জীবিত, দুই থাকিলে মৃত স্থির করিবে ॥২০॥

পিণ্ডে নামসমাযুক্তং যায়ী স্থায়ী যথাক্রমম্।
শূন্যে সন্ধিঃ সমাদেশ্যা যুদ্ধকালে ন সংশয়ঃ ॥ ২১ ॥

সংগ্রাম কালে সংগ্রামবিষয়ক প্রশ্ন হইলে অক্ষরপিণ্ডে নামাক্ষরাঙ্ক যোগ করিয়া তিন দ্বারা ভাগ করিয়া যদি এক শেষ থাকে, তাহা হইলে যুদ্ধগমনে সম্মতি দিবে, যদি দুই শেষ থাকে, তাহা হইলে স্থির হইয়া থাকিতে বলিবে, যদি শূন্য থাকে, তাহা হইলে সন্ধি করিতে বলিবে ॥২১॥

ইতোবমেকবিংশত্যা শ্লোকৈর্লোকমনোরমা।
প্রশ্নবিদ্যা ময়া প্রোক্তা দেয়া শিষ্যায় সাধবে ॥ ২২ ॥

একবিংশতি শ্লোক দ্বারা লোকমনোরমা নামে এই প্রশ্নবিদ্যা সঙ্কলন করিলাম। ইহা সাধুশিষ্যকে প্রদান করিবে ॥২২॥

তথাচ বিশেষেণ।
উক্তেংশপ্যন্থক্তে মূলাঙ্কে তদ্বৎ ক্ষেপ্যং সদা বুধৈঃ।
স্বাসুভূত্যা বিশেষোঽয়ং মোহনানি বিচারিতঃ ॥ ২৩ ॥

উক্ত সমুদায় গণনা স্থলে বিশেষ এই যে, ভাগ করিবার সময় অক্ষরপিণ্ডে পূর্ব্বলব্ধ ভাগফল যোগ করিতে হইবে। ইহার মধ্যে বিশেষ এই যে, এই প্রশ্ন গণনা যদি আপন অনুভব সহকারে বিচারিত হয়, তাহা হইলে লোকে বিমোহিত হইবে। ২৩

স্বরাদৌ তু স্বভাবাঙ্কে ব্যঞ্জনাদৌ তু বর্গতঃ।
পূরিতে হৃতশেষেণ ফলং বিদ্যাদ্বিচক্ষণঃ।

ইহার বিশেষ সঙ্কেত এই যে, স্বরের স্বাভাবিক নির্দ্দিষ্ট অঙ্ক, ব্যঞ্জনবর্ণের বর্গানুসারে নির্দ্দিষ্ট অঙ্ক, পরস্পর গুণ করিয়া যথাযথ ভাগ দিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহা দ্বারা বিচক্ষণ ব্যক্তি ফল নির্দ্দেশ করিয়া বলিয়া দিবেন।

---

স্বরবর্ণের নির্দ্দিষ্ট অঙ্ক ও ব্যঞ্জন বর্ণের বর্গানুসারী অঙ্ক নিম্নস্থ চক্রে প্রদর্শিত হইতেছে।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| অ | আ | ই | ঈ | উ | ঊ | ঋ | ৠ | ঌ | ৡ |
| ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| এ | ঐ | ও | ঔ | অং | অঃ | ক | খ | গ | ঘ |
| ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ঙ | চ | ছ | জ | ঝ | ঞ | ট | ঠ | ড | ঢ |
| ৭ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ণ | ত | থ | দ | ধ | ন | প | ফ | ব | ভ |
| ৯ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ম | য | র | ল | ব | শ | ষ | স | হ | * * |
| ১১ | ৮ | ৯ | ১০ | ১১ | ৯ | ১০ | ১১ | ১২ | * * |

ইতি শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় সঙ্কলিত ফলিতজ্যোতিষে গর্গবিরচিতা লোকমনোরমা সমাপ্তা।

# বর্ণস্বরোদয়ের চক্র।

| বাল | কুমার | যুবা | বৃদ্ধ | মৃত্যু |
| --- | --- | --- | --- | --- |
| ১<br>অ আ | ২<br>ই ঈ | ৩<br>উ ঊ | ৪<br>এ ঐ | ৫<br>ও ঔ |
| অ ক ছ ড ধ ভ ব | ই খ জ ঢ ন ম শ | উ গ ঝ ত প য ষ | এ ঘ ট থ ফ র স | ও চ ঠ দ ব ল হ |
| মেষ, সিংহ, অলি। | কন্যা, মিথুন, কর্কট। | ধনু, মীন। | তুলা, বৃষ। | মকর, কুম্ভ। |
| রবি, মঙ্গল। | চন্দ্র, বুধ। | বৃহস্পতি। | শুক্র। | শনি। |
| ২৭ রেবতী, ১ অশ্বিনী, ২ ভরণী, ৩ কৃত্তিকা, ৪ রোহিণী, ৫ মৃগশিরা, ৬ আর্দ্রা। | ৭ পুনর্ব্বসু, ৮ পুষ্যা, ৯ অশ্লেষা, ১০ মঘা, ১১ পূর্ব্বফল্‌গুণী। | ১২ উত্তরফল্গুণী, ১৩হস্তা, ১৪ চিত্রা, ১৫ স্বাতি, ১৬ বিশাখা। | ১৭ অনুরাধা, ১৮ জ্যেষ্ঠা, ১৯ মূলা, ২০ পূর্ব্বাষাঢ়া, ২১ উত্তরাষাঢ়া। | ২২ শ্রবণা, ২৩ ধনিষ্ঠা, ২৪ শতভিষা, ২৫ পূর্ব্ব-ভাদ্রপদ, ২৬ উত্তর-ভাদ্রপদ। |
| মেষ, বৃষ, মিথুনের ৬ অংশ। একুনে ২৪ অংশ। | মিথুন ৩ অংশ, কর্কট, সিংহ একুনে ২১ অংশ। | কন্যা, তুলা, বৃশ্চিকের ৩অংশ, একুনে ২১অংশ। | বৃশ্চিকের ৭ অংশ, ধন, মকর, ৬ একুনে ২১ অংশ। | মকর ৩ অংশ, কুম্ভ মীন একুনে ২১ অংশ। |
| নন্দা, (প্রতিপদ, ষষ্ঠী, একাদশী।) | ভদ্রা ( দ্বিতীয়া, সপ্তমী, দ্বাদশী। ) | জয়া, ( তৃতীয়া, অষ্টমী, ত্রয়োদশী। ) | রিক্তা, (চতুর্থী, নবমী, চতুর্দ্দশী। ) | পূর্ণা, ( পঞ্চমী, দশমী, পূর্ণিমা, অমাবস্যা। ) |
| ভাদ্র, অগ্রহায়ণ, বৈশাখ, | অশ্বিনী, শ্রবণা, আষাঢ়, | চৈত্র, পৌষ। | জ্যৈষ্ঠ, কার্ত্তিক। | মাঘ, ফাল্গুণ। |
| ১ প্রভব, ২ বিভব, ৩শুক্ল, ৪ প্রমোদ, ৫ প্রজাপতি, ৬ অঙ্গিরা, ৭ শ্রীমুখ, ৮ ভাব, ৮ যুবা, ১০ধাতা, ১১ ঈশ্বর, ১২ বহুধান্য। | ১৩ প্রমাথী, ১৪ বিক্রম, ১৫ বৃষ, ১৬ চিত্রভানু, ১৭ স্বর্ভানু, ১৮ দারুণ, ১৯ পার্থিব, ২৯ ব্যয়, ২১ সর্ব্বজিৎ, ২২সর্ব্বধারী, ২৩ বিরোধী, ২৪ বিকৃত। | ২৫ খর, ২৬ নন্দন, ২৭ বিজয়, ২৮জয়, ২৯ মন্মথ, ৩০ দুর্ম্মুখ, ৩১ হেমলম্ব, ৩২ বিলম্ব, ৩৩ বিকারী. ৩৪ শর্ব্বরী, ৩৫ প্লব, ৩৬ শুভকৃৎ। | ৩৭ শোভন, ৩৮ ক্রোধ, ৩৯ বিশ্বাবসু, ৪০ পরা-ভব, ৪১ প্লবঙ্গ, ৪২ কীলক, ৪৩ সৌম্য ৪৪ সাধারণ, ৪৫ বিরোধকৃৎ, ৪৬ পরিধারী, ৪৭ প্র-মাথী, ৪৮ আনন্দ। | ৪৯ রাক্ষস, ৫০ নল, ৫১ পিঙ্গল, ৫২ কালযুক্ত, ৫৩ সিদ্ধার্থ, ৫৪ রৌদ্র, ৫৫ দুর্ম্মতি, ৫৬ দুন্দভি, ৫৭ রুধিরোদ্গারী, ৫৮ রক্তাক্ষ, ৫৯ ক্রোধন, ৬০ ক্ষয়। |

# বর্ণস্বরোদয়।

---

নরপতি জয়চর্য্যা স্বরোদয়ধৃত ব্রহ্মযামলে।

মাতৃকায়াং স্বরাঃ প্রোক্তাঃ স্বরাঃ ষোড়শ সঙ্খ্যয়া।
তেষাং দ্বাবন্তিমৌ ত্যাজ্যৌ চত্বারশ্চ নপুংসকাঃ ॥১॥

মাতৃকায় কথিত আছে, স্বরের সঙ্খ্যা ষোড়শ। এই ষোড়শ স্বরের মধ্যে অন্ত্য স্বরদ্বয় অর্থাৎ অং অঃ এই দুইটী ত্যাজ্য। ঋ ৠ ঌ ৡ এই চারিটী ক্লীব স্বর, সুতরাং ইহাও ত্যাজ্য। ১

শেষা দশ স্বরাস্তেষু স্যাদেকৈকো দ্বিকে দ্বিকে।
জ্ঞেয়া অতঃ স্বরাদ্যাশ্চ হ্রস্বাঃ পঞ্চ স্বরোদয়ে ॥২॥

অবশিষ্ট দশটী স্বরের মধ্যে দুইটী দুইটী করিয়া পঞ্চ যুগল হইবে। এই পঞ্চযুগলের আদ্য পঞ্চ স্বর অর্থাৎ অ ই উ এ ও, হ্রস্ব স্বরের মধ্যে গণ্য। এই জন্যই পঞ্চ স্বরই স্বরোদয়ে অবলম্বিত হইয়া থাকে। ২

লাভালাভং সুখং দুঃখং জীবিতং মরণং তথা।
জয়ঃ পরাজয়ঃ সন্ধিঃ সর্ব্বং জ্ঞেয়ং স্বরোদয়ে ॥
স্বরাহি মাতৃকোচ্চারা মাতৃব্যাপ্তং চরাচরং।
তস্মাৎ স্বরোদ্ভবং সর্ব্বং ত্রৈলোক্যং সচরাচরং ॥

এই স্বরোদয় হইতে লাভালাভ, সুখ, দুঃখ, জীবিত, মরণ, জয়, পরাজয় ও সন্ধি এই সমস্ত জ্ঞাত হওয়া যায়।

মাতৃকাবর্ণ স্বরভিন্ন উচ্চারণ হয় না, এবং সেই মাতৃকাবর্ণ দ্বারা এই চরাচর ব্যাপ্ত আছে, সেই হেতু স্থাবর ও জঙ্গমাত্মক জগৎ স্বর হইতে উদ্ভব হইয়াছে। অতএব স্বরোদয়ের দ্বারা সমস্ত জ্ঞাত হইতে পারা যায়।

অকারাদিস্বরাঃ পঞ্চ ব্রহ্মাদ্যাঃ পঞ্চ দেবতাঃ।
নিবৃত্ত্যাদ্যাঃ কলাঃ পঞ্চ ইচ্ছাদ্যং শক্তিপঞ্চকম্ ॥৩॥

অকারাদি পঞ্চ স্বর ব্রহ্মা প্রভৃতি পঞ্চ দেবতা, অর্থাৎ অকারে ব্রহ্মা, ইকারে বিষ্ণু, উকারে রুদ্র, একারে পবন, ওকারে সদাশিব। এইরূপ ঐ অকারাদি পঞ্চস্বরে নিবৃত্তি প্রভৃতি পঞ্চকলা * এবং ইচ্ছা প্রভৃতি পঞ্চশক্তি † নির্দ্দিষ্ট আছে।

মায়াদ্যাশ্চক্রভেদাশ্চ ধরাদ্যং ভূতপঞ্চকম্।
গন্ধাদ্যাঃ বিষয়াস্তেচ কামবাণা ইতীরিতাঃ ॥৪॥

ঐ পঞ্চ স্বরে যথাক্রমে আকারাদি ‡ পঞ্চচক্র, পৃথিবী, জল, তেজ, বায়ু, আকাশ, এই পঞ্চভূত, গন্ধ, রস, রূপ, স্পর্শ, শব্দ, এই বিষয়পঞ্চক এবং সম্মোহন, উন্মাদন, শোষণ, তাপন, স্তম্ভন, এই পাঁচটী পঞ্চ বাণের বাণ লক্ষিত হয়। ৪

অকারাদিস্বরাঃ পঞ্চ তেষামষ্টৌ ভিদাস্তমী।
মাত্রাবর্ণো গ্রহো জীবো রাশির্ভং পিণ্ডযোগকৌ ॥৫॥

অকারাদি পঞ্চস্বর আট ভাগে বিভক্ত। যথা—মাত্রা, বর্ণ, গ্রহ, জীব, রাশি, নক্ষত্র, পিণ্ড, এবং যোগ স্বর।

প্রসুপ্তো ভাষ্যতে যেন যেনাগচ্ছতি শব্দিতঃ।
তত্র নাম্নাদ্যবর্ণে যা মাত্রা মাত্রাস্বরঃ স হি ॥৬॥

যে নাম দ্বারা নিদ্রিত ব্যক্তিকে আহ্বান করা যায়, যে নাম দ্বারা আহূত হইলে মনুষ্য গমন করে, সেই নামের আদ্য বর্ণে যে মাত্রা অর্থাৎ স্বর হইবে, তাহার নামই মাত্রাস্বর। যেমন রসিকমোহন, এই নামের আদ্যক্ষর র। ঐ র বর্ণে অ সংযুক্ত আছে, অতএব মাত্রা স্বর অ ( সঙ্খ্যা ১ )। ৬

---

* নিবৃত্তি ১, প্রতিষ্ঠা ২, বিদ্যা ৩, শান্তি ৪, শান্ত্যতীতা ৫।
† ইচ্ছা ১, প্রজ্ঞা ২, প্রভা ৩, শ্রদ্ধা ৪, মেধা ৫।
‡ চতুরস্র ১, অর্দ্ধচন্দ্র ২, ত্রিকোণ ৩, ছয়বিন্দুযুক্তগোলাকৃতি ৪, গোলাকৃতি ৫।

## বর্ণস্বর চক্র।

| | | | | |
|---|---|---|---|---|
| অ | ই | উ | এ | ও |
| ক | খ | গ | ঘ | চ |
| ছ | জ | ঝ | ট | ঠ |
| ড | ঢ | ত | থ | দ |
| ধ | ন | প | ফ | ব |
| ভ | ম | য | র | ল |
| ব | শ | ষ | স | হ |

অকারের নিম্নে ক ছ আদি যে ছয়টী বর্ণ আছে, তাহা অস্বরের অন্তর্গতি। এইরূপ ই স্বরের নিম্নস্থ ছয়টী বর্ণ ই স্বরের অন্তর্গতি এবং উ স্বরের নিম্নস্থ ছয়টী বর্ণ উ স্বরের অন্তর্গতি, এ স্বরের এবং ও স্বরের নিম্নস্থ ছয় ছয়টী বর্ণ, এ স্বরের এবং ও স্বরের অন্তর্গত হইবে!

বর্ণস্বরচক্রের নিয়ম যথা—

কাদিহন্তান্ লিখেদ্বর্ণান্ স্বরাধো ঙঞণোজ্‌ঝিতান্।
তির্য্যক্ পংক্তিক্রমেণৈব পঞ্চত্রিংশৎপ্রকোষ্ঠকে ॥ ৭ ॥
নরনামাদিমো বর্ণো যস্মাৎ স্বরাদধঃ স্থিতঃ।
স স্বরস্তস্য বর্ণস্য বর্ণস্বর ইহোচ্যতে ॥ ৮ ॥

ঙ ঞ ণ এই তিনটী অক্ষর ত্যাগ করিয়া অবশিষ্ট ক অবধি হ পর্য্যন্ত সমুদায় অক্ষর পঞ্চস্বরের নিম্নে তির্য্যক্ পঙক্তিক্রমে বিন্যাস করিবে। স্বরবর্ণের পঙক্তি সমেত সাতটী পঙক্তি হইবে এবং সর্ব্ব সমেত পঁয়ত্রিশটী ঘরে পঁয়ত্রিশটী অক্ষর বিন্যস্ত হইবে। যথা উপরের চক্রে দৃষ্টি কর।

মনুষ্যের নামের আদ্য বর্ণ যে স্বরের নিম্নে থাকিবে। সেই বর্ণের সেই স্বরই বর্ণস্বর হইবে।

যেমন রসিক মোহন নামের আদ্যক্ষর র। র একারের পর্য্যায়ে পতিত হওয়াতে একার ( সঙ্খ্যা ৪ ) বর্ণস্বর হইতেছে। ৮

ন প্রোক্তা ঙঞণা বর্ণা নামাদৌ সন্তি তে ন হি।
চেদ্ভবন্তি তদা জ্ঞেয়া গজডাস্তে যথাক্রমম্ ॥ ৯ ॥

ঙ ঞ ণ এই তিন বর্ণ নামের আদিতে থাকে না, এই জন্য তাহা পরিত্যক্ত হইল। যদি কোন নামের আদ্যবর্ণ ঙ ঞ অথবা ণ হয়, তাহা হইলে ঙ এই বর্ণের পরিবর্ত্তে গ, ঞ এই বর্ণের পরিবর্ত্তে জ, ণ এই বর্ণের পরিবর্ত্তে ড, এই বর্ণ স্থাপন করিতে হইবে। ৯

যদি নাম্নি ভবেদ্বর্ণঃ সংযুক্তাক্ষরলক্ষণঃ।
গ্রাহ্যস্তস্যাদিমো বর্ণ ইত্যুক্তং ব্রহ্মযামলে ॥১০॥

যদি নামের আদ্যক্ষর সংযুক্ত বর্ণ হয়, তাহা হইলে ব্রহ্মযামলে উক্ত হইয়াছে যে, ঐ সংযুক্ত বর্ণের মধ্যে আদ্য বর্ণমাত্র গ্রহণ করিবে। ১০

অ স্বরে মেষসিংহালিরিঃ কন্যাযুগ্মকর্কটাঃ।
উ স্বরে চ ধনুর্মীনৌ এ স্বরে চ তুলাবৃষৌ ॥১১॥
ও স্বরে মৃগকুম্ভৌ চ রাশীশাস্তু গ্রহস্বরঃ।
স্বরাধঃ স্থাপয়েৎ খেটান্ রাশের্যো যস্য নায়কঃ ॥১২॥

অস্বরে মেষ, সিংহ ও বৃশ্চিক রাশি। ই স্বরে কন্যা, মিথুন ও কর্কট রাশি। উ স্বরে ধনু ও মীন রাশি। এ স্বরে তুলা ও বৃষ রাশি। ও স্বরে মকর ও কুম্ভ রাশি। এই সমুদায় রাশিসম্ভূত গ্রহ স্বর হইবে। যে গ্রহ যে রাশির অধিপতি তাহাকে সেই স্বরের নিম্নে স্থাপন করিতে হইবে। ১২

নামের আদ্য বর্ণে যে রাশি হইবে, সেই রাশির অধিপতি যে গ্রহ, সেই গ্রহ যেস্বরে পতিত হইবে, সে স্বরকেই গ্রহস্বর বলা যায়। যেমন রসিকমোহন এই নামের আদ্যক্ষর র। র তুলারাশি, ঐ তুলারাশির অধিপতি শুক্র। শুক্র একার স্বরে পতিত হওয়াতে রাশীশ্বর এ। একারের সঙ্খ্যা ৪।

## জীবস্বর চক্র।

ষোড়শাক্ষরকোঽবর্গঃ স্যাৎ কাদিবর্গাস্তু পঞ্চকাঃ।
চতুর্ব্বর্ণৌ যশৌ বর্গৌ সঙ্খ্যা বর্গেষু কীর্ত্তিতাঃ ॥ ১৩ ॥
নাম্নো বর্ণাঃ স্বরা গ্রাহ্যা বর্গানাং বর্ণসঙ্খ্যয়া।
পিণ্ডিতাঃ পঞ্চভির্ভক্তাঃ শেষং জীবস্বরং বিদুঃ ॥ ১৪ ॥

অবর্গের ষোলটী অক্ষর। কবর্গাদি পঞ্চবর্গে পাঁচ পাঁচটী করিয়া অক্ষর। য বর্গ ও শ বর্গে চারি চারিটী করিয়া অক্ষর। প্রত্যেক বর্গের প্রত্যেক অক্ষরে এক হইতে আরম্ভ করিয়া বর্ণাঙ্ক স্থির করিতে হইবে। ১৩

যথা—

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| অ ১ | আ ২ | ই ৩ | ঈ ৪ | উ ৫ | ঊ ৬ | ঋ ৭ | ৠ ৮ | ঌ ৯ | ৡ ১০ |
| এ ১১ | ঐ ১২ | ও ১৩ | ঔ ১৪ | অং ১৫ | অঃ ১৬ | ক ১ | খ ২ | গ ৩ | ঘ ৪ |
| ঙ ৫ | চ ১ | ছ ২ | জ ৩ | ঝ ৪ | ঞ ৫ | ট ১ | ঠ ২ | ড ৩ | ঢ ৪ |
| ণ ৫ | ত ১ | থ ২ | দ ৩ | ধ ৪ | ন ৫ | প ১ | ফ ২ | ব ৩ | ভ ৪ |
| ম ৫ | য ১ | র ২ | ল ৩ | ব ৪ | শ ১ | ষ ২ | স ৩ | হ ৪ | * |

নামে যতগুলি অক্ষর থাকিবে, তাহার বর্ণ সংস্থান সংখ্যা ক্রমে অঙ্ক সংলগ্ন করিয়া ৫ দ্বারা ভাগ দিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহা দ্বারা জীবস্বর নিরূপণ করিবে। যেমন রসিকমোহন, এই নামে র ২ স ৩ ই ৩ ক ১ ম ৫ ও ১৩ হ ৪ ন ৫ ইহার যোগ ৩৬। ইহা ৫ দ্বারা বিভক্ত করিলে শেষ ১ সুতরাং এই নামে জীবস্বর অ—১।

## রাশিস্বর।

মেষবৃষাবকারে চ মিথুনাদ্যাঃ ষড়ংশকাঃ।
মিথুনাংশাস্ত্রয়শ্চৈব ইকারে সিংহকর্কটাঃ॥ ১৫॥
কন্যা তুলা উকারে চ বৃশ্চিকস্য ত্রয়োংশকাঃ।
একারে বৃশ্চিকস্যাংশাঃ ষট্ চাপঃ ষড় মৃগাদিমাঃ॥ ১৬॥
অংশাস্ত্রয়ো মৃগস্যান্ত্যাঃ কুম্ভমীনৌ তথৌস্বরে।
এবং রাশিস্বরঃ প্রোক্তো ন বাংশকক্রমোদয়ঃ॥১৫॥

অকার স্বরে মেষ বৃষ ও মিথুন রাশির প্রথম ষড়ংশ লক্ষিত হইবে। ই স্বরে মিথুনের শেষ তিন অংশ, কর্কট রাশি ও সিংহ রাশি লভ্য হইবে। উ স্বরে কন্যা তুলা এবং বৃশ্চিকের তিন অংশ প্রাপ্ত হওয়া যাইবে। এ স্বরে বৃশ্চিক রাশির শেষ ছয় অংশ, ধনু ও মকর রাশির প্রথম ছয় অংশ ধরিতে হইবে। ও স্বরে মকরের অন্তিম তিন অংশ কুম্ভ রাশি ও মীন রাশি প্রাপ্ত হওয়া যাইবে॥১৭॥

যেমন রসিকমোহন এই নামের আদ্য অক্ষর র তুলা রাশির প্রথমাংশে উ স্বরে পতিত হওয়াতে উ স্বর রাশিস্বর হইতেছে ইহার সঙ্খ্যা ৩।

## নক্ষত্রস্বর।

অকারে সপ্ত ঋক্ষাণি রেবত্যাদি ক্রমেণ চ।
পঞ্চ পঞ্চ ইকারাদাবেব ঋক্ষস্বরোদয়ঃ॥ ১৮॥

অস্বরের, রেবতী, অশ্বিনী, ভরণী, কৃত্তিকা, রোহিণী মৃগশিরাঃ, আর্দ্রা, এই সপ্ত নক্ষত্র লক্ষিত হইবে। ই-স্বর প্রভৃতি স্বর চতুষ্টয়ে পুনর্ব্বসু হইতে পাঁচটী করিয়া নক্ষত্র যথাক্রমে লভ্য হইবে। অর্থাৎ অ-স্বর ২৭।১।২।৩।৪।৫।৬। ই-স্বর ৭।৮।৯।১০।১১। উ-স্বর ১২।১৩।১৪।১৫।১৬। এ-স্বরে ১৭।১৮।১৯।২০।২১। ও-স্বরে ২২।২৩।২৪।২৫।২৬।

শতপদ চক্র দ্বারা নামের আদ্য অক্ষরে যে নক্ষত্র হইবে, সেই নক্ষত্র যে স্বরে পতিত হইবে, তাহাই নক্ষত্র স্বর। যেমন শতপদ চক্র দ্বারা রসিকমোহন এই নামের আদ্যাক্ষর র দ্বারা ১৪ চিত্রা নক্ষত্র হয়। চিত্রা নক্ষত্র উকার স্বরে পতিত, অতএব নক্ষত্র স্বর উকার, সঙ্খ্যা ৩।

## পিণ্ডস্বর।

মাত্রাবর্ণস্বরাৎ সঙ্খ্যা সঙ্খ্যা বীজস্বরাৎ তথা।
পিণ্ডীকৃতে শরৈঃ শেষঃ পিণ্ডস্বর ইহোচ্যতে॥ ১৯॥

মাত্রাস্বর, বর্ণস্বর ও জীবস্বর, এই সমুদায় সঙ্খ্যা একত্র করিয়া পাঁচ দ্বারা ভাগ দিয়া যাহা অবশেষ থাকিবে, তাহা দ্বারা পিণ্ডস্বর হইবে। ১৯

যথা রসিকমোহন, এই নামের মাত্রা স্বর অ-১ বর্ণস্বর এ-৪ পূর্ব্বোক্ত জীবস্বর অ-১ ইহার যোগ ৬, ইহা পাঁচ দ্বারা বিভক্ত করিয়া শেষ ১, সুতরাং পিণ্ডস্বর অ-১।

## যোগস্বর।

মাত্রাদি বর্ণভেদেন স্বরমুৎপাদ্য যত্নতঃ।
যোগে শরহৃতে তত্র শেষো যোগস্বরো মতঃ॥ ২০॥

নামের মাত্রা ও বর্ণসমুদায় হইতে স্বর উৎপাদন করিয়া তাহার সমষ্টি করিবে, অর্থাৎ মাত্রা বর্ণ গ্রহ জীব রাশি নক্ষত্র পিণ্ডস্বরের যে সমুদায় অঙ্ক পূর্ব্বোক্ত মতে স্থির হইবে, সেই সকল অঙ্ক একত্র যোগ করিয়া যে সমষ্টি হইবে, তাহাকে পাঁচ দ্বারা বিভক্ত করিয়া যাহা থাকিবে, তাহার নাম যোগস্বর॥২০॥

যেমন রসিকমোহন এই নামের পূর্ব্বপ্রক্রিয়া মতে

মাত্রাস্বর সঙ্খ্যা ১, বর্ণস্বরের সঙ্খ্যা ৪, গ্রহস্বরের সঙ্খ্যা ৪, জীবস্বরের সঙ্খ্যা ১, রাশিস্বরের সঙ্খ্যা ৩, নক্ষত্রস্বরের সঙ্খ্যা ৩, পিণ্ডস্বরের সঙ্খ্যা ১, এই সমস্ত অঙ্ক যোগ করিলে ১৭ হয়। ইহাকে ৫ পাঁচ দ্বারা ভাগ দিলে অবশিষ্ট ২ থাকে। অতএব যোগ স্বর ই স্বর, উহার সঙ্খ্যা ২।

প্রোক্তা নৈসর্গিকাশ্চাষ্টৌ মাত্রাদ্যা নামজাঃ স্বরাঃ।
এতেষামুদয়ান্ বক্ষ্যে দ্বাদশাব্দাদিকালজান্ ॥ ২১ ॥
প্রভবাদিক্রমেণৈষাং স্বরাণামস্বরাদিতঃ।
উদয়ো দ্বাদশাব্দানাং প্রত্যেকং দ্বাদশাব্দিকঃ ॥ ২২ ॥
অস্যান্তরোদয়ো বর্ষমেকং মাসং দিনদ্বয়ম্।
লোকাব্ধিঘটিকাঃ প্রোক্তাশ্চাষ্টত্রিংশৎ পলানি চ ॥২৩॥
১।১।২।৪৩।৩৮।

---

প্রোক্তা ইতি। নামজা নামতো নৈসর্গিকাঃ প্রোক্তাঃ এতেষামষ্টস্বরাণামুদয়ান্ ব্যবহারসংজ্ঞিতান্ কথন্তুতানুদয়ান্ দ্বাদশাব্দিকবর্ষায়নঋতুমাসপক্ষতিথিদণ্ডজান্ ।২১। প্রভবাদীতি। এতেষাং দ্বাদশাব্দানাং প্রভবাদিক্রমেণ ষষ্টিসম্বৎসরে স্বরাণামকারাদীনাং প্রত্যেকং দ্বাশাব্দিক উদয়ো ভবতি। তত্র প্রভবাদিদ্বাদশবর্ষে অকারোদয়ঃ। ততো দ্বাদশদ্বাদশাংশং কৃত্বা চতুর্ণামিকারাদীনামুদয়ঃ। প্রভববর্ষপ্রবৃত্তৌ রত্নমালায়াং শ্রীপতিঃ।

তপসি খলু দাসাবুদ্গমং যাতি মাসি প্রথমলবগতঃ সন্ বাসবে বাসবে জ্যঃ। নিখিলজনহিতার্থং বর্ষবৃন্দে বরিষ্ঠঃ প্রভব ইতি স নাম্না জায়তেঽব্দস্তদানীমিতি। ব্যবহারসময়ে। দ্বাদশাব্দিকে কস্যোদয়ঃ কস্য চান্তরোদয়ঃ এতজ্জ্ঞানার্থং রত্নমালাশ্লোকো লিখ্যতে।

শকেন্দ্রকালঃ পৃথগাকৃতিঘ্নঃ শশাঙ্কনন্দাশ্বিযুগৈঃ সমেতঃ।
শরাদ্রিবস্বিন্দুহৃতঃ সলব্ধঃ ষষ্ট্যাপ্তশিষ্টঃ প্রভবাদয়োঽব্দাঃ ॥

বিবেচনং যথা শকবর্ষাঃ ১৪১২ চৈত্রশুক্লিঃ ১ শকবর্ষ ১৪১২ অপরস্থানস্থে দ্বাবিংশতি২২ গুণিতো বৃত্তঃ ৪৩১০৬৪ এতদেব শশাঙ্কাদি ৪২৯১ সমেতবৃত্তঃ ৩৫৩৫৫ অত্র শরাদ্রিবস্বিন্দু ১৮৭৫ লব্ধবর্ষাঃ ১৮ শেষং ১৬০৫ দ্বাদশগুণিতম্ এতৎ ১৯২৬০ অত্র লব্ধমাসাঃ ১০ শেষং ৫১০ ত্রিংশদ্গুণিতমেতৎ ১৫৩০০ অত্র লব্ধদিনং ৮ শেষং ৩০০ ষষ্টিগুণিতে ১৮০০ অত্র লব্ধদণ্ডাঃ ৯ শেষং ১১২৫ ষষ্টিগুণিতে ৬৭৫০০ অত্র লব্ধপলং ৩৬ এবং লব্ধ বর্ষ ১৮ মাস ১০ দিন ৮ দণ্ড ৯ পল ৩৬ এতৎসহিতশকবর্ষ ১৪৩০ অত্র ষষ্ট্যা শেষিতে অবশিষ্টবর্ষ ৫০।১০।৮।৯।৩৬ অথ দ্বাদশাব্দিকস্বরজ্ঞানার্থং দ্বাদশ-

মাত্রাস্বর প্রভৃতি অষ্টবিধ নৈসর্গিক স্বর কথিত হইল। এক্ষণে প্রত্যেক দ্বাদশ বৎসরে যেরূপে এই সকল স্বরের উদয় হয়, তাহা বলিতেছি। ২১

অ ই প্রভৃতি পঞ্চস্বরের মধ্যে প্রত্যেক স্বরের উদয় দ্বাদশ বৎসর। ঐ প্রত্যেক দ্বাদশ বৎসর প্রভব, বিভব, শুক্র, প্রভৃতি নামক বৎসর হইতে গণিত হইবে ॥ ২২

এক এক স্বরের উদয় কালের অর্থাৎ প্রত্যেক দ্বাদশ বৎসরের মধ্যে উক্ত পঞ্চস্বরের অন্তর্গত প্রত্যেক স্বরের যথাক্রমে ১ বৎসর ১ মাস ২ দিন ৪৩ দণ্ড ৩৮ পল ১ বিপল করিয়া ভোগ হয় ॥ ২৩

প্রত্যেক স্বরের দ্বাদশ বার্ষিক উদয় যেরূপে হইবে, তাহা নিম্নে লিখিত হইতেছে। অস্বরে প্রভব ১ বিভব ২ শুক্র ৩ প্রমোদ ৪ প্রজাপতি ৫ অঙ্গিরা ৬ শ্রীমুখ ৭ ভাব ৮ যুবা ৯ ধাতা ১০ ঈশ্বর ১১ বহুধান্য ১২। ইস্বরে প্রমাথী ১৩ বিক্রম ১৪ বৃষ ১৫ চিত্রভানু ১৬ স্বর্ভানু ১৭ দারুণ ১।০

---

ভাগে গৃহীতে লব্ধভুক্তস্বরঃ পঞ্চমঃ ওকারো বর্ত্তমানস্তস্য ভুক্তবর্ষঃ ২।১০।৮।৯।৩৬ এবং চৈত্রপূর্ব্বসময়ে প্রথমজ্যৈষ্ঠস্য দিন ২১ দণ্ড ৫০ পল ২৪ অত্রৈকপঞ্চাশদ্বর্ষপ্রবৃত্তিস্তেন দ্বাদশাব্দিক ওকারস্বরোদয়ঃ। অত্র স্বরাদিষু ভুক্তে অন্তরোদয়োঽগ্রে ব্যক্তো ভবিষ্যতি ।২২। অস্যান্তরোদয় ইতি। অস্য দ্বাদশাব্দস্যান্তরোদয় একাদশভাগেন দ্বাদশলব্ধবর্ষাদয়ঃ ১।১।২।৪৩।৩৮ এতদেব বর্ষমেকমিত্যাদি। এতে বর্ষমাসদিনদণ্ডাঃ পলীকর্ত্তব্যাঃ। তদ্যথা বর্ষং দ্বাদশেন সংগুণ্য তত্র দ্বিদশমাসান্ দত্ত্বা ত্রিংশতা গুণ্য তত্রাষ্টৌ দিনানি দত্ত্বা তত্র ষষ্টিগুণিতে নব দণ্ডান্ দত্ত্বা ষষ্ট্যা সংগুণ্য ষট্ত্রিংশদ্ভুক্তস্তরোদয়ঃ সপ্তনাপকৃষ্টভোজ্যপল ৩৭০১৩৭৬ অন্তরোদয়স্য মানপলেন ভাগে গৃহীতে লব্ধং ২ এতেন দ্বাদশাব্দিকঃ স্বর ওকারস্তদাদিক ওকারঃ অকারঃ দ্বৌ স্বরাবন্তরোদয়ে ভুক্তৌ, ইকারো বর্ত্তমানঃ। ভাগশেষং পলং ৮৭৩৭৪০ অস্মিন্নন্তরোদয়মানে পাতিতে ভোগ্যস্য পল ৫৪০০৭৮ অত্র গতে ষষ্ট্যা উদ্ধৃতে ভুক্তিলব্ধা বর্ষমাসাদয়ঃ। ০।৮।২।৫২।২০ ভোগ্যেন লব্ধা বর্ষাঃ ৫।০।১।১৮ অন্তরোদয়মাসস্য সর্ব্বত্রৈকাদশাংশ এব বর্ষাদি পলীকৃত্য ভুক্তান্তরোদয়জ্ঞানপ্রকারোঽগ্রে। দ্বাদশাব্দস্বরাদীনাং ভুক্তং পলময়স্য যৎ। তদ্ভুক্তং স্বরভোগেন লব্ধং শেষো দ্বিকং ভবেৎ। ইত্যগ্রে বক্ষ্যতি। ইতি দ্বাদশবার্ষিকঃ ॥ ২৩ ॥

পার্থিব ১৯ ব্যয় ২০ সর্ব্বজিৎ ২১ সর্ব্বধারী ২২ বিরোধ ২৩ বিকৃত ২৪।

উ স্বরে খর ২৫ নন্দন ২৬ বিজয় ২৭ জয় ২৮ মন্মথ২৯ দুর্ম্মুখ ৩০ হেমলম্ব ৩১ বিলম্ব ৩২ বিকার ৩৩ শর্ব্বরী ৩৪ প্লব ৩৫ শুভকৃৎ ৩৬।

এ স্বরে শোভন ৩৭ ক্রোধ ৩৮ বিশ্বাবসু ৩৯ পরাভব ৪০ প্লবঙ্গ ৪১ কীলক ৪২ সৌম্য ৪৩ সাধারণ ৪৪ বিরোধকৃৎ ৪৫ পরিধারী ৪৬ প্রমাথী ৪৭ আনন্দ ৪৮।

ওস্বরে রাক্ষস ৪৯ নল ৫০ পিঙ্গল ৫১ কালযুক্ত ৫২ সিদ্ধার্থ ৫৩ রৌদ্র ৫৪ দুর্ম্মতি ৫৫ দুন্দুভি ৫৬ রুধিরোদ্গারী ৫৭ রক্তাক্ষ ৫৮ ক্রোধন ৫৯ ক্ষয় ৬০।

ষষ্টি বৎসর কিরূপে আনয়ন করিতে হইবে, তাহা নিম্নে প্রদর্শিত হইতেছে।

শকেন্দ্রকালঃ পৃথগাকৃতিঘ্নঃ
শশাঙ্কনন্দাশ্বিযুগৈঃ সমেতঃ।
শরাদ্রিবস্বিন্দুহৃতঃ সলব্ধঃ
ষষ্ট্যাপ্তশেষে প্রভবাদয়োঽব্দাঃ॥

যে শকের প্রভবাদি বৎসর গণনা করা আবশ্যক, সেই শককে দুই স্থানে রাখিতে হইবে। এক স্থানের অঙ্ককে ২২ বাইশ দ্বারা পূরণ করিয়া, ৪২৯১ চারি হাজার দুই শত একানব্বই সহিত তাহার যোগ করিবে। পরে এই যুক্তাঙ্ককে ১৮৭৫ দিয়া ভাগ করিলে, যাহা লব্ধ হইবে তাহা বর্ষ এবং যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে ১২ বার দিয়া পূরণ করিয়া ঐ ১৮৭৫ দ্বারা ভাগ করিলে লব্ধাঙ্ক মাস, এবং অবশিষ্টাঙ্ককে ৩০ ত্রিশ দিয়া পূরণ করিয়া ১৮৭৫ দিয়া ভাগ করিলে লব্ধাঙ্ক দিন, এবং অবশিষ্টাঙ্ককে ৬০ ষাইট দ্বারা পূরণ করিয়া ১৮৭৫ দিয়া ভাগ করিলে লব্ধাঙ্ক দণ্ড, এবং অবশিষ্টাঙ্ককে ৬০ ষাইট দ্বারা পূরণ করিয়া ১৮৭৫ দিয়া ভাগ করিলে লব্ধাঙ্ক পল, এবং অবশিষ্টাঙ্ককে ৬০ ষাইট দ্বারা পূরণ করিয়া ১৮৭৫ দিয়া ভাগ করিলে লব্ধাঙ্ক বিপল হইবে। এই সমস্ত লব্ধাঙ্কের মধ্যে বর্ষটীর সহিত পূর্ব্বস্থাপিত শকটিকে যোগ করিবে। এবং তাহাকে ৬০ ষাইট দ্বারা ভাগ করিবে। অবশিষ্টাঙ্কই প্রভবাদি বৎসর হইবে, অর্থাৎ ১ এক থাকিলে প্রভব ২ থাকিলে বিভব ৩ থাকিলে শুক্ল ইত্যাদি এবং অবশিষ্ট মাসাদি তাহার পরের বর্ষের গত মাস, দিন, দণ্ড, পল, বিপল, ইত্যাদি। হইবে অর্থাৎ যদি ১।৮।৪।৬।৫ লব্ধ হয় তাহা হইলে ১ অঙ্কে প্রভব বৎসর অতীত হইয়া বিভববৎসরের ৮ মাস ৪ দিন ৬ দণ্ড ৫ পল অতীত হইয়াছে, বিবেচনা করিতে হইবে।

প্রভবাদ্যব্দমেকৈকমুদয়স্তস্বরাদিতঃ।
দ্বাদশাব্দস্য বর্ষোনা তদ্ভুক্তির্বার্ষিকস্বরে॥
অস্বরো দক্ষিণে স্বামী ঈশ্বরশ্চোত্তরায়ণে।
বর্ষভুক্ত্যার্দ্ধমানেন ভোগঃ ষাণ্মাসিকস্বরে॥ ২৫॥

প্রত্যেক স্বরের উদয় যেমন প্রভবাদি ষষ্টি সংবৎসরের মধ্যে দ্বাদশ বৎসর, সেইরূপ প্রত্যেক স্বরের অন্তরো-

---

প্রভবেতি। একৈকং প্রত্যেকং প্রভবাদ্যব্দং অস্বরাদিক উদয়ঃ। প্রভবো বিভবঃ শুক্লঃ প্রমদোঽথ প্রজাপতিরিতি পঞ্চবর্ষাণি অকারাদিপঞ্চস্বরস্থ। এবমগ্রে পঞ্চবর্ষাণি পঞ্চস্বরাণাম্। এবমাব্দিকস্বরে দ্বাদশবারং পুনঃপুনর্ভাগঃ। দ্বাদশাব্দস্যান্তরোদয়ঃ ভুক্তিৰ্ব্বর্ষোনা সতীতি বার্ষিকস্বরে তদ্ভুক্তিরন্তরোদয়ভুক্তিঃ। যথা বর্ষঃ ৯।১।২।৪৩।৩৮ প্রকৃতে ন্যাসো যথা আব্দিকভুক্তবর্ষোদয়ঃ ২।১০।৮।৯।৩৬ অস্ত আব্দিকে ভুক্তাবকারেকারৌ। উকারস্বরো বর্ত্তমানস্তত্র ভুক্তমাসাঃ ১০।৮।৯।৩৬ পলীকৃতোঽন্তরোদয়মানং ১১৭৮১৮ হারকং ভাজ্যপলীকৃত ভুক্তমাসাদি ১১০৯৩৭৬। অত্র হরণাল্লব্ধ ভুক্তস্বর ।৯। দ্বিতীয়াবৃত্তৌ বর্ত্তমান ইকারস্বরো দশমঃ ভাগশেষঃ ৪৯০১৪ গতগম্যো ভোগ্যপল ৬৮৮০৪ অস্মিন্ ষষ্ট্যুদ্ধৃতে লব্ধদিনাদি ১৯।৬।৪৪ ইত্যাব্দিকস্বরঃ। অস্বর ইতি দক্ষিণে দক্ষিণায়নে কর্কটাদি ষণ্মাসে অকারঃ স্বরঃ। ইস্বরঃ ও উত্তরায়ণে মকরাদিষণ্মাসে ইকারঃ ইস্বরঃ। ষাণ্মাসিকস্বরে অয়নস্বরে বর্ষভুক্তেরর্দ্ধমানেন বর্ষে যদ্ভুক্তিমানং তদর্দ্ধমন্তরোদয়ভুক্তিঃ। সাচ মাসাদি ১৬ দণ্ড ২১ পল ৪৯ এতৎ পলীকরণাদ্ধৃত হারক ৬৮৯০৯ চৈত্রশুদি ১ অত্রোত্তরায়ণে ভুক্তমাস ২।২৫ অস্মিন্ পলীকৃতে ৩০৬০০০ হারকে লব্ধস্বর ৪৫ ইকারাৎ ষষ্ঠো দ্বিতীয়াবৃত্তৌ বর্ত্তমান ইকারঃ ভাগশেষঃ ১১৪৫৫ গতগম্যো ৫৭৪৫৪ ষষ্ট্যুদ্ধৃতবৃত্তভোগ্যদিনাদি ১৩।১০।৫৪ এতদনন্তরম্ উকারপ্রবৃত্তিরিতি। অয়নস্বরঃ।২৫॥